



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ : www.jagarandaily.com






JAGARAN ■ 16 October, 2023 ■ আগরতলা ১৬ অক্টোবর ২০২৩ ইং ■ ২৮ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


# উৎসবের মুখে তেলিয়ামুড়া প্রত্যন্ত এলাকায় ম্যালেরিয়ার প্রাদুর্ভাব, আতঙ্কে গিরিবাসীরা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৫ অক্টোবর।।** দীর্ঘ কয়েক বছর পর ফের কি তেলিয়ামুড়া মহকুমা বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব ঘটবে বর্তমান পরিস্থিতি এমনটাই বোঝা যাচ্ছে। হঠাৎ করে ম্যালেরিয়া রোগের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আতঙ্কে দিন কাটাচ্ছেন করছে প্রত্যন্ত অঞ্চল এর গিরিবাসিরা। একদিকে শারদ উৎসবে মাতোয়ার যখন গোটা খোয়াই জেলার স্বাস্থ্য দপ্তর ঠিক তখনই ম্যালেরিয়ার থাবা বসাতে শুরু করল তেলিয়ামুড়া মহকুমার অত্যন্ত অঞ্চল গুলিতে। মুঙ্গিয়াকামি ব্লকের স্বাস্থ্য কেন্দ্রের অধীন ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়ে এক বছরের শিশু থেকে ৬৫ বছরের বৃদ্ধ মহিলা সহ পাঁচজন চিকিৎসাধীন তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে।

ঘটনায় জানা যায় দীর্ঘ এক সপ্তাহের অধিক সময় ধরে জ্বরে আক্রান্ত হয়ে বিনা চিকিৎসায় ঘরে পড়ে রইল বেশ কয়েকজন রিয়াং সম্প্রদায়ের শিশু থেকে বৃদ্ধ মুঙ্গিয়াকামী ব্লকের তুই কর্মা এডিসি ভিলেজের তীর্থমনি এলাকায়। গত দু তিন দিন ধরে তাদের অবস্থা খারাপ দেখে খবর দেওয়া হয় তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের অ্যাম্বুলেন্স কে অ্যাম্বুলেন্স গিয়ে তাদেরকে তীর্থমনি এলাকা থেকে নিয়ে আসে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে চিকিৎসা পরিষেবার জন্য। শুধু তীর্থমনি নয় কাকড়া ছড়া এডিসি ভিলেজেও ম্যালেরিয়া থাবা বসাতে শুরু করেছে। সেখানকার হাজরা পাড়ার নিরেজ জয়




রিয়াং নামে সাত বছরের একটি শিশুর শরীরেও ম্যালেরিয়ার জীবাণু সনাক্ত করা হয়েছে এবং তাকে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে ভর্তি করে চিকিৎসা চলছে। তীর্থমনি এলাকার যারা বর্তমানে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন তাদের নাম হলো এক বছরের শিশুকন্যা লারী রুঙ রিয়াং। পিতা গঙ্গা জয় রিয়াং।

তিন বছরের শিশুকন্যা মারি রুঙ রিয়াং পিতা খজেন্দ্র রিয়াং। তের বছরের সুনীল জয় রিয়াং। এবং ৬৫ বছরের বৃদ্ধ মহিলা মোসলা বতি রিয়াং। এদের পাঁচজনেরই চিকিৎসা চলছে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে। এ ব্যাপারে বলতে গিয়ে গঙ্গা জয় রিয়াং জানান তাদের জর না কমায় খবর দেয় তেলিয়ামুড়া হাসপাতালে এবং সেখান থেকে ই অ্যাম্বুলেন্স গিয়ে তাদের নিয়ে আসে তেলিয়ামু ড়া মহকুম হাসপাতালে। এলাকা সূত্রে জানা যায় দীর্ঘদিন ধরেই ঐ সকল এলাকাগুলিতে কোন ধরনের স্বাস্থ্য শিবির হচ্ছে না। স্বাস্থ্যকর্মীরাও ম্যালেরিয়া জুন বলে আখ্যায়িত একসময়ের বিলাই হাম কাঁকড়াছড়া তীর্থমনি জায়গাগুলিতে এখন আর কোন খোঁজ খবর নিচ্ছে না। তারা এও জানান আরো অনেক বৃদ্ধ থেকে শিশু জরে আক্রান্ত হয়ে গ্রামে পড়ে আছে টাকা পয়সার অভাবে চিকিৎসা পরিষেবা নিতে আসছে না তেলিয়ামুড়া মহুকুম হাসপাতালে। কারণ সেখান থেকে গাড়ি করে তেলিয়ামুড়া হাসপাতালে আসা প্রচন্ড ব্যয়বহুল যা দিন এনে দিন খাওয়া সহজ সরল মানুষ গুলির কাছে দুঃসাধ্য ব্যাপার। উল্লেখ্য ২০১৫-১৬ সালে ওই সকল এলাকাগুলিতে ব্যাপক ম্যালেরিয়ার প্রাদুর্ভাব ঘটেছিল।

মৃত্যু পর্যন্ত ঘটেছিল একাধিক শিশু থেকে বৃদ্ধের। তখনকার সময়ে মহকুমা শাসক শাসকের তত্ত্বাবধানে বেশ কিছু স্বাস্থ্য শিবির অস্থায়ী স্বাস্থ্য শিবির এবং তেলিয়ামুড়া হাসপাতালকে কাজে লাগিয়ে এক প্রকার ম্যালেরিয়া রোগকে নিয়ন্ত্রণ আনার চেষ্টা করেছিল। অনেকাংশে সফলও হয়েছিলেন মহকুমা শাসক। তবে বিগত ৬-৭ বছর ধরে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব তেমন দেখা না গেলেও বর্তমানে ঐ সকল এলাকাগুলিতে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব দেখা দিচ্ছে। সময় থাকতে যদি বর্তমানে ফের একবার ম্যালেরিয়া প্রাদুর্ভাবকে নিয়ন্ত্রণে না আনা হয় তাহলে হয়তোবা ভবিষ্যতে এই মরণব্যাধি ম্যালেরিয়া আরো বড় আকার ধারণ করতে পারে বলে শুভ বুদ্ধি মহলের অভিমত। এদিকে ওই এলাকার বয়োজ্যেষ্ঠরা চিন্তিত কবে নাগাদ তেলিয়ামুড়া মহকুমা প্রশাসন থেকে স্বাস্থ্য শিবিরের ব্যবস্থা করা হবে।

# আইজল যাওয়ার পথে আজ আগরতলা বিমান বন্দরে রাহুল ঃ রাজনৈতিক গুঞ্জন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।।** সোমবার আইজল যাওয়ার পথে রাজ্যের এমবিবি বিমানবন্দরে অবতরন করবেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। কিছুক্ষন সময় এমবিবি বিমান বন্দরের ভিআইপি লঞ্চে থাকবেন তিনি। এদিন সকাল ১০টা ৪৫ মিনিট নাগাদ রাহুল গান্ধীর এমবিবি বিমান বন্দরে অবতরন করার কথা রয়েছে। সেখানে প্রদেশ কংগ্রেসের পাঁচ সদস্যের এক প্রতিনিধি দল এমবিবি বিমানবন্দরে যাবেন রাহুল গান্ধীর সঙ্গে দেখা করতে। জানা গেছে প্রতিনিধি দলে থাকছেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ সহ আরও তিনজন কংগ্রেস নেতা।

উল্লেখ্য সোমবার চার্টার্ড বিমানে আইজল যাচ্ছেন রাহুল গান্ধী। তবে আইজল সফরের মধ্যে আগরতলা এমবিবি বিমানবন্দরে জ্বালানির জন্য তার বিমান অবতরণ করবে। সেখানেই ভিআইপি লঞ্চে রাজ্য নেতৃত্বদের সঙ্গে দেখা করবেন তিনি। তারপরেই তিনি আইজলের উদ্দেশ্যে রওনা দেবেন। সোমবারই বিকেলে তিনি আইজল থেকে ফের এমবিবি বিমানবন্দরে আসবেন। সেখান থেকে চার্টার্ড বিমানেই ফের দিল্লির উদ্দেশ্যে রওনা দেবেন।

তবে এই খবর রাজনৈতিক মহলে ছড়িয়ে পরতেই জোর জল্পনা শুরু হয়েছে। ভোটের মুখে প্রদেশ নেতৃত্বদের সঙ্গে কংগ্রেস নেতার এই সাক্ষাৎ যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছে রাজনৈতিক মহল। একপ্রকার কংগ্রেসকে চাঙ্গা করতে তার এই সফর যথেষ্ট সাহায্য করবে।

# কংগ্রেসের সাংগঠনিক শক্তি বৃদ্ধির উপর জোর ঃ আশীষ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।।** ত্রিপুরা প্রদেশ কংগ্রেসের চারটি বিভাগ অর্থাৎ আদিবাসী কংগ্রেস, তপশিলি জাতি কংগ্রেস, ওবিসি এবং মাইনোরিটি কংগ্রেসের নেতৃত্বদের নিয়ে আজ এক সাংগঠনিক সভার আয়োজন করা হয়। ত্রিপুরা স্টুডেন্ট হেলথ হোমে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী, বিধায়ক সুদীপ রায় বর্মণ সহ অন্যান্যরা। এদিনের এই সভা থেকে প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা বলেন, এই চারটি সংগঠনকে শক্তিশালী করার পাশাপাশি ভবিষ্যৎ কর্মসূচী রূপায়ন ও সাঙ্ঘঠনিক পরিকাঠামোর পুনর্বিন্যাস নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে এদিনের সভায়।



তিনি বলেন এই জাতি গোষ্ঠীর মানুষের অধিকার প্রতিষ্ঠিত করতে গোটা দেশেই আন্দোলন কর্মসূচী হাতে নিয়েছে কংগ্রেস।

এদিনের সভায় বক্তব্য রাখতে গিয়ে সুদীপ রায় বর্মণ শাসক দলের সমালোচনায় মুখর হয়েছেন। তার কথায়, “ বিজেপি একটি সুপার ডুপার হিট ফ্লপ সরকার, তাদের কাছে ভালো কিছুই নেই, কিছুই হচ্ছে না।”তিনি শহরের হাসপাতালগুলির প্রসঙ্গ তুলে এনে বলেন, জিবি হাসপাতালে নতুন নতুন বিভিন্ন পরিষেবার উদ্বোধন করা হচ্ছে। মানুষ মনে করছে এবার নতুন করে হাসপাতালের পরিকাঠামো উন্নয়ন হল, কিন্তু আদতে পরিষেবা কিছুই নেই বলে অভিযোগ করেছেন বিধায়ক। তিনি আরও বলেন, মানুষ কোনো দলকে বর্তমানে বিশ্বাস করতে পারছেনা। বিজেপি কেউ না। এমনকি সিপিআইএম দলকেও মানুষ বিশ্বাস করতে পারছে না। উনার কথায় রাজ্যের মানুষের ভরসা এখন একমাত্র কংগ্রেস।

# জনজাতিদের সার্বিক বিকাশে সরকারের অগ্রাধিকার ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।।** বৈচিত্র্যের মধ্যে ঐক্য আমাদের রাজ্যের চিরন্তন ঐতিহ্য। এই বৈচিত্র্যময় কৃষ্টি, সংস্কৃতি ও পরম্পরার মধ্যেই লুকিয়ে আছে ঐক্যের রূপ। জাতি ও জনজাতিদের পৃথক পৃথক ভাষা, পোশাক থাকা সত্বেও আমরা সবাই এক ও অভিন্ন। দেশ, রাজ্য ও সর্বোপরি সমাজ গঠনে আমরা সবাই ঐক্যবদ্ধ। আজ আগরতলা টাউন হলে সোসাইটি ফর ওয়েলফেয়ার অব মগ সোসাইটি স্টুডেন্টস কর্তৃক আয়োজিত ১৭তম মেধা পুরস্কার ও নবীন বরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী বলেন, রক্তের যেমন কোনও ধর্ম হয় না, তেমনি মানবতারও



কোনও ধর্ম হয় না। আমাদের সর্বপ্রথম পরিচয় আমরা মানুষ। তাই মানুষ হিসেবে আমাদের মানবিক দায়িত্ব রয়েছে। ভিন্ন ভিন্ন কৃষ্টি ও সংস্কৃতি থাকলেও দেশ, রাজ্য ও সমাজের উন্নয়নে আমরা সবাই এক।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের জনজাতিদের সার্বিক কল্যাণে বাস্তবায়িত সরকারের বিভিন্ন উদ্যোগসমূহ তুলে ধরে বলেন,

☛ ৬ এর পাতায় দেখুন

# নাশকতার আগুন থেকে রক্ষা পেল ব্লক ও স্কুল

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৫ অক্টোবর।।** আগুন থেকে অল্পতে রক্ষা পেল বিসি নগর ব্লকের পুরাতন কার্যালয় ও উত্তর বিলোনিয়া স্কুল। জানা যায়, অস্থায়ী ভাবে ভারত চন্দ্র নগর ব্লক কার্যালয়ের পরিত্যক্ত ঘর গুলি দীর্ঘদিন ধরে নেশাকারবারীদের আঁতুর ঘরে পরিণত হয়ে আছে। যার ফলে এক মাসের মধ্যে দ্বিতীয়বার নাশকতার আগুন থেকে অল্পেতে রক্ষা পেল অস্থায়ীভাবে পরিচালিত ব্লক অফিসের পরিত্যক্ত ঘর, বিদ্যালয় ও পাশ্ববর্তী এলাকা।

উত্তর বিলোনিয়া উচ্চ বিদ্যালয়ের কিছু অংশের শ্রেনী কক্ষে ভারত চন্দ্র নগর ব্লকের অস্থায়ীভাবে ব্লক কার্যালয় করা হয়েছিল বাম আমলে। অবশেষে বিগত বছর মনুরমুখ এলাকায় স্থায়ীভাবে কার্যালয় গড়ে তোলার পর সেখানেই নতুন করে যাত্রা শুরু হয় ভারত চন্দ্র নগর ব্লক কার্যালয়টির। বর্তমানে উত্তর বিলোনিয়া স্কুলের ব্লকের ঘরগুলি পরিতক্তভাবে পড়ে আছে। দরজা জানালার সব খোলা থাকে। সন্ধ্যা হতেই সেখানে চলে সমাজদ্রোহীদের উন্মাদনা।এমনই অভিযোগ স্থানীয়দের। প্রশাসনের কোন হেলদোল নেই, সেই সুযোগকে কাজে লাগিয়ে একশ্রেণীর বখাটে নেশাখোর যুবক প্রতিনিয়ত ঘরের ভিতরে নেশার আসর জমায়। একই ঘটনা ঘটলো আবার। এবার ঘরের মধ্যে কিছু বস্তাকে স্তুপ করে আগুন ধরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। নাশকতা কারণে

☛ ৬ এর পাতায় দেখুন

# মণিপুরে আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার বৈরী

**আইজল, ১৫ অক্টোবর (হি.স.) :** মণিপুরে রাজ্য পুলিশের হাতে গ্রেফতার হয়েছে নিষিদ্ধ সংগঠন ‘কাংলেই ইয়াওল কান্না লুপ’ (কেওয়াইকেএল)-এর এক সক্রিয় সদস্য। ভয়ভীতি প্রদর্শন করে তোলা আদায়ের অভিযোগে মণিপুর পুলিশ ইমফল পশ্চিম জেলা থেকে কেওয়াইকেএল-এর এই সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে বলে জানানো হয়েছে। তবে ধৃত কেওয়াইকেএল-এর সক্রিয় সদস্যের নাম-ধাম জানায়নি পুলিশ। পুলিশ জানিয়েছে, তার হেফাজত থেকে একটি ৯ এমএম পিস্তল

☛ ৬ এর পাতায় দেখুন

## মিজোরাম বিধানসভা নির্বাচন

# ক্ষমতাশীন মিজো ন্যাশানাল ফন্ট্রের সঙ্গে এইচপিসি’র জোট বেধে লড়াই

**আইজল, ১৫ অক্টোবর (হি.স.) :** আগামী ৭ নভেম্বর অনুষ্ঠেয় মিজোরাম বিধানসভা নির্বাচনে ‘মার পিপলস কনভেনশন’ (রিফর্মেশন), সংক্ষেপে এইচপিসি (আর)-এর সঙ্গে জোট গঠন করেছে ক্ষমতাসীন মিজো ন্যাশনাল ফ্রন্ট (এমএনএফ)। জোটের জন্য একটি চুক্তিতে স্বাক্ষর করেছেন এমএনএফ-এর সাধারণ সম্পাদক লালমুয়াম্থাঙ্গা ফানাই এবং এইচপিসি (আর) সাধারণ সম্পাদক এইচটি ভুঙ্গা।

চুক্তি অনুযায়ী, আসন্ন বিধানসভা নির্বাচনে দুই দল একসঙ্গে কাজ করার পাশাপাশি এইচপিসি (আর) পূর্ণ সমর্থন দেবে এমএনএফ-কে। এছাড়া মার-অধ্যুষিত সিনলুং পার্বত্য পরিষদীয় এলাকার তিনটি নির্বাচনী ক্ষেত্র যথাক্রমে তুইভাল, চালফিল এবং সেরলুই আসনে এমএনএফ প্রার্থীদের বিজয় নিশ্চিত করতে চুক্তিবদ্ধ হয়েছে এইচপিসি (আর)।

এদিকে এনএফএফ যদি ফের ক্ষমতায় আসে, তা-হলে তৎকালীন আন্ডারগ্রাউন্ড সংগঠন ‘মার পিপলস কনভেনশন’ (ডেমোক্র্যাটিক)-এর সঙ্গে ২০১৮ সালের মেমোরেন্ডাম অব সেটেলমেন্ট (এমওএস) বাস্তবায়নের জন্য পদক্ষেপ নেবে বলে চুক্তিতে স্বাক্ষর করেছে জোরামথাঙ্গার দল (এমএনএফ)। এছাড়া ক্ষমতায় আসলে এমএনএফ সরকার ‘মার পিপলস কনভেনশন’ (ডেমোক্র্যাটিক)-এর প্রাক্তন ক্যাডার বা তাদের পরিবারের সদস্যদের পুনর্বাসন ও চাকরি সহ অন্যান্য কল্যাণমূলক সুবিধা প্রদান করবে, বলা হয়েছে চুক্তিতে।

☛ ৬ এর পাতায় দেখুন

পূজা পরিক্রমা

# নেশার সামগ্রী দিয়ে তৈরি হচ্ছে পূজা মন্ডপ

## নিউস্টার ক্লাব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।।** নেশার কবলে ভাসছে গোটা রাজ্যন ধ্বংসের মুখে যুবসমাজ। প্রতিদিনই পুলিশের জালে ধরা পড়ছে নেশা কারবারিসহ প্রচুর নেশার সামগ্রী। কিন্তু তাতেও কমছে না নেশার সাম্রাজ্য। নেশার বুদ হয়ে বহু ছেলে মেয়ে হারিয়ে যাচ্ছে তাদের কৈশোর যৌবন। সরকার এর বিরুদ্ধে প্রতিনিয়তই যুদ্ধ ঘোষণা করছে। আওয়াজ তুলছে নেশা মুক্ত ত্রিপুরা গড়ার। কিন্তু কে শুনছে কার কথা। সকলের সম্মিলিত প্রয়াসী এই ধরনের মারণব্যাধি হাত থেকে যুব সমাজকে রক্ষা করতে পারে এই ভাবনা নিয়েই এবারের পূজোর আয়োজন আগরতলার উজান অভয়নগর এর নিউ স্টার ক্লাবের। উৎসবের দিনেই মানুষের আনন্দের পাশাপাশি অন্ধকার থেকে মুক্তির বার্তা দিতে এই আয়োজন বলে জানালেন ক্লাব সম্পাদক বিপ্লব ঘোষ চৌধুরী। এবার পুজোয় তারা দেখানোর চেষ্টা করছে কিভাবে নেশা গ্রাস করে নিচ্ছে এক একটি তত্ত্ব তাজা প্রাণ। তারা চাইছে এই অন্ধকার আচ্ছন্ন জীবন থেকে মানুষকে মুক্তি দিতে। মানুষ যাতে এই বিষয়গুলি দেখার পর ভয়ংকর নেশার থেকে বিরত থাকে সেটাই তাদের লক্ষ্য। গোটা রাজ্যে ছড়িয়ে পড়ুক এই বার্তা জানালেন ক্লাব সম্পাদক। তাই এবারের পূজো প্যান্ডেলে ব্যবহার করা হচ্ছে নেশার বিভিন্ন সামগ্রী। ইনজেকশনের সিরি ঞ্জ সিরিঞ্জ থেকে শুরু করে ইয়াবা ট্যাবলেট ব্রাউন সুগারের মত মারণদায়ক নেশার সামগ্রী নানা ধরনের জিনিস দিয়ে তৈরি করে তা দিয়েই প্যান্ডেল তৈরি করা হচ্ছে। এমন অনেক নেশা সামগ্রী আছে যা মানুষ অনেকেই জানেন না। কিন্তু যারা নেশা করে তাদের কাছে অজানা নয়। তাই এই সমস্ত জিনিসগুলি সম্পর্কে মানুষ জেনে তার পরিণতি কতটা ভয়ংকর হতে পারে তাও দেখানো হবে পুজো মন্ডপে। এই সমস্ত মারণব্যাধী নেশার বিরুদ্ধে

☛ ৬ এর পাতায় দেখুন




জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ১৫ ▫১৬ অক্টোবর ২০২৩ ইং▫ ২৮ আশ্বিন ▫ সোমবার ▫১৪৩০ বঙ্গাব্দ

## প্রশংসায় পঞ্চমুখ

গত আগস্ট মাসে কাশ্মীরের মানবাধিকার পরিস্থিতির প্রশংসা করিয়াছিলেন একদা 'মোদি বিরোধী' হিসাবে পরিচিত জেএনইউ-র প্রাক্তন ছাত্রনেতা তথা মানবাধিকার কর্মী শেহলা রশিদ। এবার হামাস-ইজরায়েল যুদ্ধের প্রসঙ্গ টানিয়া কাশ্মীরের দীর্ঘমেয়াদ শান্তি ও নিরাপত্তায় ভারত সরকারের উদ্যোগের প্রশংসা করিলেন নেত্রী। ধন্যবাদ জানাইলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি , স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও জম্মু-কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নরকে।২০১৬ সালে কুখ্যাত 'টুকরে টুকরে গ্যাং'-এ কানাহাইয়া কুমার, উমর খালিদের সঙ্গে নাম জড়ায় শেহলার। ২০১৯ সালে এক টুইটে অভিযোগ করিয়াছিলেন, কাশ্মীরে আমজনতার উপর জুলুম চালাইয়া ভয়ের পরিবেশ তৈরি করিতেছে সেনা। উপত্যকা থেকে ৩৭০ ধারা বাতিলের বিরুদ্ধে মামলা করিয়াছিলেন। যদিও পরে ওই মামলা থেকে নিজেকে সরাইয়া নেন। সেবারই প্রথমবার মোদি বিরোধী অবস্থান থেকে সরিয়া যান তিনি। জানান, মানবাধিকার রক্ষার ক্ষেত্রে কাশ্মীরের পরিস্থিতি আগের তুলনায় অনেক উন্নত হইয়াছে।এবার হামাস-ইজরায়েল যুদ্ধের আবহ শেহলা সোশাল মিডিয়ায় লিখেন, "মধ্যপ্রাচ্যের অবস্থা দেখুন, আজ বুঝিতে পারিতেছি আমরা ভারতীয়রা কতটা ভাগ্যবান। ভারতীয় সেনাবাহিনী আমাদের নিরাপত্তার জন্য তাহাদের সর্বস্ব উৎসর্গ করিয়াছে। এই টুইটেই কাশ্মীরে শান্তি ফেরানোয় প্রধানমন্ত্রী মোদি, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং ও জম্মু-কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নরকে ধন্যবাদ জানাইয়য়াছেন তিনি।উল্লেখ্য, হামাসকে পালটা মার দিতে গাজা স্ট্রিপকে অবরুদ্ধ করিয়াছে ইজারায়েল। সেখানে জল, বিদ্যুৎ বন্ধ করার পাশাপাশি মুহুর্মুহু হামলা চালাইতেছে নেতানিয়াহুর বায়ুসেনা। বোমা ফেলিয়া গুঁড়াইয়া দেওয়া হইতেছে এলাকার পর এলাকা। প্রশ্ন উঠিয়াছে মানবাধিকার নিয়া। শেহলা এক্স হ্যান্ডেলে লেখেন, "নাগরিকের প্রাথমিক নিরাপত্তা ছাড়া কোনও এলাকায় শান্তি ফেরানো অসম্ভব। মধ্যপ্রাচ্যের বিপন্ন পরিস্থিতি এই বিষয়টিকে চোখে আঙুল দিয়া দেখাইয়া দিতেছে।"কথা বলিতেতে গিয়ে জন্ম-কাশ্মীর পুলিশেরও ভূয়সী প্রশংসা করেন শেহলা।

## তামিলানড়ুর আন্না বিশ্ববিদ্যালয়ে প্রাক্তন রাষ্ট্রপতি এপিজে আবদুল কালামের মূর্তি উন্মোচন স্ট্যালিনের

চেন্নাই, ১৫ অক্টোবর (হি.স.) : তামিলানড়ুর আন্না বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রাক্তন রাষ্ট্রপতি এপিজে আবদুল কালামের মূর্তি উন্মোচন করলেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন।

রবিবার আন্না বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ এপিজে আবদুল কালামের জন্মদিন উপলক্ষে তাঁর মূর্তি উন্মোচন করেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী। স্টালিন 'ভারতের মিসাইল ম্যান' কে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। তামিলনাড়ুতে মুখ্যমন্ত্রীর দফতর এক্স-এ লেখেন, আজ ডাঃ এপিজে আব্দুল কালামের জন্মবার্ষিকী উপলক্ষে জনসংযোগ দফতর কালামের একটি নবপ্রতিষ্ঠিত মূর্তি উদ্বোধন করে।

একদিন আগে ইসরোর চেয়ারম্যান ডক্টর এস সোমনাথ, জেলা কালেক্টর পি বিষ্ণুশন্দ্রন, রামানাথপুরমের সাংসদ নবস্কানি এবং আবদুল কালামের পরিবার রামেশ্বরমের বিখ্যাত ব্যক্তিত্বকে শ্রদ্ধা জানিয়েছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুও রাষ্ট্রপতি ভবনে প্রাক্তন রাষ্ট্রপতি কালামকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও ডক্টর কালামকে শ্রদ্ধা জানিয়েছেন।

## উত্তরপ্রদেশের হামিরপুরে সড়ক দুর্ঘটনায় মুখ্য কনস্টেবল সহ মৃত দুই

হামিরপুর, ১৫ অক্টোবর (হি.স.) : উত্তরপ্রদেশের হামিরপুরে সড়ক দুর্ঘটনায় মুখ্য কনস্টেবলসহ দুজনের মৃত্যু হয়েছে। রবিবার উত্তরপ্রদেশের হামিরপুরের কানপুর-সাগর জাতীয় সড়কে ঘটমপুর শহরের কুশমাণ্ডা মাতার মন্দিরের কাছে একটি পথ দুর্ঘটনায় প্রধান কনস্টেবল সহ দুই জনের মৃত্যু হয়েছে। একটি বাইকের সঙ্গে ডাম্পারের সংঘর্ষে দুর্ঘটনাটি ঘটে।

দুর্ঘটনার পর জাতীয় সড়কে যানজটের সৃষ্টি হয়। পুলিশ এসে যান চলাচল স্বাভাবিক করে। মৃতের নাম সন্তোষ কুমার (৫২),সিদ্দান(৪৫) ও আরও একজন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে যান ঘাটমপুর কোতোয়ালির ইন্সপেক্টর বিক্রম সিং এবং তহসিলদার সঙ্গীতা যাদব। পুলিশ দুজনের মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। ঘটনাস্থলে বিক্ষুব্ধ জনতা ডিভাইডারের দাবিতে অনেকক্ষণ বিক্ষোভ দেখায়। তহসিলদার সঙ্গীতা যাদব ঘটনাস্থলে পৌঁছে গ্রামবাসীদের বিক্ষোভ থামিয়ে পরিস্থিতি শান্ত করেন। ডাম্পারটিকে বাজেয়াপ্ত করেছে পুলিশ।

## জম্মু কাশ্মীরের রাজৌরিতে ল্যান্ডমাইন বিস্ফোরণে আহত জওয়ান

শ্রীনগর, ১৫ অক্টোবর (হি.স.) : জম্মু কাশ্মীরের রাজৌরি জেলায় ল্যান্ডমাইন বিস্ফোরণে একজন সেনা জওয়ান আহত হয়েছেন। রবিবার রাজৌরি জেলার নিয়ন্ত্রণ রেখার কাছে এই বিস্ফোরণটি হয়। পুলিশ সূত্রে এই তথ্য জানা গিয়েছে। আহত জওয়ানকে স্থানীয় সামরিক হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর বিমানে করে উধমপুর কমান্ড হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

এক সেনা আধিকারিক জানিয়েছেন, রাইফেলম্যান গুরচরণ সিং নওশেহরা সেক্টরের কালসিয়ান গ্রামে টহল দিচ্ছিলেন। সৈন্যের পা ভুলবশত একটি ল্যান্ডমাইনে পড়ে যায়, তারফলেই তিনি আহত হন। তাঁকে প্রথমে স্থানীয় সামরিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর তাঁকে বিশেষ চিকিৎসার জন্য কমান্ড হাসপাতাল উধমপুরে নিয়ে যাওয়া হয়। আধিকারিক আরও জানিয়েছেন, ভারতীয় সীমান্তে অনুপ্রবেশের চেষ্টা ঠেকাতে জম্মু ও কাশ্মীরের নিয়ন্ত্রণ রেখার কাছে ল্যান্ডমাইন ব্যবহার করা হয়। কখনো কখনো বৃষ্টির কারণে ল্যান্ডমাইন মাটিতে ওপরের দিকে উঠে এসে বিস্ফোরণ ঘটায়।

## জলপাইগুড়িতে জালে আটকে পড়ল ১২ ফুটের বিশালাকার অজগর

চালসা, ১৫ অক্টোবর (হি.স.): জলপাইগুড়িতে জালে আটকে পড়ল বিশালাকার অজগর। রবিবার মেটেলি ব্লকের উত্তর ধূপঝোরা বহরধুরা এলাকায় প্রায় ১২ ফুট লম্বা এক বিশালাকার অজগর আটকে পড়ে জালে। জাল কেটে অজগরটিকে উদ্ধার করে গরুমারার জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।

# অধ্যাপক স্বামীনাথন শুধু সবুজ বিপ্লবের প্রবাদপ্রতিম বিজ্ঞানীই নন, প্রকৃত অর্থে তিনি ছিলেন বিজ্ঞান সাধক

নিত্যানন্দ ঘোষ

তিনি ছিলেন জীবন্ত কিংবদন্তী। ইংরেজিতে বলে লিভিং লেজেন্ড। খর্বকায়ও নন অথবা দীর্ঘাঙ্গীও নন, অথচ তাঁর সারাজীবনের কাজের সীমা ছিল গগনচুম্বী। সৃষ্টিজগতের অসাধারণ উচ্চতার মানুষ হয়েও তিনি ছিলেন মাটির কাছাকাছি। ভারতবর্ষের সবুজ বিপ্লবের প্রবাদপ্রতিম বিজ্ঞানী অধ্যাপক ড় মনকম্বু সম্বশিভন স্বামীনাথন (সংক্ষেপে এম এস স্বামীনাথন)-এর জীবনদীপ নির্বাপিত হয় চেন্নাইয়ের বাসভবনে বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর ২০২৩) সকাল ১১টা ১৫ মিনিটে। পৃথিবীখ্যাত এই জিন-বিজ্ঞানীকে (উদ্ভিদজিন বিশেষজ্ঞ) বলা হত 'দ্য ফাদার অব ইন্ডিয়া'স গ্রিন রেভোলিউশন বা "ভারতবর্ষের সবুজ বিপ্লবের জনক"। তাঁর অন্তরাত্মা মানবউন্নয়নে সাড়া দিত এবং সেই কল্পে তিনি নিজেকে উদ্ভিদজিন তত্ত্বে উৎসর্গ করতে তীব্র আবেগ অনুভব করতেন। ভারতবর্ষের সবুজ বিপ্লবের জনক অসাধারণ এই বিজ্ঞানীর সংস্পর্শে আসার সুযোগ ঘটেছিল। সেই বিরল অভিজ্ঞতা পাঠকের সঙ্গে ভাগ করে নেব। তার আগে জেনে নেওয়া যাক আসমুদ্র হিমাচলে তাঁর বিপুল কাজের ব্যাপ্তির কথা। জীবনের শেষদিন পর্যন্ত (৯৮ বছর বয়সে তাঁর মৃত্যু হয়) তিনি মানবকল্যাণের কাজে নিয়োজিত ছিলেন।

গত শতাব্দীর ছয়ের দশকে ভারতবর্ষে খাদ্য সংকট তীব্র আকার ধারণ করেছে। পশ্চিমবঙ্গে বামপন্থীরা সেই সময় খাদ্যের দাবিতে রাজ্যজুড়ে ব্যাপক আন্দোলন গড়ে তুললেন। নগর কলকাতায় ২৯ মার্চ ১৯৬৬ সালে কলকাতার মনুমেন্ট ময়দানে দু'লক্ষাধিক মানুষের যে সমাবেশ বামপন্থীরা সংগঠিত করেছিলেন তা বানচাল করতে তৎকালীন কংগ্রেস সরকার মিছিলে গুলি চালালে বহু মানুষ হতাহত হন। অধ্যাপক স্বামীনাথন ষাটের দশকের মধ্যভাগেই ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউটের ডিরেক্টর। তার আগে কাজ করেছেন কটকের সেন্ট্রাল রাইস রিসার্চ ইনস্টিটিউটে (সিআরআরআই)। তিনি ১৯৬৪ সালে ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট (আইএআরআই)-এ মার্কিন কৃষিবিজ্ঞানী নরমান বোরলগ-এর সঙ্গে দেখা করে গমের খেত দেখালেন। স্বয়ংভর হল। দেশে তখন গমের উৎপাদন যা হত তা দেশের মানুষের খাদ্য জোগানের পক্ষে যথেষ্ট ছিল না। বহু মানুষকেই অভুক্ত হয়ে থাকতে হত। বিজ্ঞানী বোরলগের সঙ্গে অধ্যাপক স্বামীনাথনের সংযোগ অবশ্য বহু আগে থেকেই ছিল। তাঁর (ডি বোরলগের আবিষ্কৃত উচ্চ ফলনশীল খর্বকায় গমের এক ভ্যারাইটি মেক্সিকোতে তখন চাষ হচ্ছে। অধ্যাপক স্বামীনাথন ভারতবর্ষের তৎকালীন কংগ্রেস সরকারকে বোঝাতে সক্ষম হলেন যে পরীক্ষামূলকভাবে সেমি - ডোয়ার্ক ওই গমের ভ্যারাইটি পাঞ্জাব, দিল্লি, কানপুর, পন্থনগর ও ওয়েলিংটনে বুনে পর্যবেক্ষণ করার। উৎপাদকরা পরীক্ষায় দারুণভাবে সফল হলেন। পাঞ্জাব কৃষি বিশ্ববিদ্যালয় প্রতি হেক্টরে গড় উৎপাদন ৪,৬৯০ কেজি করে হচ্ছে উচ্চফলনশীল বীজ থেকে করে দেখালেন । অথচ স্থানীয় গমের ভ্যারাইটি থেকে উৎপাদন হত হেক্টর প্রতি৩,২৯১ কেজি।

কেন্দ্রের কংগ্রেস সরকারের কৃষিমন্ত্রী সি সুব্রহ্মমণিয়ম ১৯৬৫ সালে মেক্সিকোর ওই গমের বীজ ২৫০ টন আমদানির আদেশ (অর্ডার) দিলেন। স্মরণে থাকতে পারে যে ১৯৬৫-র আগে ৫০ কোটি ভারতীয় জনসংখ্যার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র থেকে গম আমদানি করতে হত। ভারতবর্ষে তখন যা গম উৎপাদন হত সবুজ বিপ্লবের পরে মাত্র কয়েক দশকেই তা দশগুণ বৃদ্ধি পেল। ভারতবর্ষ তখন এমন এক দেশ যে দেশের মানুষ যেন বেঁচে ছিলেন আমদানিকৃত শস্যদানা সরাসরি 'জাহাজ থেকে মুখে' এই অবস্থায়। সেই সমস্যার সমাধান করলেন অধ্যাপক স্বামীনাথন। গম উৎপাদনে দেশ

তামিলনাড়ুর তাঞ্জাভুর জেলার কুম্বকোনামে তাঁর জন্ম ৭ আগস্ট ১৯২৫ সালে। বাবা ছিলেন স্বাধীনতা সংগ্রামী। জীবন হয়ত অন্য খাতে বয়ে যেত কিন্তু ১৯৪৩-র মন্বন্তর (বাংলার মন্বন্তর) তাঁর জীবনকে কৃষি বিজ্ঞানে পাঠ নিতে ধাবিত করল। প্রথমে কোয়েম্বত্তুরের এগ্রিকালচারাল কলেজ থেকে স্নাতক ও পরে ১৯৪৯ সালে নয়াদিল্লির ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট থেকে সাইটোজেনেটিক্স-এ স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। এরপর কেমব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট (পিএইচডি) লাভ। বিদেশে থাকাকালীনই জীবনসঙ্গিনীর সঙ্গে পরিচয় ও পরে পরিণয়সূত্রে আবদ্ধ হওয়া। পোস্ট ডক্টরাল গবেষণা ১৯৫৪ সালে উইসকনসিন বিশ্ববিদ্যালয় থেকে। দেশে ফিরে সিআরআরআই (কটক)-এ যোগদান। পরে আইএআরআই-এ এবং সেখানেই ১৯৬৬ সালে ডিরেক্টর হন। এরপর ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ (আইসিএআর)-এ জেনারেল পদে দায়িত্ব সামলেছেন।

কৃষি মন্ত্রকের সচিব পদ অলঙ্কৃত করেছেন ১৯৭৯ সালে। ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর দ্য কনজারভেশন অব নেচার অ্যান্ড ন্যাচারাল রিসোর্সেস ই (আইইউসিএন)-এর সভাপতি পদে আসীন ছিলেন ১৯৮৮ সালে। তিনি প্রথম গু ওয়ার্ল ফুড প্রাইজ পান ১৯৮৭ সালে এবং রমন ম্যাগসাইসাই পুরস্কার পান ১৯৭১ সালে। শান্তিস্বরূপ ভাটনগর (ভারতবর্ষে বিজ্ঞান গবেষণার শ্রেষ্ঠ পুরস্কার) পান ১৯৬১ সালে এবং বিজ্ঞানে বিশ্বের অ্যালবার্ট আইনস্টাইন পুরস্কার পান ১৯৮৬ সালে। ভারতরত্ন ছাড়া তিনি ১৯৬৭ সালে পদ্মশ্রী, ১৯৭২ সালে পদ্মভূষণ এবং ১৯৮৯ সালে পদ্মবিভূষণ পুরস্কারে সম্মানিত হয়েছেন। ইন্দিরা গান্ধি ১৯৮০ সালে পুনরায় প্রধানমন্ত্রী পদে আসীন হলে অধ্যাপক স্বামীনাথনকে প্ল্যানিং কমিশনের সদস্য করেন। পরে তিনি কমিশনের ডেপুটি চেয়ারম্যানও হয়েছেন।

একই সঙ্গে বিজ্ঞান গবেষণা ও অ্যাডমিনিস্ট্রেটিভ কাজ, দুই ভিন্নধারার টি কাজ সামলেছেন। তিনি তাঁর পুরস্কারে - অর্থমূল্যে ১৯৮৮ সালে চেন্নাইয়ে তৈরি করেন এম এস স্বামীনাথন রিসার্চ ফাউন্ডেশন (এম এস এস আর এফ)। এই হ ফাউন্ডেশন সারা দেশ জুড়ে এক নেটওয়ার্কের মধ্য দিয়ে বিজ্ঞানের (বেসিক সায়েন্স) ছাত্রছাত্রীদের দিয়ে নানা দিক নিয়ে এ গবেষণা করে থাকে। সমগ্র দেশ জুড়েই হ তাঁর বহু ছাত্রছাত্রী বিজ্ঞান গবেষণায়

নিয়োজিত। তিনি এম এস এস আর এফ- এর মধ্য দিয়ে ইয়ুথ সায়েন্স কংগ্রেস শুরু করেন। প্রথম কংগ্রেস চেন্নাইয়ে সংগঠিত হয় ২০০৯ সালে। এই কংগ্রেসে এই প্রতিবেদক ও প্রতিবেদকের বন্ধু নুর মহম্মদ পেপার পড়েছিল। ইয়ুথ সায়েন্স কংগ্রেসটি হয়েছিল চেন্নাইয়ে (জুন ৫-৭, ২০০৯), রাজীব গান্ধি ন্যাশনাল ইনস্টিটিউট ফর ইয়ুথ ডেভলপমেন্ট কমপ্লেক্সে। এই সময়েই দেখেছিলাম পুরো তিনদিন তিনি যতক্ষণ সেমিনার হয়েছে ততক্ষণ বসে থেকেছেন। তাঁর লেকচার শোনার সুযোগও হয়েছিল। এরপর তিনি এই অর্বাচীনদের সঙ্গে গল্পেও মেতেছিলেন। তাঁর সঙ্গে ছবি তোলারও সুযোগ করে দিয়েছিলেন। ইয়ুথ সায়েন্স কংগ্রেসে যুবরা ছাড়াও কলেজ, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, কেন্দ্রীয় প্রতিষ্ঠানের বিজ্ঞানীরাও অংশ নেন।

পঞ্চম ইয়ুথ কংগ্রেসেও (যেটি শান্তিনিকেতনে অনুষ্ঠিত হয় এবং তৎকালীন ভারতের রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় উদ্বোধন করেন) এই প্রতিবেদক ও নুর মহম্মদ যৌথভাবে পেপার সাবমিট করেছিল। ডিসেম্বর ৬-৯, ২০১৩-তে পঞ্চম ইয়ুথ কংগ্রেস অনুষ্ঠিত হয়। লেকচার দেওয়ার সময় এই প্রতিবেদকের সামনে অধ্যাপক স্বামীনাথ বসেছিলেন। লেকচার সম্পূর্ণ হওয়ার পর তিনি বেশ কয়েকটি প্রশ্ন করেছিলেন। পেপারের বিষয় ছিল সুন্দরবনের জীববৈচিত্র্য ধ্বংসের মূল কারণ মনুষ্যঘটিত (অ্যানথ্রোপজেনিক ফ্যাক্টরস)। তাঁর প্রশ্ন ছিল, সুন্দরবনের ধ্বংস রোধে পশ্চিমবঙ্গ সরকারকে কি জানানো হয়? উত্তর ছিল-- বিভিন্ন সাময়িক পত্রে ও দৈনিকে লিখে

সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি জানালেন, তাঁর সঙ্গে যৌথভাবে পশ্চিমবঙ্গ সরকারের কাছে সুন্দরবন ধ্বংসের বিরুদ্ধে প্রতিবাদপত্র দেওয়া হলে প্রতিবেদক রাজি আছে কিনা। উত্তর ছিল-- অবশ্যই রাজি। না, কোনও পক্ষ থেকে সে কাজ আর করা হয়ে ওঠেনি। পরে অবশ্য তিনি অধ্যাপক অমলেশ চৌধুরীর সঙ্গে তাঁর মা-র (অধ্যাপক চৌধুরীর) নামে সাগরে অবস্থিত গবেষণা কেন্দ্রের সঙ্গে সুন্দরবন নিয়ে গবেষণায় এমএসএসআর ফাউন্ডেশনকে যুক্ত করেছিলেন। সুন্দরবন নিয়ে কাজ করে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে সেন্ট্রাল ইনল্যান্ড ফিসারিজ রিসার্চ ইনস্টিটিউট-এর প্রিন্সিপ্যাল সায়েন্টিস্ট ড় কুমুদ নস্কর (প্রয়াত) ও অধ্যাপক নির্মল সমাজপতির (কলকাতা বিশ্ববিদ্যালয়) অধীনে কাজ করে পিএইচডি থিসিসটি জার্মান থেকে ল্যাপ ল্যাম্পবার্ট প্রকাশনা সংস্থা থেকে ২০১৩-র জুলাইয়ে বই হিসাবে প্রকাশ হয়। বইটি অধ্যাপক স্বামীনাথনকে দেখালে তিনি খুশি হন এবং বইটি পেতে আগ্রহী হলে একটিমাত্র কপি থাকায় প্রতিবেদক সেটি তাঁকে দিতে পারেননি। পরে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিদ্যার প্রবাদপ্রতিম অধ্যাপক অরুণকুমার শর্মাকে (প্রতিবেদকের শিক্ষক) ঘটনাটি জানালে তিনি বলেছিলেন, কেন বাপু তুমি তো ওটি অধ্যাপক স্বামীনাথনকে দিতে পারতে। এটি স্যারের কাছে শুনে লজ্জাবনত হওয়া ছাড়া উপায় ছিল না।

ইউপিএ জমানায় অধ্যাপক স্বামীনাথন শস্যের সহায়ক মূল্য নির্ধারিত করেন। কেন্দ্রের ইউপিএ সরকার শস্যের সহায়ক মূল্য নির্ধারণের জন্য অধ্যাপক স্বামীনাথনকে চেয়ারম্যান করে এক সদস্যের কমিশন গঠন করে। তিনি সেই দায়িত্ব পালন করে জানিয়েছিলেন, উৎপাদনের সব ব্যয় ধরে, গড় ব্যয়ের উপর ৫০ শতাংশ বেশি মূল্য শস্য বিক্রিতে সরকারকে দিতে হবে যাতে কৃষক মিনিমাম সাপোর্ট প্রাইস (এমএসপি) বা ন্যূনতম সহায়ক মূল্য পেতে পারে। তিনি যেভাবে হিসাব কষেছিলেন সেই সংকেত (ফর্মুলা) ছিল-- সি২, ৫০ু। সি২ অর্থে তিনি বুঝিয়েছিলেন মূলধনের সঙ্গে কৃষির যন্ত্রপাতি সহ আনুষঙ্গিক খরচ, জমির ভাড়া সহ আরও ৫০ শতাংশ বেশি মূল্য দিতে হবে। অধ্যাপক স্বামীনাথন পৃথিবী থেকে বিদায় নিলেন অথচ কৃষকের কাছে এমএসপি এখনও অধরা। ইউপিএ সরকার বা বর্তমানে সংঘ ঘনিষ্ঠ বিজেপি পরিচালিত এনডিএ সরকার কেউই এখনও পর্যন্ত এমএসপি লাগু করেনি।

প্রথম সবুজ বিপ্লবের রেশ যে আর ডিভিডেন্ট দিচ্ছে না সেটি তিনি বহু আগেই বুঝতে পেরেছিলেন। তিনি দ্বিতীয় সবুজ বিপ্লবের কথাও বলেছিলেন। সে কারণেই জৈব চাষের উপর জীবনের শেষ লগ্নে গুরুত্ব দিয়েছিলেন। এম এস এস আর এফ- এর বিভিন্ন শাখা/কেন্দ্র তিনি সারা ভারতবর্ষ জুড়েই তৈরি করেছিলেন। ধানের জিন পরিবর্তন করে সুন্দরবনের লবণাক্ত পরিবেশে চাষের জন্য গবেষণা করেছিলেন। দেশের নানা প্রান্তে, নানা প্রতিষ্ঠানে তাঁর ছাত্রদের দিয়ে গবেষণায় মানুষের বেঁচে থাকার স্বার্থে নিজেকে নিয়োজিত করেছিলেন। অধ্যাপক স্বামীনাথনের অভাব পূরণ হওয়ার নয়। (সৌজন্যে-দৈ:স্টেটসম্যান)

# পুজোয় চাই নতুন ভাবনা

উনি হঠাৎ শুরু করলেন নিউ ইয়র্কের এম্পায়ার স্টেট বিল্ডিং-এর কথা। ১০২ তলা ওই সু-উচ্চ অট্টালিকা দীর্ঘ দিন বিশ্বের উচ্চতম শিরোপায় ভূষিত থাকলেও এখন তার স্থান ৫৪তম। তবু আমার নির্মাণ-প্রযুক্তিবিদ বন্ধু শেষ বিকেলে তিন তলার বাইরের বারান্দায় বসে চা-পানের আলাপনে তার প্রসঙ্গ শুরু করলে অবাক হওয়ার কথা।

বন্ধু বললেন যে, শুধু উচ্চতার জন্য নয়, এই ১০২ তলা বাড়িটি আজ থেকে ৯৩ বছর আগে, ১৯৩০ সালে নির্মাণ শুরু হয়েছিল এবং বিশ্বের উচ্চতম অট্টালিকা তৈরি হয়েছিল মাত্র ১ বছর ৪৫ দিনে।

আবার বলি, ১০২ তলা বাড়ি প্রায় একশো বছর আগে তৈরি হচ্ছে মাত্র ১ বছর ৪৫ দিনে। অট্টালিকাটি নির্মাণ হচ্ছে পৃথিবীর অন্যতম ব্যস্ত মহানগর নিউ ইয়র্কের কেন্দ্র অঞ্চলে। এর চার ধারেই অনেক বড় বড় বাড়ি, ব্যবসাবাণিজ্যের ব্যস্ততম কেন্দ্র, একেবারে মহানগরের প্রধান রাজপথের উপর সেই নির্মাণস্থল। সুতরাং রাজপথ বন্ধ করা যাবে না, চার পাশেই গুরুত্বপূর্ণ অফিস দোকান ইত্যাদির ফলে নির্মাণের মালপত্র রাখার স্থান নেই বললেই চলে। তবু সেখানেই অবিশ্বাস্য গতিতে নির্মিত হয়ে গেল এম্পায়ার স্টেট বিল্ডিং।

বন্ধুর বাড়ির সামনে নাতিপ্রশস্ত একটি পথের ওপারেই রয়েছে ছোট একটি পার্ক, যেখানে এলাকার শিশু, কিশোর-কিশোরীরা খেলাধুলা করে, ক্যারাটে শেখে। আর পার্কের পরই রয়েছে একটি সুন্দর জলাশয়, স্থানীয় কথায় লেক। তিন তলার বাইরের বারান্দায় বসে সেই দৃশ্য আস্বাদন এখন মাস আড়াই বন্ধ। পাড়ার খুদেদের খেলা বন্ধ, অন্যান্যের সকাল বা সন্ধ্যার হাঁটাহাঁটি, একটু পার্কের বেঞ্চে বসা, জলাশয়ের স্নিগ্ধ বায়ু সেবন সব বন্ধ। কারণ ওই পার্কে হবে শারদোতব, তৈরি হচ্ছে দারুণ থিমের মণ্ডপ, গড়া হচ্ছে প্রতিমা। আর এ জন্য সময় লাগবে প্রায় মাস আড়াই, ফলে বাঁশের ত্রিপলের এক উঁচু ধূসর প্রাকার বানিয়ে ঢেকে ফেলা হয়েছে সেই পার্ক। অদৃশ্য হয়েছে জলাশয় অনেক বাতায়ন থেকেই। চার-পাঁচ দিনের পুজোর জন্য তিন মাসের শাস্তি। সে জন্যই মনে হল এম্পায়ার স্টেট বিল্ডিং-এর কথা। একশো বছর আগে ১০২ তলা বাড়ি হয়ে যায় ১ বছর ৪৫ দিনে আর একবিংশ শতাব্দীতে পুজোর প্যান্ডেল করতে তিন মাস! পুজোর সময় পরিবেশ নিয়ে কিছু আলোচনা হয়, বিসর্জন নিয়েও। কিন্তু প্রাকপুজো সময় থেকেই শুরু হয়ে যায় যে পরিবেশের বিসর্জন তাতে আমাদের খেয়াল নেই।

নাগরিকদের জীবনযাপনের এই সব কিছু অধিকার অহেতুক হরণ করার নতুন উতব খুঁটিপুজো। এক সময় মহালয়ার ক"দিন আগে দৈনিক পত্রিকায় বাটা কোম্পানির পৃষ্ঠা জুড়ে জুতার বিজ্ঞাপন ছাপা হলে প্রাকপুজো সিজন শুরু হত। এখন রথযাত্রার দিনে, ভরা বর্ষায়, শুরু হয়ে যাবে খুঁটিপুজো, মানে প্রাক পুজো সিজন শুরু হল। দেবদেবীদের বিশাল দলে যেমন স্রষ্টা ব্রহ্মা আছেন, তেমনই ধ্বংসের জন্য আছেন রুদ্র শিব। আমাদের খুঁটিদেব মাঠ ধ্বংসের দেবতা। বর্ষার নরম মাঠে তিনি তাঁর অভিযান শুরু করেন। পাড়ায় পাড়ায় তাঁর অভিযানের ছবি বেরোয় সব দৈনিক পত্রিকায়। এ বার আমাদের খেলার মাঠ, পাড়ার কোণের পার্ক, একটু স্বস্তির ফাঁকা জায়গা সব এখন দখল হয়ে যাবে পুজোর দাদাদের কল্যাণে। শুধু পাড়ার মাঠ কেন, অনেক ইস্কুলের মাঠে প্যান্ডেলের কাজ শুরু হয়ে যাবে কিছু দিন পরেই। সুতরাং ছেলেমেয়েদের খেলাধুলা বন্ধ, একটু ফাঁকা জায়গায় চলাচল বন্ধ থাকবে মাস দুয়েক। বিভিন্ন জায়গায় আটকে যাবে পথ, এ দিক ও দিক দুর্ভেদ্য ফ্লেক্সের বিজ্ঞাপনে আটকে যাবে হাওয়া আর আকাশের মুখ আর সেখানের বসবাসকারীদের দু"মাস ধরে সহ্য করতে হবে উতবের এই দূষণ। শহর থেকে বেরিয়ে ছড়িয়ে পড়ুন একটু আধা শহর আধা গ্রামে দেখবেন ভীষণ নির্মাণকার্য শুরু হয়ে গেছে ফুটবল খেলার মাঠে মাঠে। একটু হাওয়া খেলবার, সন্ধেয় একটু মাঠের পাশে বসবার, একেবারে কচিকাঁচাদের বিকেলে যা খুশি করবার সব কেড়ে নিয়ে গেছেন ওই খুঁটিবাবা। আনন্দবাজারের (১৫/৯) প্রতিবেদনে জানা গেল এ বার নাকি ইউনেস্কোর পুরস্কার পাওয়ার জন্য সব কিছু প্রস্তুত রাখতে হবে পুজো শুরুর দু'সপ্তাহ আগেই। সুতরাং আরও বেশি দিন মাঠ রাস্তা দখলের নৈতিক অনুমতি পাওয়া গেল।

ফিরে আসি এম্পায়ার স্টেট বিল্ডিং-এর কথায়। এত কম সময়ে এত বড় নির্মাণ সম্ভব হয়েছিল কুশলী পরিকল্পনার জন্য। বাড়ি নির্মাণের বিভিন্ন জিনিস বানানো হচ্ছিল বিভিন্ন স্থানে, ইস্পাত আসছে সাড়ে তিনশো কিলোমিটার দূরে নদীপথে পেনসিলভেনিয়া থেকে, বা শ্বেত পাথর আসছে ইটালি থেকে। সেগুলিকে এ রকম পরিকল্পনার মাধ্যমে আনা হচ্ছিল যে বন্দরে সেগুলি এলেই পাঠানো হচ্ছিল নির্মাণস্থলে, আর সেখানে আনা মাত্র সঙ্গে সঙ্গে কাজে লাগিয়ে দেওয়া হচ্ছিল। ফলে সময় বাঁচছিল অনেক আর কোনও জিনিস জমিয়ে রাখার প্রয়োজন হচ্ছিল না। অনেক শ্রমিককে এক সঙ্গে কাজে লাগিয়ে মাত্র দশ দিনে চোদ্দো তলার উপকাঠামো নির্মাণ সম্ভব হয়েছিল। যখন এই মহাযজ্ঞ চলছে তখন পাশের রাজপথে যানবাহন চলছে রোজকার মতোই। তা হলে শারদোতবের এই মহাযজ্ঞ করতে কেন এত দিন লাগবে?

না, পরিবেশ উন্নয়নের জন্য কেবল ঘটপুজো করে চার দিন ধরে পাড়ায় পাড়ায় গাছ লাগাতে বলছি না। বরং থিমপুজো খুব ভাল লাগে। সেই কুমোরটুলির "ট্র্যাডিশনাল" মূর্তি আর পাড়ার ডেকরেটরের প্যান্ডেলের পর এখন থিম এনেছে কত শিল্প ভাবনার প্রবাহ। আর্ট কলেজের শিল্পীরা পুরনো ট্র্যাডিশন ভেঙে উন্মুক্ত করেছেন বৈচিত্রের ফোয়ারা। সৃষ্টি সুখের উল্লাসে নেমে পড়েছেন শিল্পীর দল, এ ভাবেই থিমেরা ছড়িয়ে যাচ্ছে অসীমে, কিন্তু দাবি করছে অনেকটা ভূমি আর অনেকটা সময়। আগে মহালয়ার দিন বাঁশ পড়ত মাঠে, তার পর সাত দিনে, সপ্তমীর সকালে প্যান্ডেল তৈরি। এখন পাঁচ দিনের উতবের জন্য দু"মাস আমাদের ঢুকে পড়তে হয় গহ্বরে। আমাদের পরিবেশ চলে যায় থিমেদের হাতে। আমাদের আবার ফিরিয়ে আনতে হবে সেই সাত দিনের পুজার আনন্দের পরিবেশ। এর জন্য নতুন চিন্তার আবাহন করতে হবে নির্মাণ পদ্ধতিতে।

কারখানা গড়তে বিশেষ পরিবেশ অনুমতি লাগে। তাতে বলা থাকে যে কারখানার এক-তৃতীয়াংশে বৃক্ষরোপণ করতে হবে, এ ছাড়া অন্যান্য দূষণ নিয়ন্ত্রণের যন্ত্রপাতি লাগানোর কথা থাকেই। পুজোর ক্ষেত্রেও সে রকম নিয়ম বেঁধে দিতে হবে যে এক সপ্তাহের মধ্যে পুজোর মণ্ডপ ও অন্যান্য সাজসজ্জা শেষ করতে হবে এবং দশমীর তিন দিন পরেই সব নির্মাণ খুলে নিতে হবে। সম্পূর্ণ পথ বন্ধ করে কিছু করা যাবে না। থিমের পরিকল্পনা সে ভাবে করতে হবে। এ জন্য প্যান্ডেল সজ্জার অনেক কিছু বাইরে বানিয়ে তার পর পুজোর স্থানে এনে সংযোজিত করতে হবে। এর জন্য প্রয়োজন হবে নতুন ধরনের নির্মাণ সামগ্রী, নতুন নির্মাণ পদ্ধতি ইত্যাদি। ঠিক যেমন আর্ট কলেজের প্রশিক্ষিত শিল্পীরা থিমে বিপ্লব এনেছেন, এ বার এই নির্মাণ কর্মে নতুন ভাবনা দিতে আসতে হবে রাজ্যের প্রযুক্তি বিদ্যার শিক্ষক ছাত্রদের। কুমোরটুলির মতন গড়ে উঠবে মণ্ডপ বানানোর অনেক কর্মশালা। প্রায় তৈরি মণ্ডপ এনে শুধু পুজো প্রাঙ্গণে জোড়া লাগানো হবে। মুক্ত থাকবে খেলার মাঠ, বিদ্যালয়ের প্রাঙ্গণ, রাজপথ থেকে পাড়ার উপপথ। বলছি সাত দিনে, মনে হয় হয়তো আরও কম দিনেই সম্ভব। এ সবের বাইরেও একটি পরিবেশ আছে। মানব পরিবেশ। কলকাতা শহর ও শহরতলিতে এই থিম পুজোর অঙ্গসজ্জা, প্যান্ডেল গড়া ইত্যাদি অনেক কাজে বিশ ত্রিশ হাজার লোক দু'তিন মাস শহরে থাকেন। এঁরা কি ঠিক ভাবে থাকেন? এঁদের প্রাতঃকৃত্যাদির জন্য উপযুক্ত ব্যবস্থা থাকে কি? কিংবা স্নানের, রান্না করার? অনেক শিশু কাজ করে, তা কি আইনসম্মত? যাঁরা অনেক উঁচু জায়গায় কাজ করেন তাঁদের নিরাপত্তার কি কোনও ব্যবস্থা থাকে? তাঁদের কি বিমা করা হয়? এঁরা কি ন্যূনতম মজুরি পান? পুরসভা, মিউনিসিপ্যালিটি, পরিবেশ দফতর, শ্রম দফতর, সবাই মিলে পরিবেশ ও শ্রমিক স্বার্থের কিছু নিয়মকানুন এ বার পুজোর আয়োজনে যোগ করুন। পুজো শুরুর অনেক আগে থেকেই আমাদের পরিবেশ রক্ষায় নজর দিতে হবে। আমাদের শারদোতব এখন বিশ্বখ্যাত, আমাদের এই পুজো পরিকল্পনাও হোক বিশ্বখ্যাত এম্পায়ার স্টেট বিল্ডিং-এর মতো।

# হাফ ম্যারাথনে অংশ নিয়ে ফিট থাকার বার্তা দিল্লিবাসীর

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি.স.) : ৩৩ হাজারেরও বেশি দিল্লিবাসী বেদান্ত দিল্লি হাফ ম্যারাথন অংশ নিয়ে ফিট থাকার বার্তা দিল। রবিবার সকাল সাড়ে ৫টায় নয়াদিল্লির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে এই হাফ ম্যারাথনের সূচনা হয়।

দিল্লির লেফটেন্যান্ট গভর্নর ভি কে সাক্সেনা এবং কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর পতাকা দেখিয়ে ম্যারাথনের সূচনা করেন। এই উপলক্ষে, লেফটেন্যান্ট গভর্নর জানান, দিল্লি হাফ ম্যারাথন এখন একটি বিশ্বব্যাপী প্রতিযোগিতার রূপ নিয়েছে। গতবছর এই প্রতিযোগিতায় ২৬ হাজার মানুষ অংশগ্রহণ করেছিল। কিন্তু এবার অংশ নেন ৩৩ হাজার মানুষ। এরমধ্যে বেশিরভাগই দিল্লি ও সীমান্তবর্তী রাজ্যের মানুষ। এই ম্যারাথনের অংশগ্রহণের ফলে দিল্লিবাসীর কাছে বার্তা যায় যে মানুষ এখন তাদের স্বাস্থ্য সম্পর্কে যথেষ্ট সচেতন হচ্ছে। এই ইভেন্টে শিশু, যুবক, বৃদ্ধ এবং সব বয়সী নারী-পুরুষ অংশগ্রহণ করেন। দিল্লি বেদান্ত হাফ ম্যারাথনের অধীনে অনেক ধরনের দৌড় প্রতিযোগিতার আয়োজন করা হয়। ২১.০২ কিলোমিটারের দৌড় তিনঘন্টা ৩০ মিনিটে শেষ করতে হয়েছিল। এবারের হাফ ম্যারাথন প্রতিযোগিতায় জয়ী হয়েছেন কেনিয়ার ড্যানিয়েল অ্যাবিয়ানো। ভারতীয় দৌড়বিদদের মধ্যে, অভিষেক, কার্তিক এবং সাওয়ান প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকার করে। এরসঙ্গে ৯০ মিনিটে ১০ কিলোমিটার দৌড় সম্পূর্ণ করার জন্য একটি প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

এই প্রতিযোগিতার পাশাপাশি, হাজার হাজার মানুষ যারা নিয়মিত ব্যায়াম করেন তারাও ফিটনেসের বার্তা ছড়িয়ে দিতে ছুটে যান। দৌড়টি জওহরলাল নেহরু স্টেডিয়াম থেকে শুরু হয়ে ভীষ্ম পিতামাহ মার্গ, লোধি রোড, অরবিন্দ মার্গ, মথুরা রোড, সি-হেক্সাগন, ইন্ডিয়া গেট, ডঃ জাকির হুসেন মার্গ হয়ে জওহরলাল নেহরু স্টেডিয়ামে শেষ হয়। এই প্রতিযোগীতার জন্য সকাল ৫টা থেকে সকাল ১০টা পর্যন্ত এইসব রুটে যান চলাচল বন্ধ রাখা হয়েছিল। রাজধানী দিল্লিতে রবিবার সকালটা ছিল খুবই মনোরম। দিল্লিবাসী এদিন রাজ্যবাসীকে স্বাস্থ্য সচেতন হওয়ার বার্তা দেয়।

## হরিশ্চন্দ্রপুরে উদ্ধার মহিলার অ্যাসিড দগ্ধ দেহ

হরিশ্চন্দ্রপুর, ১৫ অক্টোবর (হি. স.) : মালদার হরিশ্চন্দ্রপুর থানা এলাকার কুশিদা অঞ্চলের নশরপুর গ্রামে ধানখেত থেকে অজ্ঞাত পরিচয় এক মহিলার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার। রবিবার সকালে দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ওই মহিলার মুখ অ্যাসিড এবং লঙ্কার গুঁড়ো দিয়ে পুড়িয়ে দেওয়া হয়েছে। দেহে রয়েছে একাধিক ছুরির কোপ।

এদিন সকালে মৃতদেহ এলাকাবাসীর মৃতদেহ দেখতে খবর দেয় পুলিশে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছোয় হরিশ্চন্দ্রপুর থানার বিশাল পুলিশ বাহিনী। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে।

পুলিশের প্রাথমিক অনুমান, মহিলাকে গণধর্ষণ করে খুন করা হয়েছে। মহিলার পরিচয় গোপন রাখতে খুন করার পরে তাঁর মুখে অ্যাসিড এবং লঙ্কার গুঁড়ো দিয়ে পুড়িয়ে দেওয়া হয়েছে। ওই মহিলা স্থানীয় এলাকার নয় বলে জানিয়েছেন এলাকার বাসিন্দারা। তাঁদের দাবি, পাশেই বিহার সীমান্ত থাকায় মহিলা ওই এলাকার হতে পারে। এমনকি বিহার এলাকা থেকে দুষ্কৃতীরা এসে এই কাণ্ড ঘটিয়ে থাকতে বলে পারে বলে অনুমান। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## চোট পেয়ে শ্রীলংকার অধিনায়ক শানাকার বিশ্বকাপ থেকে বিদায়

মুম্বাই, ১৫ অক্টোবর (হি.স.) : খুবই অদ্ভুত ব্যাপার ! এবারের বিশ্বকাপে একে একে অধিনায়কেরা চোটে পাচ্ছেন। গত দুদিনের মধ্যেই চোটে পড়েছেন বাংলাদেশের অধিনায়ক সাকিব আল হাসান ও নিউজিল্যান্ডের কেইন উইলিয়ামসন। এই দুইজনের বিশ্বকাপ ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখে। এরপর গতকাল শ্রীলঙ্কার অধিনায়ক দাসুন শানাকা চোট পেয়ে বিশ্বকাপের বাইরেই চলে গেলেন। উরুর মাংসপেশিতে তিনি চোট পান ১০ অক্টোবর পাকিস্তান ম্যাচে। শানাকার জায়গায় শ্রীলঙ্কার বিশ্বকাপ দলে এসেছেন চামিকা করুনারত্নে। আইসিসি এই পরিবর্তন এরই মধ্যে অনুমোদন দিয়েছে।

## নিম্নচাপের জেরে ব্যাপক বৃষ্টি চেন্নাইয়ে

চেন্নাই, ১৫ অক্টোবর (হি.স.) : চেন্নাই শহরের বিভিন্ন জায়গায় রবিবার সকাল থেকেই ব্যাপক বৃষ্টিপাত শুরু হয়েছে।

শনিবার আঞ্চলিক আবহাওয়া দফতর(আরএমসি) জানিয়েছে, দক্ষিণ-পূর্ব অঞ্চলে নিম্নচাপের কারণে চেন্নাই শহরের বিভিন্ন স্থানে আগামী ২৪ ঘন্টা আকাশ মেঘলা থাকবে। চেন্নাই শহরের কোথাও কোথাও বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনার কথাও জানিয়েছে আবহাওয়া দফতর। এদিকে চেন্নাই, তিরুভাল্লুর, কাঞ্চিপুরম এবং চেঙ্গলপাট্টু জেলার বিভিন্ন অংশে শনিবার রাত থেকেই ব্যাপক বৃষ্টিপাত হচ্ছে।

## ভারতে করোনার সক্রিয় রোগী ৩৪০; ২৪ ঘন্টায় সুস্থ ৪৬ জন, মৃত্যু শূন্য

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি.স.): ভারতে নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে করোনা-আক্রান্তের সংখ্যা, মাঝেমধ্যেই ওঠানামা করছে সক্রিয় করোনা-রোগীর সংখ্যাও। বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ২৭ জন। শনিবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যুর খবর নেই। এই সময়ে সুস্থ হয়েছেন ৪৬ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে মাত্র ৩৪০ এবং মৃত্যুর সংখ্যা ৫, ৩২,০৩৭।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, রবিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৭,২১১ জন করোনা-রোগী।

ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৪ অক্টোবর সারা দিনে ভারতে ১৩,৫৭৪ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। মোট টিকাকরণের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৭৩,৪৪৩-তে পৌঁছেছে।

## তেলেঙ্গানা বিধানসভা নির্বাচনের ৫৫ টি আসনের প্রার্থী তালিকা প্রকাশ কংগ্রেসের

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি. স.) : তেলঙ্গানা বিধানসভা নির্বাচনের ৫৫ টি আসনের জন্য প্রার্থীদের নাম ঘোষণা করেছে কংগ্রেস। রবিবার প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

তেলেঙ্গানা কংগ্রেস সভাপতি রেভান্থ রেড্ডিকে কোদাঙ্গাল বিধানসভা কেন্দ্র থেকে প্রার্থী হিসাবে ঘোষণা করেছে। কোমাতিরেডি ভেঙ্কট রেড্ডি নালগোন্ডা বিধানসভা আসন থেকে প্রার্থী হয়েছেন।

কংগ্রেস নেতা এন উত্তম কুমার রেড্ডি হুজুরনগর থেকে এবং কোমাতিরেডি ভেঙ্কট রেড্ডি নলগোন্ডা বিধানসভা কেন্দ্র থেকে টিকিট পেয়েছেন।

প্রসঙ্গত, তেলঙ্গানায় মোট ১১৯ টি বিধানসভা আসন রয়েছে। ৩০ নভেম্বর এখানে ভোট হবে এবং ৩ ডিসেম্বর নির্বাচনের ফলাফল ঘোষণা করা হবে।

## সম্ভাজি নগরে ভয়াবহ দুর্ঘটনায় নিহত ১২, শোকাহত প্রধানমন্ত্রী

সম্ভাজি নগর, ১৫ অক্টোবর (হি. স.) :: মহারাষ্ট্রের ছত্রপতি সম্ভাজি নগরে (সাবেক ঔরঙ্গাবাদ) একটি ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ১২ জনের। দুর্ঘটনায় আহত আরও ১৭ জন। শনিবার রাত ১টার দিকে এক্সপ্রেসওয়ের বৈজাপুর টোল প্লাজার কাছে টেম্পো ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে দুর্ঘটনাটি ঘটেছে বলে জানা গেছে। দুর্ঘটনায় শোকাহত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

বৈজাপুর থানার ইনচার্জ পরিদর্শক শ্যাম সুন্দর কাভথাদে দুর্ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, এক্সপ্রেসওয়েতে দাঁড়ানো একটি ট্রাককে পেছন থেকে দ্রুতগতিতে আসা একটি টেম্পো ধাক্কা দেয়।

দুর্ঘটনায় ঘটনাস্থলেই টেম্পোতে থাকা ১২ জনের মৃত্যু হয়। আহত ১৭ জনের মধ্যে ৬ জনকে বৈজাপুরের গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিদের সম্ভাজি নগর জেলা হাসপাতালে পাঠানো হয়েছে।

এই দুর্ঘটনায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শোক প্রকাশ করেছে। পাশাপাশি নিহতদের প্রত্যেকের পরিবারকে ২ লাখ টাকা এবং আহতদের প্রত্যেককে ৫০ হাজার টাকা করে সহায়তা দেওয়ার ঘোষণা করেছেন। প্রধানমন্ত্রী তার শোক বার্তায় লিখেছেন, সম্ভাজি নগরে একটি ভয়াবহ দুর্ঘটনার খবরে তিনি শোকাহত। নিহতদের পরিবারের প্রতি আমার সমবেদনা। প্রধানমন্ত্রীও আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

## শুভেচ্ছা জানিয়ে ভারতীয় ক্রিকেট দলকে রাজভবনে আসার আমন্ত্রণ রাজ্যপালের

কলকাতা, ১৫ অক্টোবর (হি. স.) : আহমেদাবাদে নরেন্দ্র মোদী ক্রিকেট স্টেডিয়ামে পাকিস্তান ৭ উইকেটে হারিয়েছে রোহিত ব্রিগেড। ইতিমধ্যেই শুভেচ্ছার বন্যায় ভাসছে ভারতীয় ক্রিকেট দল। পাশাপাশি ভারতীয় ক্রিকেট দলকে শুভেচ্ছা জানিয়েছেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল সিভি আনন্দ বোস। ভারতীয় ক্রিকেট দলকে রাজভবনে আসার আমন্ত্রণও জানিয়েছেন তিনি।

পশ্চিমবঙ্গের রাজ্যপালের অফিসিয়াল এক্স হ্যান্ডল থেকে এ নিয়ে একটি পোস্ট করা হয়েছে। সেই পোস্ট থেকে জানা যাচ্ছে, নিজে ফোন করে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এই জয়ের জন্য ভারতীয় দলকে শুভেচ্ছাও জানিয়েছেন তিনি। এক্স হ্যান্ডেলের পোস্টে লেখা হয়েছে, “পশ্চিমবঙ্গের রাজ্যপাল সিভি আনন্দ বোস আনন্দ বোস ফোন করে ভারতীয় দলকে শুভেচ্ছা জানিয়েছেন পাকিস্তানের বিরুদ্ধে অসাধারণ জয়ের জন্য। তিনি ভারতীয় দলকে রাজভবনে আসার জন্যও আমন্ত্রণ জানিয়েছেন। পশ্চিমবঙ্গের ক্রিকেট প্রেমী মানুষের হয়ে এই আমন্ত্রণ জানিয়েছেন তিনি।” পাকিস্তানের বিরুদ্ধে জয়ের পর ভারতীয় ক্রিকেট দলকে শুভেচ্ছ জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও।

## মধ্যপ্রদেশ বিধানসভা নির্বাচনের জন্য প্রথম তালিকা প্রকাশ করেছে কংগ্রেস, নাম রয়েছে ১৪৪ জনের

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি. স.) : মধ্যপ্রদেশ বিধানসভা নির্বাচনের জন্য রবিবার প্রার্থীদের প্রথম তালিকা প্রকাশ করেছে কংগ্রেস। ১৪৪টি আসনে প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে।

মধ্যপ্রদেশ কংগ্রেস সভাপতি কমলনাথকে ছিন্দওয়াড়া থেকে, দিগ্বিজয় সিংয়ের ছেলে জয়বর্ধন সিংকে রাঘোগড় থেকে এবং সঞ্জয় শুক্লাকে ইন্দোর-১ থেকে প্রার্থী করা হয়েছে।

এছাড়াও ভোপাল সেন্ট্রাল থেকে আরিফ, রাউ থেকে জিতু পাটোয়ারী এবং গোয়ালিয়র গ্রামীণ থেকে সাহেব সিং গুজরকে টিকিট দেওয়া হয়েছে।

## ছত্তিশগড়ের বিধানসভা নির্বাচনের ৩০টি আসনের প্রার্থী তালিকা প্রকাশ কংগ্রেসের

রায়পুর, ১৫ অক্টোবর (হি. স.) : ছত্তিশগড় বিধানসভা নির্বাচনের জন্য রবিবার প্রার্থীদের প্রথম তালিকা প্রকাশ করেছে কংগ্রেস। এতে ৩০টি আসনে প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে।মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেলকে পাটান থেকে, উপমুখ্যমন্ত্রী টিএস সিং দেওকে অম্বিকাপুর থেকে, গিরিশ দেওয়ানগানকে রাজনান্দগাঁও থেকে এবং মোহনলাল মারকামকে কোন্ডাগাঁও থেকে টিকিট দেওয়া হয়েছে।

## সম্ভাজি নগরে দুর্ঘটনার উচ্চ পর্যায়ের তদন্তের নির্দেশ মুখ্যমন্ত্রী শিন্ডের

মুম্বই, ১৫ অক্টোবর (হি.স.) : সম্ভাজি নগরে দুর্ঘটনার উচ্চ পর্যায়ের তদন্তের নির্দেশ দিলেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে। শনিবার রাতে ছত্রপতি সম্ভাজিনগর জেলার জাম্বরগাঁও টোল স্টপের কাছে সমৃদ্ধি হাইওয়েতে টেম্পো ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ১২ জনের মৃত্যু হয়েছে। ১৭ জন আহত হয়েছেন। এই ঘটনায় মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে উচ্চ পর্যায়ের তদন্তের নির্দেশ দিয়েছেন। দুর্ঘটনায় নিহতদের পরিবারকে ৫ লক্ষ টাকা এবং আহতদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। মুখ্যমন্ত্রী শিন্ডে বলেন, সমৃদ্ধি হাইওয়েতে যে দুর্ঘটনা ঘটেছে তা খুবই দুঃখজনক। তিনি আরও জানান, শনিবার রাতে ঘটে যাওয়া দুর্ঘটনার উচ্চ পর্যায়ের তদন্ত করা হবে এবং দোষীদের বিরুদ্ধে কঠোর শাস্তি দেওয়া হবে।

উপ-মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিস ঘটনাটিকে দুঃখজনক বলেছেন। তিনি জানান, নিহতদের পরিবারকে সরকার থেকে আর্থিক সহায়তা দেওয়া হবে এবং আহতদের বিনামূল্যে চিকিৎসা করা হবে। মামলাটি গুরুত্ব সহকারে তদন্ত করা হবে এবং দোষীদের কঠোর শাস্তি দেওয়া হবে বলেও তিনি জানান, যাতে এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধ করা যায়।

## নবরাত্রি উপলক্ষ্যে রাজ্যের জনগণকে শুভেচ্ছা শিবরাজ সিং চৌহানের

ভোপাল, ১৫ অক্টোবর (হি.স.) : নবরাত্রি উৎসব উপলক্ষে রাজ্যের জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। রবিবার মুখ্যমন্ত্রী অভিনন্দন জানানোর পাশাপশি রাজ্যের মানুষের সুখ, সমৃদ্ধিও কামনা করেন।

সোশ্যাল মিডিয়ায় রবিবার মুখ্যমন্ত্রী তাঁর শুভেচ্ছা বার্তায় লেখেন, দেবী সর্ব ভূতেষু, শক্তি রূপ সংস্থিতা, নমস্তেষ্যই, নমস্তেষ্যাই নমস্তেষ্যই নমো নমঃ। মা আদিশক্তির আরাধনার মহান উৎসব শারদীয়া নবরাত্রিতে আপনাদের সকলকে শুভেচ্ছা। প্রার্থনা করি মায়ের কৃপায় প্রতিটি ঘরে ঘরে সুখ, সমৃদ্ধি আসুক এবং প্রতিটি জীবন ভালোবাসা ও সম্প্রীতির মধুর আলোয় আলোকিত হোক জয় মা অম্বে

বিজেপির রাজ্য সভাপতি ভি ডি শর্মাও নবরাত্রির শুভেচ্ছা জানাতে গিয়ে লেখেন, শক্তি উপাসনার উৎসব নবরাত্রি উপলক্ষ্যে আপনাদের সকলকে আন্তরিক শুভেচ্ছা। মাতারাণীর অসীম কৃপা সবার ওপর সর্বদা থাকুক। জয় মাতা দি।

## মাল্টাকে হারিয়ে ইউরো খেলার আশা বাঁচিয়ে রাখল ইতালি

ইতালি, ১৫ অক্টোবর (হি.স.) : ইউরো চ্যাম্পিয়নশিপ ২০২৪ এর বাছাই পর্বের খেলায় জয় পেল দুইবারের চ্যাম্পিয়ন ইতালি। মাল্টার বিপক্ষে টানা দ্বিতীয় জয় পেল লুসিয়ানো স্পালেত্তির দল। শনিবার (১৪ অক্টোবর) ইতালির স্তাদিও সান নিকোলায় মাল্টাকে ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে স্বাগতিকরা। ডোমেনিকো বেরার্দি জোড়া গোল করেছেন। এছাড়া গিয়াকমো বোনাভেঞ্চুরা ও দাভিদ ফ্রাত্তেসি বাকি গোল দুটি করেন। এই জয়ের ফলে গ্রুপ ”সি”তে ৫ ম্যাচ থেকে ১০ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে ইতালি। শীর্ষে থাকা ইংল্যান্ড সমান ম্যাচে সংগ্রহ করেছে ১৩ পয়েন্ট। ৬ ম্যাচে ১০ পয়েন্ট নিয়েও গোল ব্যবধানে ইতালির ঠিক পরেই ইউক্রেন। প্রতি গ্রুপের শীর্ষ দুই দল জায়গা করে নেবে জার্মানির মাটিতে আগামী বছর অনুষ্ঠিতব্য ইউরোর আগামী আসরে।

# দক্ষিণবঙ্গ থেকে পুরোপুরি বিদায় বর্ষার, দাপট উত্তুরে হাওয়ার

কলকাতা, ১৫ অক্টোবর (হি. স.) : দক্ষিণবঙ্গ থেকে পুরোপুরি বর্ষা বিদায় নিয়েছে। আপাতত দক্ষিণবঙ্গের কোনও জেলাতেই নেই বৃষ্টিপাতের সম্ভাবনা। দু”এক জায়গায় আকাশ আংশিক মেঘলা হতে পারে। দক্ষিণা বাতাসের জায়গায় প্রভাব বিস্তার করবে উত্তুরে হাওয়া। পাশাপাশি উত্তরবঙ্গের কিছুটা অংশ থেকে বর্ষা বিদায় নিয়েছে ইতিমধ্যেই। যার কারণে গত কয়েকদিন ধরে রাজ্যে মনোরম আবহাওয়া বিরাজ করছে।আপাতত শহর কলকাতায় বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই। মেঘমুক্ত থাকবে আবহাওয়া। সামান্য আর্দতাজনিত অস্বস্তি থাকতে পারে। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ ক্রমশ কমতে থাকবে। আলিপুর আবহাওয়া দফতর সূত্রে খবর, শনিবার শহরের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৭ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি। এদিন বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ ছিল সর্বাধিক ৮৭ শতাংশ এবং সর্বনিম্ন ৫২ শতাংশ। আগামী দুই দিন ধীরে ধীরে কমবে আর্দতাজনিত অস্বস্তি।

হাওয়া অফিস সূত্রে খবর, পুজোর সময় দক্ষিণবঙ্গে সেভাবে বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই। নবমী এবং দশমীতে রাজ্যের কিছু কিছু জেলা যেমন কলকাতা, উত্তর এবং দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে খুব সামান্য বৃষ্টিপাত হতে পারে। এদিকে, ধীরে ধীরে জলীয় বাষ্পের পরিমাণ কমছে উত্তরবঙ্গে। সোম, মঙ্গলবার থেকে শুষ্ক হাওয়া থাকবে উত্তরবঙ্গের জেলাগুলিতে। সামান্য বৃষ্টিপাত হতে পারে দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার এবং জলপাইগুড়িতে। এরপর বৃষ্টির পরিমাণ ক্রমশ কমবে। শুধুমাত্র দার্জিলিং এবং কালিম্পংয়ে রয়েছে বৃষ্টিপাতের সম্ভাবনা। আগামী ১৮ অক্টোবর পর্যন্ত কেরালা এবং মাহেতে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ১৬ থেকে ১৮ অক্টোবর কর্ণাটক ও তামিলনাড়ুতে বৃষ্টির সম্ভাবনা থাকছে, জানা গিয়েছে এমনটাই। আগামী বৃহস্পতিবার থেকে দেশে কমবে বৃষ্টিপাতের পরিমাণ।

## পয়েন্ট টেবিলে ভারত এক লাফে তিন থেকে শীর্ষে

আমেদাবাদ, ১৫ অক্টোবর (হি.স.) : পাকিস্তানকে ৭ উইকেটে হারাল ভারত। আর এই জয়ের ফলে নেট রানরেট অনেকটা বাড়িয়ে নিউজিল্যান্ডকে টপকে শীর্ষে পৌঁছে গেলেন রোহিত শর্মারা।

পাকিস্তানকে হারানোর পর ৩ ম্যাচের ৩টি জিতে ৬ পয়েন্ট ভারতের। রোহিতদের নেট রানরেট ১.৮২১। দ্বিতীয় স্থানে নেমে গেল নিউজিল্যান্ড। ৩ ম্যাচ খেলে তাদেরও পয়েন্ট ৬। কিউইদের নেট রানরেট ১.৬০৪। তিন নম্বরে রয়েছে দক্ষিণ আফ্রিকা। তারা একটা ম্যাচ কম খেলেছে। ২ ম্যাচ থেকে তাদের পয়েন্ট ৪। নেট রানরেট সব থেকে ভাল (২.৩৬০) তাদের। ভারতের কাছে হেরে চার নম্বরে রয়েছে পাকিস্তান। বাবর আজমদের পয়েন্ট ৩ ম্যাচে ৪। তাদের নেট রানরেট -০.১৩৭।পয়েন্ট তালিকায় পাঁচ নম্বরে রয়েছে গত বারের চ্যাম্পিয়ন দল ইংল্যান্ড। ২ ম্যাচ খেলে তাদের পয়েন্ট ২। নেট রানরেট ০.৫৫৩। বাংলাদেশ রয়েছে ছ’নম্বরে। ৩ ম্যাচ খেলে তাদের পয়েন্ট ২। শাকিবদের নেট রানরেট -০.৬৯৯। সাত ও আট নম্বরে রয়েছে যথাক্রমে শ্রীলঙ্কা ও নেদারল্যান্ডস। দু’দলই দু’টি করে ম্যাচ খেলে দু’টিই হেরেছে। ফলে তাদের পয়েন্ট শূন্য। শ্রীলঙ্কার নেট রানরেট -১.১৬১। নেদারল্যান্ডসের -১.৮০০। সবচেয়ে করুন অবস্থা পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়নদের। নিজেদের প্রথম দুই ম্যাচেই হেরেছে অস্ট্রেলিয়া। দু’ম্যাচে তাদের পয়েন্ট শূন্য। অস্ট্রেলিয়ার নেট রানরেট -১.৮৪৬। পয়েন্ট তালিকায় স্থান নয় নম্বরে। আর পয়েন্ট তালিকার শেষে রয়েছে আফগানিস্তান। দু’ম্যাচে তাদের পয়েন্ট শূন্য। আফগানিস্তানের নেট রানরেট -১.৯০৭।

## ইসরায়েল থেকে ২৭৪ জন ভারতীয়কে নিয়ে নয়াদিল্লি পৌঁছালো চতুর্থ বিমান

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি. স.) : কেন্দ্রীয় সরকারের অপারেশন অজয়ের অধীনেই ইসরায়েলে আটকে পড়া ভারতীয় নাগরিকদের নিয়ে রবিবার সকালে নয়াদিল্লি পৌঁছালো চতুর্থ বিমানটি। এই বিমান ২৭৪ জন ভারতীয় নাগরিকদের নিয়ে নিরাপদে নিজ দেশে ফিরেছেন।এর আগে শনিবার ইসরায়েল থেকে ১৯৭ জন ভারতীয় নাগরিককে নিয়ে তৃতীয় ফ্লাইটটি নয়াদিল্লির উদ্দেশ্যে রওনা হয়েছিল।ইজরায়েলে ফিলিস্তিনের কুখ্যাত সন্ত্রাসী সংগঠন হামাসের হামলার পর যুদ্ধ বিধ্বস্ত শহরে আটকে পরে ভারতীয় নাগরিকরা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কেন্দ্রীয় সরকার ভারতীয় নাগরিকদের উদ্ধারের জন্য ১২ অক্টোবর থেকে অপারেশন অজয়ের অধীনে বিশেষ বিমান পরিষেবা শুরু করেছে।

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর এক্স হ্যান্ডেলে চতুর্থ বিমানটি নয়া দিল্লি বিমানবন্দরে পৌঁছানোর সুসংবাদ শেয়ার করেছেন। বৃহস্পতিবার ইসরায়েল থেকে প্রথম বিশেষ বিমানটি ২১২ জন ভারতীয়কে নিয়ে এসেছিল। শুক্রবার গভীর রাতে ২৩৫ জন ভারতীয় নাগরিকের দ্বিতীয় দলটি রওনা দিয়েছিল। এই সমস্ত ভারতীয় নাগরিক নিরাপদে নিজের বাড়িতে পৌঁছেছেন। নার্স, ছাত্র, আইটি পেশাদার এবং হীরা ব্যবসায়ী সহ প্রায় ১৮,০০০ ভারতীয় নাগরিক ইজরায়েলে বাস করেন। ৭ অক্টোবর ইসরায়েলে হামাস সন্ত্রাসীদের নজিরবিহীন হামলার পর ভারতীয় নাগরিকদের নিরাপদে ফিরিয়ে আনার জন্য অপারেশন অজয় চালু করেছে কেন্দ্রীয় সরকার। যুদ্ধবিধ্বস্ত ইজরায়েল থেকে সুরক্ষিতভাবে দেশে ফিরিয়ে আনার জন্য ভারত সরকারকে ধন্যবাদ দেন যাত্রীরা।

## দেশবাসীকে নবরাত্রির শুভেচ্ছা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি.স.) : নবরাত্রি উপলক্ষ্যে দেশবাসীকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার নবরাত্রির সূচনার দিনে প্রধানমন্ত্রী মোদী শুভেচ্ছা জানিয়ে দেশবাসীর সুখ, সৌভাগ্য ও সুস্বাস্থ্য কামনা করেছেন।

এদিন ধানমন্ত্রী মোদী সোশ্যাল মিডিয়া এক্স-এ পোস্ট করে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি হিন্দিতে শুভেচ্ছা বার্তায় লিখেছেন, “শক্তি প্রদায়িনী মা দূর্গা সবার জীবনে বয়ে আনুক সুখ, সমৃদ্ধি, সৌভাগ্য ও সুস্বাস্থ্য।

জয় মাতা দি!” নয় দিনের নবরাত্রি উৎসবে ভক্তরা মা দুর্গার নয়টি অবতারের পুজো করে থাকে তাঁর আশীর্বাদ পাওয়ার আশায়। ভক্তরা এই নয়দিন বিভিন্ন আচার অনুষ্ঠানের মাধ্যমে উপবাস পালন করে থাকে। এছাড়া প্রতিটি দেবীর উদ্দেশে শ্লোক পাঠ করে থাকে ভক্তরা। সকলেই এই নয়দিনে নতুন পোশাক পরে ভোগ নিবেদন করে। এই নয়টি দিনে সকলে তাদের বাড়িঘর পরিস্কার রাখে। ভক্তরা তাদের প্রার্থনা উজাড় করে দেয়। সকলে এসময়ে আনন্দময় ও পরিপূর্ণ জীবন পাওয়ার জন্য দেবীর কাছে প্রার্থনা করে। নবরাত্রির ১০ তম দিনে দশেরা বা বিজয়া দশমী হিসাবে পালিত হয়। উত্তর ভারতে নবরাত্রির সময় রামলীলার আয়োজন করা হয়।

## গ্রেফতার অরুণাচলে বিশেষভাবে সক্ষম মহিলার ধর্ষক

ইটানগর, ১৫ অক্টোবর (হি.স.) : অরুণাচল প্রদেশে বিশেষভাবে সক্ষম জনৈক মহিলাকে ধর্ষণে অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ।

গত ৪ অক্টোবর সন্ধ্যারাতে অরুণাচল প্রদেশের লোয়ার দিবাং উপত্যকা জেলার তালোনি গ্রামে কিয়াকাং ওয়ারাং নামের বিশেষভাবে সক্ষম মহিলাকে বারবার ছুরি দিয়ে আক্রমণ করার পর ধর্ষণ করা হয়েছিল। মূলত ভুক্তভোগী কিয়াকাং ওয়ারাং পূর্ব কামেং জেলার ওয়ারাং গ্রামের স্থায়ী বাসিন্দা। দিন-কয়েক আগে তালোনি গ্রামে এসেছিলেন একটি শ্রমিক দলের সঙ্গে। সেখানে তিনি জঙ্গল পরিষ্কারের কাজে নিয়োজিত ছিলেন।

ঘটনার দিন সন্ধ্যায় বৃষ্টিপাত হচ্ছিল। বৃষ্টির সময় কিছুক্ষণ আশ্রয় নেওয়ার অজুহাতে ওই দিব্যাঙ্গ মহিলার ঘরে ঢুকেছিল অভিযুক্ত দৃষ্কৃতী। এর পর সে মহিলার সঙ্গে দুষ্কর্ম করতে উদ্যত হলে তিনি চিৎকার-চেঁচামেচি করে নিজেকে রক্ষা করতে যথাসম্ভব চেষ্টা করেন। বাধা পেয়ে কয়েকবার ছুরি দিয়ে হালকা আঘাত করে মহিলাকে ধর্ষণ করে দুষ্কৃতীটি।


ভুক্তভোগিনীর পরিবারের জনৈক মহিলা সদস্য ঘটনার বর্ণনা করে জানান, ঘটনার কিছুক্ষণ পর কর্মক্ষেত্র থেকে তিনি ঘরে যান। দেখেন ঘরে ভাঙচুর করা হয়েছে, সব কিছু লণ্ডভণ্ড। দেখেন ভুক্তভোগিনী বিবস্ত্র, রক্তাক্ত, প্রায় সংজ্ঞাহীন অবস্থায় মাটিতে পড়ে রয়েছেন। তাঁর মুখে ছুরিকাঘাতের দাগ। পাশেই দেখেন অপরাধীটি ঘুমাচ্ছে। ঘটনার কিছু আন্দাজ করতে না পেরে তিনি ভয় পেয়ে যান।

ভয় কাটিয়ে ঘরের বাইরে গিয়ে সাহায্যের জন্য চিৎকার করতে থাকেন। চিৎকার শুনে গ্রামের মানুষ এসে অভিযুক্তকে ধরতে যান। তখন সে পালিয়ে যায়। প্রাথমিকভাবে স্থানীয়রা সিদ্ধান্ত নিয়েছিলেন, তাঁরা তাঁদের প্রচলিত আইন অনুযায়ী ঘটনাটি পরিচালনা করে দুষ্কৃতীকে ধরে শাস্তি দেবেন। কিন্তু অন্য কয়েকজন থানায় রিপোর্ট করতে জোর দেন। ইত্যবসরে রোয়িং থানায় একটি এফআইআর দাখিল করা হয়। পরে অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। পুলিশ ঘটনা সম্পর্কে তদন্ত শুরু করেছে।

এদিকে সেদিন সংগঠিত ওই ঘটনার পর রাজ্যের বিভিন্ন মহলে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## ক্যানসারের গবেষণায় “বিজ্ঞানের অস্কার”



পার্কিনসন্স ফাউন্ডেশনের সাম্প্রতিক সমীক্ষায় উঠে এসেছে বিশ্বে এক কোটির বেশি মানুষ এই রোগে আক্রান্ত। অথচ ১৮১৭ সালে চিকিতক জেমস পার্কিনসন্স চিহ্নিত এই রোগ সম্পর্কে দু’দশক আগেও মানুষের ধারণা তেমন ছিল না। বর্তমানে শুধু প্রবীণ নয়, কমবয়সি পার্কিনসন্স আক্রান্তের সংখ্যাও চিন্তার কারণ।

ক্যানসারের মতোই বেড়ে চলেছে এই রোগে আক্রান্তের সংখ্যা। যদিও এর গবেষণা চলেছে নিরন্তর। যার স্বীকৃতি মিলল আন্তর্জাতিক স্তরে। স্বীকৃতি পেয়েছে ক্যানসার থেরাপির গবেষণাও।

২০২৪ সালের ব্রেকথ্রু প্রাইজ ফাউন্ডেশন মূলত পার্কিনসন্স ডিজিজ, কার টি সেল (সিএআর টি, এটি মলিকিউলার জেনেটিক কোডিং) ক্যানসার থেরাপি এবং সিস্টিক ফাইব্রোসিসের গবেষণাকে সম্মান জানাতে আট জন বিজ্ঞানীর নাম ঘোষণা করেছে। বিজ্ঞান ক্ষেত্রে অস্কার মানা হয় এই পুরস্কারকে। আগামী বছরের ১৩ এপ্রিল আমেরিকার লস অ্যাঞ্জেলেসে দেওয়া হবে পুরস্কার। পার্কিনসন্স রোগের ঝুঁকিবাহক জিনকে তাঁদের গবেষণায় চিহ্নিত করে পুরস্কৃত হলেন ইউনিভার্সিটি অব টুবিংএনের স্নায়ুবিজ্ঞানী টমাস গ্যাসার, ন্যাশনাল ইনস্টিটিউট অন এজিংয়ের নিউরোজেনেটিসিস্ট অ্যান্ড্রু সিঙ্গলটন এবং ন্যাশনাল হিউম্যান জিনোম রিসার্চ ইনস্টিটিউটের জেনেটিসিস্ট অ্যালেন সিনড্রেনস্কি। পুরস্কার পাচ্ছেন ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়াব ইমিউনোলজিস্ট কার্ল জুন, মেমোরিয়াল স্লোয়ান ক্যাটারিং ক্যানসার সেন্টারের ইমিউনোলজিস্ট মিশেল স্যাডেলেন। কার্ল এবং মিশেল পুরস্কার পেলেন কার টি সেল ইমিউনোথেরাপির আরও উন্নয়নের গবেষণায়। সিস্টিক ফাইব্রোসিসের চিকিৎসায় সংমিশ্রিত ওষুধ আবিষ্কার করে পুরস্কৃত হলেন ভার্টেক্স ফার্মাসিউটিক্যালসের গবেষক সাবিন হাদিদা, পল নেগুলেস্কু এবং ফ্রেডরিক ভন গুর।

পার্কিনসন্স রোগের ঝুঁকিবাহক জিনকে চিহ্নিত করার গবেষণা শুরু হয়েছিল অন্য ভাবে। শিশুরোগ চিকিতক অ্যালেন সিনড্রেনস্কি তখন জিনগত বিরল রোগ গোশের নিয়ে গবেষণায় বুঁদ। একটি মাত্র জিন, জিবিএ ওয়ানের গোলমাল কী ভাবে যকৃত প্লীহা এবং অস্থির মতো গুরুত্বপূর্ণ অঙ্গে থাবা বসাতে পারে, সেটাই আকর্ষণ করেছিল সিনড্রেনস্কিকে। এমন পরিস্থিতিতে সিনড্রেনস্কির কাছে ফোন আসে সহকর্মীর। যিনি এমন এক রোগীর মস্তিষ্ক থেকে টিসু সংগ্রহ করেছিলেন, যাঁর গসার এবং পার্কিনসন্স দু’টিই আছে। মোট তিনটি নমুনা তিনি পাঠান সিনড্রেনস্কিকে। গাড়ির ঝাঁকুনিতে নমুনার লেবেল পড়ে যায়। ফলে কোনটা কোন নমুনা নিশ্চিত হতে সিনড্রেনস্কি এনজাইমের কাজ মাপার সিদ্ধান্ত নেন।

পরে ডিএনএ পরীক্ষায় দেখা যায়, একটি নমুনায় মিউটেড জিবিএ ওয়ান জিনের দু’টি অনুলিপি ছিল। কিন্তু বাকি দু’টি নমুনায় মিউটেড জিবিএ ওয়ান জিনের একটাই অনুলিপি। যা দেখে ৫০ জনেরও বেশি পার্কিনসন্স রোগীর পোস্টমর্টেমে মস্তিষ্কের নমুনা থেকে ডিএনএ বিশ্লেষণ করে দেখেন, ১২ জন জিবিএ ওয়ান মিউটেশন বহন করছেন। ওই সময়েই, অর্থাৎ ২০০২ সালে টমাস গ্যাসার এবং অ্যান্ড্রু সিঙ্গলটন খুঁজছিলেন পার্কিনসন্স রোগের জিনগত সূত্র। যা মিলিত ভাবে গবেষণার দরজা খুলে দেয়।

সিনড্রেনস্কি বলছিলেন, “কেন বিরল রোগ নিয়ে গবেষণা করা হয়, তার এটি উদাহরণ। গবেষণার ফল বিরল রোগের জন্য যেমন গুরুত্বপূর্ণ, তেমনই সাধারণ জটিল রোগের ক্ষেত্রেও দৃষ্টান্তমূলক ফলাফল আনতে পারে।”

দীর্ঘ বছর ধরে গবেষণাগারে টি কোষের ভূমিকায় শান দিয়ে তাকে আরও উন্নত করায় ব্যস্ত থেকেছেন জুন এবং স্যাডেলেন। টি কোষ হল রোগপ্রতিরোধ ব্যবস্থার এক দক্ষ সৈনিক। টি সেল রিসেপ্টর (টিসিআর) ক্যানসারের কোষে অ্যান্টিজেন খুঁজে বার করে তাকে আটকে রাখে। সাম্প্রতিক কালে সেল থেরাপির এই চিকিতা নিয়ে চর্চা চলছে। যদিও গত শতাব্দীর নব্বইয়ের দশকে যখন স্যাডেলেন ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজিতে পোস্ট-ডক্টরাল ফেলো হিসেবে যোগ দেন, তখন সেল ইঞ্জিনিয়ারিং নতুন ক্ষেত্র। ক্যানসারের গবেষণায় টি কোষ নজর কেড়েছে বহু পরে। দীর্ঘ গবেষণার ফল দেখে ২০১৭ সালে প্রথম বার এফডিএ অনুমোদন দেয় কিছু ক্ষেত্রে শিশু এবং কমবয়সি লিম্ফোব্লাস্টিক লিউকোমিয়ায় আক্রান্তদের সিএআর টি সেল থেরাপি করার।

অন্য দিকে, সিস্টিক ফাইব্রোসিসের জন্য দায়ী জিনকে ১৯৮৯ সালেই চিহ্নিত করা হয়ে গিয়েছিল। পরবর্তী দশকে বিজ্ঞানীরা মূলত প্রোটিন চিহ্নিত করেন এবং কী ভাবে ওই জিনের মিউটেশনে প্রোটিনের গঠনে ত্রুটি হচ্ছে, সেটাই তুলে ধরেন। কোষে ত্রুটিপূর্ণ প্রোটিন যথাযথ কাজ না করায় লবণ ও জলের ভারসাম্য নষ্ট হয়। ফলস্বরূপ আঠালো শ্লেষ্মা তৈরি হয়, যা প্যাথোজেনিক ব্যাক্টেরিয়া এবং ভাইরাসের আশ্রয়স্থল হয়। সিস্টিক ফাইব্রোসিস এমন রোগ, যা শরীরের যে কোনও অঙ্গে হতে পারে। তাই গবেষণা দল সিদ্ধান্ত নিয়েছিল, মুখে নেওয়ার মতো কোনও ওষুধ আনতে হবে, যা সব অঙ্গকে প্রভাবিত করতে পারবে। সেই ত্রুটি সমাধানের পথ খুঁজতে বিজ্ঞানীদের পেরোতে হয়েছে ২০ বছর।

## কম বয়সেই বাড়ছে আর্থাইটিসের সমস্যা

প্রতি ৩ জন ব্যক্তির মধ্যে ১ জন আর্থাইটিসের সমস্যায় ভুগছেন। গাঁটের ব্যথা, জয়েন্ট ফুলে যাওয়ার মতো একাধিক হাড়ের সমস্যা দেখা যাচ্ছে। আগে মানুষের ধারণা ছিল, বয়স বাড়লে হাড়ের ক্ষয় হয় এবং সেখান থেকে এই ধরনের সমস্যা জন্ম নেয়। কিন্তু এখন কম বয়সেও মানুষ আর্থাইটিসে ভুগছেন। অল্পবয়সীদের মধ্যে আর্থাইটিসের কারণ মূলত অস্বাস্থ্যকর জীবনধারা। একটানা দীর্ঘক্ষণ বসে থাকা, শারীরিকভাবে সক্রিয় না থাকাই হাড়ের সমস্যা বাড়িয়ে তুলছে। তার সঙ্গে পুষ্টির ঘাটতি রয়েছে। কিন্তু একবার দেহে আর্থাইটিসের সমস্যা দেখা দিলে, তা সহজে পিছু ছাড়তে চায় না। ব্যথা কমানোর জন্য মুঠো-মুঠো পেইনকিলার খেয়েও খুব বেশি লাভ হয় না।

স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, জয়েন্টের ফোলাভাব, গাঁটের ব্যথা, অস্থিসন্ধির নমনীয় দূর করার জন্য রোজের জীবনধারার উপর নজর দিতে হবে। শরীরচর্চার পাশাপাশি খাদ্যতালিকায় জোর দিতে হবে। এতে জয়েন্টের প্রদাহ কমবে এবং হাড় শক্তিশালী হবে। এমনকী আপনার দেহে রোগ প্রতিরোধের ক্ষমতা বাড়বে। কোন-কোন খাবার খেলে আর্থাইটিসের কষ্ট কমতে পারে, রইল টিপস।

পালং শাক: পালং শাক হল সুপারফুড। এই শাকের মধ্যে উচ্চ পরিমাণে অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে, যা শারীরিক প্রদাহ কমাতে সাহায্য করে। পাশাপাশি ব্যথা-যন্ত্রণা থেকেও মুক্তি দেয়। কম বয়সিদের মধ্যে অস্টিওআর্থাইটিসের ঝুঁকি কমাতে সাহায্য করে পালং শাক। শাক চচ্চড়ি ছাড়াও বিভিন্ন উপায়ে আপনি পালং শাক খেতে পারেন। তাই এই সবজিকে রাখুন ডায়েটে।

ফ্যাটি মাছ: সামুদ্রিক মাছের মধ্যে তেল পাওয়া যায়। এটি ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিডে সমৃদ্ধ। ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড প্রদাহের সঙ্গে লড়াই করতে এবং গাঁটের ব্যথা কমাতে সাহায্য করে। তাছাড়া সামুদ্রিক মাছের মধ্যে ভিটামিন ডি পাওয়া যায়। এটি হাড়ের স্বাস্থ্য বজায় রাখতে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করে।

বাদাম: সকালবেলা এক মুঠো বাদাম খান। আখরোট, পেস্তা, আমন্ড সব রাখুন একসঙ্গে। এসব বাদামের মধ্যে ক্যালশিয়াম, ম্যাগনেশিয়াম, ভিটামিন ই, প্রোটিন, ও আলফা-লিনোলেনিক রয়েছে। এগুলো ইমিউনিটি বৃদ্ধি করতে সাহায্য করে। তাছাড়া আখরোটের মধ্যে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড রয়েছে, যা রিউমাটয়েড আর্থাইটিস ও অস্টিওআর্থারাইটিসের ব্যথা কমায়।

রসুন: রসুনের মধ্যে একাধিক স্বাস্থ্য উপকারিতা পাওয়া যায়। রসুন দেহে দীর্ঘস্থায়ী রোগের ঝুঁকি কমাতে সাহায্য করে। পাশাপাশি এর প্রদাহ-বিরোধী উপাদান গাঁটের ব্যথা-যন্ত্রণা কমায়। এছাড়া অস্টিওআর্থারাইটিসের উপসর্গকে দূর করে। লেবু জাতীয় ফল: দেহে রোগ প্রতিরোধের ক্ষমতা বাড়িয়ে তুলতে ভিটামিন সি জরুরি। মুসাম্বি লেবু, পাতিলেবু, বাতাবিলেবু, কমলালেবু ইত্যাদির মধ্যে উচ্চ পরিমাণে এই ভিটামিন সি পাওয়া যায়। ভিটামিন সি দেহে অ্যান্টিঅক্সিডেন্ট হিসেবে কাজ করে। এটি আর্থারাইটিসের প্রদাহ এবং জয়েন্টের যন্ত্রণা কমাতে সাহায্য করে।

ডায়াবেটিস থাকবে বশে, মস্তিষ্ক দৌড়াবে কম্পিউটারের মতো, শুধু পান করুন এই বিশেষ দুধ

সুস্থ থাকা আমাদের সকলের কাম্য। তবে বয়স বাড়ার সঙ্গে-সঙ্গে শরীরের নানা সমস্যা দেখা দিতে থাকে। আমাদের স্বাস্থ্য কিন্তু কিছুটা আমাদের হাতেও। কারণ আপনার জীবনধারার উপরই নির্ভরশীল শরীর। সবার আগে এর জন্য নজর দেওয়া প্রয়োজন ডায়েটে। জানেন কি আমাদের রান্নাঘরে এমন অনেক মশলা রয়েছে যা সঠিকভাবে ব্যবহার করলে স্বাস্থ্যের জন্য অনেক উপকার হয়। এমনই একটি মশলা হল দারুচিনি। দুধে দারুচিনি মিশিয়ে পান করলে অনেক রোগ দূরে থাকে। আপনি চাইলে দুধে হলুদ এবং আদাও যোগ করতে পারেন। এই সোনালি দুধ ক্লান্তি ও দুর্বলতা দূর করতে সাহাশ্য করে। সবচেয়ে বেশি উপকার পাবেন দারুচিনির সঙ্গে দুধ মিশিয়ে খেলে। আসুন জেনে নেওয়া যাক এর উপকারিতা

মস্তিষ্ক তীক্ষ্ণ করে:

‘মেডিকেল নিউজ টুডে’তে প্রকাশিত একটি রিপোর্ট অনুযায়ী, এই বিশেষ দুধ খেলে মস্তিষ্ক তীক্ষ্ণ হয়। এটি স্মৃতিশক্তিকে তীক্ষ্ণ করে তোলে। দুধে দারুচিনি যোগ করলে এর মস্তিষ্কের কার্যক্ষমতা বাড়ে। প্রতিদিন এই দুধ খেলে মানুষের মানসিক স্বাস্থ্যও ভাল থাকে।

## চলতি বছরে উষ্ণতম গ্রীষ্মকাল কাটাল পৃথিবী

চলতি বছর উষ্ণতম গ্রীষ্মকাল কাটাল পৃথিবী। এই তথ্য সামনে এনেছে আমেরিকার মহাকাশ গবেষণা সংস্থা নাসা এবং ন্যাশনাল ওশানিক অ্যান্ড অ্যাটমোস্ফিয়ারিক অ্যাডমিনিস্ট্রেশন (এনওএএ)। তাদের দাবি, এই বছরের জুন থেকে অগস্ট মাস পৃথিবীর উষ্ণতম সময় ছিল। এটাই ছিল উত্তর গোলার্ধে সবচেয়ে উষ্ণ গ্রীষ্মকাল ও দক্ষিণ গোলার্ধে সবচেয়ে উষ্ণ শীতকাল। নাসার অ্যাডমিনিস্ট্রেটর বিল নেলসন বলেছেন, “এই রেকর্ড তাপমাত্রা শুধুমাত্র একটি সংখ্যা নয়। এটি বাস্তবে বিশ্বের ভয়াবহ পরিণতির কথা জানাচ্ছে। আমেরিকা ও কানাডায় দাবানল এবং ইউরোপ ও এশিয়ায় বন্যা হয়েছে। চরম আবহাওয়া বিশ্ব জুড়ে জীবন ও জীবিকাকে বিপন্ন করেছে।” জুন, জুলাই এবং আগস্ট মাসে নাসার রেকর্ডে আগের যে কোনও গ্রীষ্মের তুলনায় এ বার ০.২৩ ডিগ্রি সেলসিয়াস বেশি তাপমাত্রা ছিল। আগস্টের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ১.২ ডিগ্রি সেলসিয়াস বেশি ছিল। এনওএএ-র প্রধান বিজ্ঞানী সারাহ ক্যাপনিকের আশঙ্কা, “মনে হচ্ছে, সামনের বছরগুলিতে এই সব রেকর্ড ভেঙে যাবে।”



## ফ্যাটি লিভারের সমস্যা জানান দেবে পায়ের মাধ্যমে

ডায়াবেটিস, উচ্চ রক্তচাপের মতোই আজকাল ঘরে-ঘরে দেখা দিচ্ছে ফ্যাটি লিভারের সমস্যা। আর এই সমস্যার অন্যতম কারণই হল অনিয়ন্ত্রিত ও অস্বাস্থ্কর জীবনযাপন। ফ্যাটি লিভার আবার দু’ধরনের অ্যালকোহলিক ফ্যাটি লিভার ও নন- অ্যালকোহলিক ফ্যাটি লিভার। অর্থাৎ মদ্যপান করার কারণেও ফ্যাটি লিভারের সমস্যা হতে পারে আবার মদ্যপান না করার কারণেও এই সমসা দেখা দিতেই পারে। কীভাবে বুঝবেন আপনিও ফ্যাটি লিভারের শিকার? বিশেষজ্ঞদের মতে, ফাটি লিভার হলে তা পায়ের পাতার মধ্যে কিছু পরিবর্তনের দ্বারা জানান দেয়। কী সেগুলি? আসুন জেনে নেওয়া যাক-


**পায়ের পাতা ফোলা:**- পায়ের পাতা ফোলা বা হাঁটার সময় ব্যথা হওয়া একটি সাধারণ সমস্যা। কিন্তু এটি উপেক্ষা করলেই বিপদ। কারণ ফ্যাটি লিভারের সমস্যা হলে পায়ের পাতা ফুলে যায়।

পায়ের পাতা গরম হওয়া:- বেশি হাঁটাহাঁটি করি তখন পায়ের পাতা গরম হয়ে যায়, আবার কেউ-কেউ অনেকক্ষণ জুতো পরে থাকলেও তাঁদের পা গরম হতে থাকে। এটিকে সাধারণ ঘটনা ভেবে এড়িয়ে গেলে হবে না। কারণ এটা ফ্যাটি লিভারের অনতম লক্ষণ।

**পায়ের পাতায় চুলকানি:**- অনেকসময়ই পায়ের পাতা চুলকায়। তবে এটি সাধারণ নয়, কারণ বিশেষজ্ঞদের মতে, ফ্যাটি লিভার হলেও অনেকসময় এই ধরনের চুলকানির সমস্যা হয়।

**পায়ে দৃশ্যমান পুরু শিরা:**- অনেকেরই পায়ে নীল-বেগুনি রঙের শিরা দেখা যায়। পায়ের তলাও দেখা দিতে পারে এই ধরনের শিরা। অত্যধিক ইস্ট্রোজেন ক্ষরণের ফলে এমনটা হয়। লিভার কাজ করা বন্ধ করে দিলে শরীরে ইস্ট্রোজেন হরমোন বেড়ে যায়। তাই এমনটা হলে বুঝতে হবে লিভারের সমস্যা হচ্ছে।

**পায়ের পাতায় দাগ:**- অনেকের পায়ের পাতায় দাগ দেখা যায়। এর মানে হল আপনার শরীরে রক্ত চলাচল ঠিকমতো হচ্ছে না। এর কারণে লিভারের কাজ বন্ধ হয়ে যেতে পারে এবং পায়ে ব্যথা বাড়তে পারে।



## কাঠবাদাম খেলে কি সত্যি ওজন কমে?

প্রতি দিন সকালে ভেজানো কাঠবাদাম, আখরোট এবং কয়েকটি কাজুবাদাম খেয়েই দিন শুরু করেন। বাদামের স্বাস্থ্যকর ফ্যাট হার্টের স্বাস্থ্য ভাল রাখে। ওজন ঝরাতেও বেশ কার্যকর এই বাদাম। তবে সাম্প্রতিক গবেষণা বলছে, দ্রুত মেদ ঝরাতে শরীরচর্চার পাশপাশি ডায়েটে কাঠবাদাম রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ইউনিভার্সিটি অফ সাউথ অস্ট্রেলিয়ার একদল গবেষক জানাচ্ছেন, শুধু ওজন ঝরানোই নয়, কার্ডিয়োমেটাবলিক স্বাস্থ্যের দেখাশোনা করতেও সাহায্য করে এই বাদাম। তাঁরা দেখেছেন, “এনার্জি রেস্ট্রিকটেড ডায়েট” করেন যাঁরা, নিয়মিত কাঠদাবাম খেয়ে তাঁরা প্রায় ৭ কিলেগ্রাম ওজন ঝরাতে সক্ষম হয়েছেন। প্রায় ৯ মাস ধরে ১০০ জনেরও বেশি মানুষের উপর করা সমীক্ষা শেষে এই ফল পাওয়া গিয়েছে। গবেষণার প্রধান চিকিৎসক সারায়া কার্টার বলেন, “প্রোটিন, ফাইবার, ভিটামিন এবং প্রয়োজনীয় খনিজে ভরপুর কাঠবাদামে রয়েছে স্বাস্থ্যকর ফ্যাটও। তা বিপাকহার উন্নত করতে সাহায্য করে। ফলে শরীর থেকে মেদ ঝরে দ্রুত। আগেও এই সংক্রান্ত বিভিন্ন গবেষণা রয়েছে। ২০১৮ সালে “নিউট্রিয়েন্টস” পত্রিকায় প্রকাশিত একটি সমীক্ষায় ভারতীয় এক গবেষক এই বিষয়ে আলোকপাত করেন। তিনি জানান, কাঠাবাদাম হল মোনো এবং পলিআনস্যাচুরেটেড ফ্যাটি অ্যাসিডের উত। নিয়মিত ৪৫ গ্রাম কাঠবাদাম খেলে রক্তে খারাপ কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণ করা সহজ হয়।

## কথায় কথায় সব ভুলে যাওয়ার রোগের দাওয়াই কয়েক টুকরো চিজ



গোটা শরীরকে পরিচালনা করে মস্তিষ্ক। কারও ডাকে সাড়া দেওয়া থেকে কোনও জটিল অঙ্কের সমাধান সবের মূলেই রয়েছে মাথা। তাই মস্তিষ্কের কর্মকাণ্ড সচল রাখতে চিকিৎসকেরা শারীরিক ভাবে সক্রিয় থাকার পরামর্শ দিয়ে থাকেন। তবে জাপানের একদল গবেষকের সাম্প্রতিক গবেষণা থেকে উঠে আসা তথ্য বলছে, মস্তিষ্কে স্নায়ুর জটিল রোগ ডিমেনশিয়ার মতো সমস্যা নিয়ন্ত্রণে রাখতে নিয়মিত চিজ খাওয়া জরুরি।

বয়স বাড়লে স্মৃতি লোপ পাওয়া অস্বাভাবিক নয়। তবে নিজের নাম, বাড়ির ঠিকানা, পরিচিত মানুষদের চিনতে না পারার মতো লক্ষণ একেবারেই সাধারণ নয়। মস্তিষ্কের স্নায়ুর জটিল রোগই কারও কারও ক্ষেত্রে মারাত্মক আকার ধারণ করলে এই ধরনের সমস্যা দেখা দেয়। চিকিতা পরিভাষায় যাকে ডিমেনশিয়া বলা হয়। এই ডিমেনশিয়া আবার বিভিন্ন পর্যায় রয়েছে। সময় বিশেষে যা পার্কিনসন্স বা অ্যালঝাইমার্সের মতো আকার ধারণ করে।

চিকিতকেরা বলছেন, মস্তিষ্কের স্নায়ুর এই ধরনের রোগ ঠেকিয়ে রাখা গেলেও তা একেবারে সারিয়ে তোলা প্রায় অসম্ভব। জাপানে ষাটোর্ধ প্রায় দেড় হাজার মানুষের খাবার অভ্যাস এবং জীবনযাপনের ভিত্তিতে করা সমীক্ষা শেষে দেখা গিয়েছে, যাঁরা নিয়মিত চিজ বা পনিরের মতো খাবার খান তাঁদের কগনিটিভ কার্যকারিতা অন্যদের তুলনায় অনেকটাই উন্নত। দুগ্ধজাত খাবারের সঙ্গে মস্তিষ্কের কার্যকারিতার সংযোগের এই বিষয়টি “নিউট্রিশান” পত্রিকায় প্রকাশিত হয়েছে। গাঁও রিসার্চ সেন্টারের প্রধান গবেষক হানকিং কিম বলছেন, নিয়মিত চিজ, পনিরের মতো দুগ্ধজাত খাবার খেলে মস্তিষ্কের কগনিটিভ কার্যকারিতা উন্নত হয়। তবে এ বিষয়ে নিশ্চিত হতে গেলে আরও বিশদ গবেষণা প্রয়োজন।

## কোন উপসর্গ দেখলেই শরীরচর্চা বন্ধ করতে হবে?

মোটা হলেই শরীরে বাসা বাঁধে হাজারটা অসুখ। তাই চিকিৎসকরা বার বার ওজন নিয়ন্ত্রণে রাখার পরমার্শ দেন। তাই ইদানীং ভুঁড়ি বাড়লেই সচেতন মানুষ ভিড় জমাচ্ছেন জিমে গিয়ে। চটজলদি ওজন ঝরাতে ভারী ওজন নিয়ে দেদার চলছে শরীরচর্চা। পুজোর আগে তরুণদের মধ্যে শাহরুখ খান, হৃতিক রোশনের মতো “সিক্স প্যাক” বানানোর হিড়িক ওঠে প্রতি বারই।



শরীর বানানোর তাগিদে পাড়ার জিমে ঘণ্টার পর ঘণ্টা ঘাম ঝরানো, ফিটনেসবিদের পরামর্শ ছাড়াই মুড়িমুড়কির মতো সাপ্লিমেন্ট খাচ্ছেন কেউ কেউ। কিন্তু শরীরের উপর বাড়তি চাপ দেওয়া কখনওই উচিত নয়।

ফিটনেসবিদেরাও কিন্তু সপ্তাহে পাঁচ-ছ’দিন শরীরচর্চা করার পরামর্শ দেন। এ ছাড়া, শরীরে কিছু অস্বস্তি থাকলেও কিন্তু জিমে যাওয়া বন্ধ করতে হবে। জেনে নিন, কোন কোন শারীরিক অসুবিধা নিয়ে জিমে গেলে হিতে বিপরীত হতে পারে।

১) অফিসের কাজের চাপে রাতে দেরিতে ঘুমোতে যাচ্ছেন আর সকালে তাড়াতাড়ি উঠে পড়ছেন? দিনের পর দিন ঘুম কম হলে শরীরে এমনিতেই ক্লান্তি আসে। সারা দিন অতিরিক্ত ধকলের পর ক্লান্ত শরীর নিয়ে জিমে না যাওয়াই ভাল।

২) অনেকের ক্ষেত্রে অতিরিক্ত শরীরচর্চার করলে ঋতুচক্রের উপর তার প্রভাব পড়ে। তাই নির্দিষ্ট সময়ের পরেও ঋতুস্রাব না হলে জিমে যাওয়া কিছু দিনের জন্য বন্ধ করে দেখতে পারেন।

৩) প্রথম ক’দিন জিমে গেলে কিংবা দীর্ঘ দিন পর জিমে গেলে পেশিতে ব্যথা হতে পারে। তবে নিয়মিত জিম করার পর হঠাতকোনও দিন পেশিতে ব্যথা হলে একটু সতর্ক হোন। তখন না যাওয়াই শ্রেয়। বড় কোনও চোট আঘাত লাগলেও জিম থেকে কয়েক দিনের বিরতি নেওয়াই ভাল। এ ছাড়া, পেটে ব্যথা, জ্বর, সর্দি-কাশিতে ভুগলে জিম এড়িয়ে যাওয়াই শ্রেয়। পেটখারাপ কিংবা ডায়েরিয়া হলে শরীর থেকে অনেকটা জল বেরিয়ে যায়, তাই শরীরে জলের ঘাটতি হয়। এ সময়েও জিম এড়িয়ে চলাই ভাল।

৪) আগের রাতে অতিরিক্ত মদ্যপান করলে পরের দিন সকালে শরীরে জলের ঘাটতি হয়, মাথা ঝিমঝিম করে, এই পরিস্থিতি হলে সেই দিনটা জিম থেকে ছুটি নিয়ে নিন। চোট-আঘাত লাগার আশঙ্কা অনেক বেড়ে যায়।

৫) বুকে ব্যথা, হাতে ব্যথা, ঘাড়ে ব্যথার মতো উপসর্গ দেখলে সেই দিন জিমে যাবেন না। এ ছাড়া, নিঃশ্বাস নিতে সমস্যা হচ্ছে, মাথা ভার হয়ে আছে, হৃদস্পন্দন বেড়ে যাচ্ছে এমন সমস্যা হলেই সতর্ক হোন। সেই দিন ভুলেও জিমে যাবেন না।

## রাতে ঘুমোনোর আগে কেন কেশর দুধ খাবে

বিরিয়ানি হোক কিংবা ফিরনি রান্নার স্বাদ ও গন্ধ বাড়াতে জাফরান বা কেশরের কোনও তুলনা নেই। সামান্য কেশর যে কোনও খাবারে এনে দিতে পারে বাদশাহি আমেজ। দাম অনেকটা বেশি হলেও এর চাহিদা কম নয়। শুধু স্বাদ নয়, কেশর পুষ্টিগুণেও ভরপুর।



রোজ রাতে গরম দুধে কেশর মিশিয়ে খেলে শরীর চাঙ্গা থাকে।

এ ছাড়া, রোজ কেশর চা খেলেও বেশ উপকার পাওয়া যায়। জেনে নিন রোজ নিয়ম করে কেশর খেলে কী লাভ হয় শরীরের।

১) ঋতুঃস্রাব চলাকালীন অনেকের পেটেই অসহ্য যন্ত্রণা হয়। এ ক্ষেত্রে কেশর চা দারুণ আরাম দেয়। দেহে হরমোনের ভারসাম্য রক্ষা করতেও এই পানীয় দারুণ উপকারী।

২) কেশর অ্যান্টি-অক্সিড্যান্টে ভরপুর। অ্যান্টি-অক্সিড্যান্ট শরীর থেকে টক্সিন পদার্থগুলি বার করে দেয়। যখন জলে কেশর মিশিয়ে খাওয়া হয়, তখন পানীয়টি ত্বককে আর্দ্র রাখতে এবং ত্বকের জেল্লা ফিরিয়ে আনতে সাহায্য করে। ব্রণ, ত্বকের অন্যান্য সমস্যা থেকে দূরে রাখে।

৩) কেশর হল ক্রোসিন, সাফরানাল এবং পিক্রোক্রোসিনের মতো অ্যান্টি- অক্সিড্যান্টের একটি শক্তিশালী উত, যা অনিদ্রার মতো সমস্যাগুলি থেকে মুক্তি দিতে পারে। মানসিক ক্লান্তি দূর করতেও কেশরের তুলনা নেই।

৪) শরীরের বিপাকক্রিয়া বৃদ্ধি করতে সাহায্য করে এই পানীয়। আর বিপাকক্রিয়া বাড়লেই মেদ কম জমে। তাই পুজোর আগে ওজন কমাতে চাইলে রোজ কেশর চা খেতেই পারেন।

৫) ক্যানসার সৃষ্টিকারী কোষগুলি ধ্বংস করতে কেশর ভীষণ উপকারী। এ ছাড়া, রক্তের শর্করা মাত্রা নিয়ন্ত্রণ করতে এবং দৃষ্টিশক্তি বাড়াতেও এই পানীয়টির জবাব নেই।

# গত ছয় মাসে ৬,৭৩৫টি পণ্যবাহী রেক আনলোড এনএফ রেলওয়ের

গুয়াহাটি, ১৫ অক্টোবর (হি.স.) : অত্যাবশ্যক ও অন্যান্য সামগ্রীর সরবরাহ বহাল রাখতে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে পণ্য আনলোডিঙের ক্ষেত্রে ধারাবাহিকভাবে বৃদ্ধি পঞ্জিয়ন করে আসছে। এ বছরের সেপ্টেম্বর মাসে ১,০৮৪টি পণ্যবাহী রেক আনলোড করা হয়েছে। ২০২৩-এর এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত এই অর্থবর্ষে ৬,৭৩৫টি পণ্যবাহী রেক উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অধিক্ষেত্রের অধীনে আনলোড করা হয়েছে।

আজ রবিবার এক প্রেসবার্তায় এ খবর জানিয়েছেন উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে। তিনি জানান, উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে এফসিআই চাল, চিনি, লবণ, খাদ্য উপযোগী তেল, সার, সিমেন্ট, কয়লা, অটোমোবাইল, কনটেইনারের মতো পণ্যসামগ্রী ও অন্যান্য সামগ্রী সংশ্লিষ্ট মাসে পরিবহণ করেছে এবং নিজস্ব অধিক্ষেত্রের অধীনে বিভিন্ন গুডস শেডে সেগুলি আনলোড করেছে। সেপ্টেম্বরের মধ্যে অসমে পণ্যবাহী ট্রেনের ৬১৪টি রেক আনলোড করা হয়েছে, যার মধ্যে ৩৩৩টি রেকে অত্যাবশ্যক সামগ্রী লোড ছিল। সংশ্লিষ্ট মাসে ত্রিপুরায় ৮৪টি রেক, নাগাল্যান্ডে ১৭টি রেক, মণিপুরে ১১টি রেক, অরুণাচল প্রদেশে ছয়টি রেক এবং মিজোরামে পাঁচটি রেক আনলোড করা হয়। এছাড়া, সংশ্লিষ্ট মাসে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অধিক্ষেত্রের মধ্যে পশ্চিমবঙ্গে ২০৫টি পণ্য রেক ও বিহারে ১৪২টি পণ্য রেক আনলোড করা হয়েছিল।

তিনি জানান, উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের গুরুত্বপূর্ণ সেকশনগুলিতে দ্বৈতকরণের কাজ দ্রুতগতিতে সম্পাদন করা হচ্ছে। যার ফলে পণ্যবাহী ট্রাফিকের অন্তর্মুখী ও বহির্মুখী চলাচল বৃদ্ধি পেয়েছে। ফলে পণ্য আনলোডিং বৃদ্ধি পাওয়ার পাশাপাশি অত্যাবশ্যক ও অন্যান্য পণ্য সামগ্রীর চলাচলও বৃদ্ধি পেয়েছে।

## বহরমপুর বাইপাসে বাইক স্টান্ট প্রদেশ কংগ্রেস সভাপতির

বহরমপুর, ১৫ অক্টোবর (হি. স.) : এনফিল্ড বুলেটে চেপে হাত ছেড়ে দিয়ে বিভিন্ন ভঙ্গিতে গাড়ি চালাতে দেখা গেল প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীকে। তিন দশক আগে মুর্শিদাবাদে অধীর চৌধুরীক এইভাবেই দেখতে অভ্যস্ত ছিলেন জেলাবাসী। ফের সেই মুডেই রবিবার বহরমপুর বাইপাশ রোডে হাত ছেড়ে বাইক চালিয়ে কার্যত চোখ ধাঁধিয়ে দিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি। খোস মেজাজে নতুন বাইপাশ রাস্তায় প্রায় ১১ কিলোমিটার বাইক চালালেন তিনি। অধীর চৌধুরীকে ফের এই মুডে দেখে অবাক অন্য বাইকচালক তথা কংগ্রেস সমর্থকরা। রাস্তার দুপাশে দাঁড়িয়ে তাড়িয়ে তাড়িয়ে এই দৃশ্য উপভোগ করলেন সাধারণ মানুষ। কেন্দ্রের সড়ক পরিবহণ দফতরে বিশেষ অনুরোধ জানিয়ে পুজোর আগে সাময়িকভাবে বাইপাস খুলে দেওয়ার অনুরোধ জানান অধীর চৌধুরী। সেইমতো শনিবার থেকে খুলে দেওয়া হয় বহরমপুর বাইপাস রাস্তা। আর এদিন সকালেই সেই রাস্তায় বাইক স্টান্ট অধীর চৌধুরীর।

গায়ে গেরুয়া শার্ট, মাথায় টুপি। কখনও বাইকের হ্যান্ডেল ছেড়ে জোড় হাতে নমস্কার করছেন, কখনও আবার দু''হাত মেলে পাখির মতো ওড়ার ভঙ্গিতে চললেন প্রদেশ কংগ্রেস সভাপতি।

# তীব্র ভূমিকম্পে কেঁপে উঠল আফগানিস্তান

কাবুল, ১৫ অক্টোবর (হি. স.) : ফের তীব্র ভূমিকম্পে কেঁপে উঠল আফগানিস্তান। রবিবার সকাল সকাল ৯টা ৬ মিনিট নাগাদ পশ্চিম আফগানিস্তানে আবার ভূকম্পন অনুভূত হয়েছে। হেরাত শহরে কম্পন অনুভূত হয়েছে। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজির তথ্য অনুযায়ী, রিখটার স্কেলে কম্পনের তীব্রতা ছিল ৬.৩।

এখনও পর্যন্ত সরকারিভাবে এদিনের ভূমিকম্পে হতাহতের বা ক্ষয়ক্ষতির খবর দেওয়া হয়নি। তবে, স্থানীয় সূত্রে জান গিয়েছে, হেরাতে দেওয়াল চাপা পরে ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে এক ব্যক্তির। আরও বহু মানুষ গুরুতর আহত হয়েছেন। তাঁদের হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছে। কাজেই মৃতের সংখ্যা অনেক বড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

হেরাতেই গত শনিবার তীব্র ভূমিকম্পে বহু মানুষের মৃত্যু হয়েছে। জখম হয়েছেন আরও দু'হাজার জন। ভেঙে পড়েছে বহু ঘরবাড়ি। রিখটার স্কেলে মোট আটটি 'আফটার শক' বা ভূমিকম্প পরবর্তী কম্পন ধরা পড়েছে ওই এলাকায়। রিখটার স্কেলে 'আফটার শক'গুলির কম্পন-মাত্রা ছিল ৪.৬ থেকে ৫.৫। সেই ভূমিকম্পের ভয়াবহতা কাটিয়ে ওঠার আগেই গত বুধবার আবার কেঁপে ওঠে আফগানিস্তান। ওই দিন সকাল ৫টা ১১ মিনিটে আবার পশ্চিম আফগানিস্তানের হেরাট প্রদেশের সংলগ্ন এলাকায় কম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে এই কম্পনের মাত্রা ছিল ৬.৩। ভূমিকম্পে স্কুল, হেল ক্লিনিক এবং গ্রামীণ এলাকার অন্যান্য পাকা বাড়িগুলিও ভেঙে পড়ে।

মৃতদের অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য গণকবর খনন করতে হচ্ছে। ধ্বংসস্তূপ সরিয়ে সরিয়ে এখনও পরিবার পরিজনের খোঁজ করছেন এলাকার মানুষ। অনেক জায়গায় এমন অবস্থা, এলাকার যত মানুষ বেঁচে আছেন, তার থেকে উদ্ধারকারী হিসেবে বাইরে থেকে আসা লোকের সংখ্যা বেশি। এই ভয়ঙ্কর ক্ষতির সঙ্গে এলাকার মানুষ যখন মানিয়ে নেওয়ার লড়াই শুরু করছেন, সেই সময়ই ফের ভূমিকম্পের কবলে পড়ল এই এলাকা।

## রঘুনাথপুরে গঙ্গা স্নানে নেমে তলিয়ে গেল ব্যাঙ্ক কর্মী

রঘুনাথগঞ্জ, ১৫ অক্টোবর (হি. স.) : মুর্শিদাবাদের রঘুনাথপুরে ভাগীরথিতে স্নান করতে গিয়ে তলিয়ে গেল এক ব্যাঙ্ক কর্মী। রবিবার আচমকাই তলিয়ে যান তিনি।

এদিন গঙ্গায় পুণ্যস্নানে ভিড় জমিয়েছেন অনেকে। সেখানে বীরভূমের আগত পুণ্যার্থী যেমন রয়েছেন, আছেন মুর্শিদাবাদের মানুষও। অন্যান্যদের মতো মহেশপুরের বাসিন্দা আনন্দ কুমার নেমেছিলেন রঘুনাথপুর বটতলা এলাকার গঙ্গা স্নানে। আর তখনই আচমকা তলিয়ে যান তিনি।কিছুক্ষণ কেটে যাওয়ার পর আনন্দবাবুকে দেখতে না পেয়ে শুরু হয় খোঁজাখুঁজি। ঘটনাস্থলে আসে রঘুনাথগঞ্জ থানার পুলিশ। ডুবুরি নামিয়ে চলে তল্লাশি অভিযান।

## জম্মুর মাতা বাবে ওয়ালীর মন্দিরে পূজা দিলেন মোহন ভাগবত

জম্মু, ১৫ অক্টোবর (হি.স.) : জম্মুর মাতা বাবে ওয়ালীর দর্শন করলেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসঙ্ঘচালক ডাঃ মোহন ভাগবত। রবিবার শারদীয়া নবরাত্রির প্রথম দিন জম্মু শহরের মাতা বাবে ওয়ালীর মন্দিরে পূজা দেন সরসঙ্ঘচালক। এদিন তিনি সকলকে নবরাত্রির শুভেচ্ছাও জানিয়েছেন।

ডাঃ ভাগবত শনিবার একটি অনুষ্ঠানে সংঘের স্বয়ংসেবকদের পরিবেশ রক্ষা, সামাজিক সম্প্রীতি এবং ভারতের ঐতিহ্যগত পরিবার ব্যবস্থাকে শক্তিশালী করতে নির্দেশ দেন। তিনি সকলকে এসবকিছুর উপর গুরুত্ব দিতে জোর দেন। ডাঃ ভাগবত বলেন, সাংগঠনিক যোগাযোগকে আরও বিস্তৃত করার পাশাপাশি আরএসএস-এর বার্তা ঘরে ঘরে পৌঁছে দেওয়া উচিত।

## ডঃ আব্দুল কালামকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রীর

ভোপাল, ১৫ অক্টোবর (হি. স.) : মহান বিজ্ঞানী, ভারতের প্রাক্তন রাষ্ট্রপতি ও ভারতরত্ন ডঃ আব্দুল কালামকে তাঁরা জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করলেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান। রবিবার তাঁকে স্মরণ করে বিনম্র শ্রদ্ধা জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

তিনি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে লিখেছেন, মহান বিজ্ঞানী, ভারতরত্ন, প্রাক্তন রাষ্ট্রপতি, শ্রদ্ধেয় আবদুল কালাম জির জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানাই। জাতির উন্নতির জন্য নিবেদিত আপনার জীবন আমাদের সকলকে একটি শিক্ষিত, শক্তিশালী, সক্ষম ও গৌরবময় দেশ গঠনে সম্ভাব্য সব ধরনের অবদান রাখতে অনুপ্রাণিত করবে।

## গরবা গান রচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি.স.) : গরবা গান রচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার নবরাত্রির প্রথম দিনে একটি গরবা গান শেয়ার করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গত সপ্তাহে প্রধানমন্ত্রী এই গানটি লেখেন।

প্রধানমন্ত্রী মোদী সোশ্যাল মিডিয়া এক্স-এ লেখেন, "শুভ নবরাত্রি উপলক্ষ্যে আমি গত সপ্তাহে আমার লেখা একটি গরবা গান সকলের মধ্যে শেয়ার করতে পেরে আনন্দিত।" উৎসবের ছন্দে মেতে উঠুক সবাই। মোদী গরবা গানের গায়ক এবং সুরকারকে 'এই গরবায় কণ্ঠ ও সঙ্গীত দেওয়ার জন্য' ধন্যবাদ জানিয়েছেন।

তিনি লিখেছেন, মিট ব্রোস এবং দিব্যা কুমারকে এই গারবা গানে কণ্ঠ ও সুর দেওয়ার জন্য ধন্যবাদ জানাচ্ছি। প্রধানমন্ত্রী তাঁর ইউটিউব চ্যানেলে 'মাদী' গানটি শেয়ারও করেছেন। গানটি চার মিনিট ৪০ সেকেন্ড দীর্ঘ। গানটি গুজরাটি ভাষায় গাওয়া হয়।

## ইজরায়েল থেকে নিরাপদে বাড়ি ফিরেছেন উত্তরাখণ্ডের ১০ জন নাগরিক

দেরাদুন, ১৫ অক্টোবর (হি.স.) : অপারেশন অজয়ের অধীনে, ইজরায়েলে আটকে পড়া ভারতীয় যাত্রীদের রবিবার একটি বিশেষ বিমানে নিরাপদে দেশে ফিরিয়ে আনা হয়েছিল। এর মধ্যে রয়েছে উত্তরাখণ্ডের ১০ জন নাগরিক।

রবিবার সকালে অপারেশন অজয়ের অধীনে, দুটি বিশেষ বিমানে ইসরায়েল থেকে ভারতীয়দের নিরাপদে দেশে ফিরিয়ে আনা হয়। এতে উত্তরাখণ্ডের ১০ জন নাগরিক ফিরে এসেছেন। দিল্লি বিমানবন্দরে তাঁদের স্বাগত জানান উত্তরাখণ্ড সরকারের প্রতিনিধি। এরপর দিল্লির উত্তরাখণ্ড সদনে বিশ্রাম ও জলখাবার শেষে গন্তব্যের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়।

নিরাপদে ফিরে আসার পর এসব মানুষ সরকারকে ধন্যবাদ জানিয়েছেন। এখনও পর্যন্ত উত্তরাখণ্ডের ১৩ জন নাগরিক নিরাপদে ফিরেছেন।

## মুজাফফরপুরে বাস ও অটোর সংঘর্ষে নিহত পাঁচজন, দুজনের অবস্থা আশঙ্কাজনক

মুজাফফরপুর, ১৫ অক্টোবর (হি. স.) : বিহারের মুজাফফরপুর জেলার ২৮ নং জাতীয় সড়কে সুজাওয়ালপুরের কাছে একটি বাস এবং একটি অটোর মধ্যে মুখোমুখি সংঘর্ষে পাঁচজনের মৃত্যু হয়েছে এবং দুজন গুরুতর আহত হয়েছে। আশঙ্কাজনক অবস্থায় আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রবিবার দুর্ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। দুর্ঘটনার পর স্থানীয়রা সুজাওয়ালপুর চকের কাছে মুজাফফরপুর-সমস্তিপুর প্রধান সড়ক এনএইচ-২৮ অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকে। বিক্ষুব্ধ জনতা ও পুলিশের মধ্যে সামান্য ধস্তাধস্তিও হয়। সাকরা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বিক্ষুব্ধ জনতাকে শান্ত করার চেষ্টা করছে।

## মুজাফফরপুরে বাস ও অটোর সংঘর্ষে নিহত পাঁচজন, দুজনের অবস্থা আশঙ্কাজনক

মুজাফফরপুর, ১৫ অক্টোবর (হি. স.) : বিহারের মুজাফফরপুর জেলার ২৮ নং জাতীয় সড়কে সুজাওয়ালপুরের কাছে একটি বাস এবং একটি অটোর মধ্যে মুখোমুখি সংঘর্ষে পাঁচজনের মৃত্যু হয়েছে এবং দুজন গুরুতর আহত হয়েছে। আশঙ্কাজনক অবস্থায় আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রবিবার দুর্ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। দুর্ঘটনার পর স্থানীয়রা সুজাওয়ালপুর চকের কাছে মুজাফফরপুর-সমস্তিপুর প্রধান সড়ক এনএইচ-২৮ অবরোধ করে বিক্ষোভ দেখাতে থাকে। বিক্ষুব্ধ জনতা ও পুলিশের মধ্যে সামান্য ধস্তাধস্তিও হয়। সাকরা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বিক্ষুব্ধ জনতাকে শান্ত করার চেষ্টা করছে।

## আলিপুরদুয়ারে ব্যক্তির রক্তাক্ত দেহ উদ্ধার

আলিপুরদুয়ার, ১৫ অক্টোবর (হি.স.) : আলিপুরদুয়ারের কালচিনির গড়বস্তি এলাকা থেকে এক ব্যক্তির রক্তাক্ত দেহ উদ্ধার করা হয়েছে। রবিবার দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। মৃত ব্যক্তির নাম গৌরব মুখার্জি। তিনি আলিপুরদুয়ারের ভোলাদাবাড়ির বাসিন্দা ছিলেন।

জানা গেছে, ৩১ নম্বর জাতীয় সড়কের ডিমা সেতু এলাকায় রাস্তার ধারে এক ব্যক্তির রক্তাক্ত দেহ দেখতে পান স্থানীয়রা। দেহের মাথায় আঘাতের চিহ্ন রয়েছে। খবর পেয়ে কালচিনি থানার নিমিতি আউট পোস্টের পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। পুরো ঘটনার তদন্ত করছে পুলিশ।

মৃত গৌরব মুখোপাধ্যায়ের পরিবারের সদস্যরা জানিয়েছেন, গৌরব আলিপুরদুয়ারের একটি বেসরকারি হোটেলে নিরাপত্তারক্ষীর কাজ করতেন। শনিবার বিকেলে কাজে গিয়ে রাতে বাড়ি ফেরেনি। এরপর এদিন সকালে তার মৃত্যুর খবর আসে।

## হরিয়ানার ফতেহাবাদে খড় ভর্তি ট্রাক্টরে আগুন, ট্রাক্টর পুড়ে ছাই

ফতেহাবাদ, ১৫ অক্টোবর (হি.স.) : হরিয়ানার ফতেহাবাদে খড় ভর্তি ট্রাক্টরে আগুন লেগে বিপত্তি। ট্রাক্টরটি আগুনে পুড়ে যায়।

রবিবার বিকেলে হরিয়ানা জেলার জাখাল এলাকার আকনওয়ালী গ্রামের কাছে একটি খড় ভর্তি ট্রাক্টরে আগুন লেগে যায়। বৈদ্যুতিক তারে শর্ট সার্কিটের কারণেই খড়ের গাঁট ভর্তি একটি ট্রাক্টরে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ট্রলিটি সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে যায়। দুর্ঘটনায় ট্রাক্টরের চালক ও তাঁর সঙ্গীরা ঝাঁপ দিয়ে ট্রাক থেকে নেমে যায়। সেজন্যই তাঁরা প্রাণে বেঁচে যায়। গ্রামবাসীরা দমকলে খবর দেয়। ধারসুল ও তোহানা থেকে দমকলের কর্মীদের গাড়ি ঘটনাস্থলে এলে অনেক চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। কিন্তু ততক্ষণে ট্রলিতে বোঝাই খড়সহ ট্রলিটি পুড়ে ছাই হয়ে যায়।

পুলিশ জানিয়েছে, গুলারওয়ালা গ্রামের বাসিন্দা মনদীপ সিং তাঁর ট্রাক্টরে গুলারওয়ালা রোডের আকানওয়ালি গ্রাম থেকে খড় দিয়ে তৈরি বেলগুলি লোড করে ভিওয়ানির প্লটে নিয়ে যাচ্ছিল। গ্রামের মাঠের মধ্য দিয়ে যাওয়ার সময় মাথার ওপর দিয়ে যাওয়া বিদ্যুতের আলগা তারগুলো খড়কে স্পর্শ করলে শর্ট সার্কিট হয়ে যায়, তা থেকে আগুনের সূত্রপাত হয়। ট্রাক্টরের চালক জানিয়েছেন, তাঁর ৪ লক্ষ টাকা ক্ষতি হয়েছে।

## ভিয়েতনামে পৌঁছে ট্রান কুক প্যাগোডা পরিদর্শন বিদেশমন্ত্রী জয়শঙ্করের

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি.স.) : ছয় দিনের ভিয়েতনাম ও সিঙ্গাপুর সফরে বিদেশমন্ত্রী ড় এস. জয়শঙ্কর রবিবার ভিয়েতনমের রাজধানী হ্যানয় পৌঁছেছেন। ভিয়েতনামের পর ডাঃ জয়শঙ্কর ১৯ থেকে ২০ অক্টোবর সিঙ্গাপুর সফরে থাকবেন। সফরকালে বিদেশমন্ত্রী তাঁর সিঙ্গাপুরের প্রতিমন্ত্রী এবং দেশের শীর্ষ নেতৃত্বের সঙ্গে দেখা করবেন। তিনি ভারতীয় আঞ্চলিক সম্মেলনেও সভাপতিত্ব করবেন। ড় জয়শঙ্কর এক্স-এ লেখেন, রবিবার তিনি ভিয়েতনামের রাজধানী হ্যানয় পৌঁছেছেন। বিখ্যাত ট্রান কুক প্যাগোডায় বিদেশমন্ত্রীকে স্বাগত জানানোর জন্য তিনি বুই থান সনকে ধন্যবাদ জানান। তিনি জানান, সোমবার ১৮ তম যৌথ কমিশনের বৈঠকে সহ-সভাপতির জন্য দেখা করতে তিনি অত্যন্ত উৎসুক হয়ে রয়েছেন।

এদিন বিদেশমন্ত্রী হ্যানয়ের ঐতিহাসিক ট্রান কুক প্যাগোডা পরিদর্শন করেন। হ্যানয়ে ট্রান কুক প্যাগোডা একটি বৌদ্ধ মন্দির। এটি ওয়েস্ট লেকের একটি দ্বীপে অবস্থিত। এটি ভিয়েতনামের প্রাচীনতম প্যাগোডাগুলির মধ্যে একটি। এখানকার বোধি বৃক্ষ ভারত ও ভিয়েতনামের মধ্যে বহু শতাব্দী প্রাচীন সম্পর্কের প্রতীক। এটি রাষ্ট্রপতি ড় রাজেন্দ্র প্রসাদ, রাষ্ট্রপতি হো চি মিনকে ১৯৫৯ সালে উপহার দিয়েছিলেন।

বিদেশমন্ত্রক সূত্রে জানা গিয়েছে, বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সফরের প্রথম ধাপে, তিনি ভিয়েতনাম-ভারত সম্পর্কের বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতি নিয়ে পর্যালোচনা করবেন এবং সহযোগিতা আরও বাড়ানোর উপায় নিয়ে আলোচনা হবে দুদেশের মন্ত্রীর মধ্যে। তিনি ১৮ অক্টোবর পর্যন্ত ভিয়েতনাম সফরে থাকবেন।

## করিমগঞ্জের দোহালিয়া বনাঞ্চলে ফের অবৈধ ফিশারিতে উচ্ছেদ

পাথারকান্দি (অসম), ১৫ অক্টোবর (হি.স.) : করিমগঞ্জ জেলার অন্তর্গত দোহালিয়া রিজার্ভ ফরেস্টে ছয়দিনের মাথায় ফের অবৈধ বিশাল ফিশারির বাঁধ কেটে জল বের করে দিয়েছেন বনকর্মীরা।

আজ রবিবার দোহালিয়া রেঞ্জ ফরেস্ট দফতরের কর্মী হারচিং ইংতি, দিলোয়ার হোসেন, মণ্টু বরুয়ারা সলগই বিট এলাকার চন্দ্রপুর সংরক্ষিত বনাঞ্চলের লালগেনাই জঙ্গলে প্রায় ২৫ বিঘা এলাকা জুড়ে গড়ে তোলা একটি অবৈধ ফিশারির বাঁধ কেটে জল বের করে দিয়েছেন।

এর আগে গত সোমবার অনুরূপভাবে দোহালিয়া ফরেস্ট রেঞ্জের কর্মীরা বাদশাহী রিজার্ভের চন্দ্রপুর এলাকার হামিদরগেনাইয়ে অবৈধভাবে গড়ে তোলা আরও দুটি বিশাল ফিশারির বাঁধ কেটে জল ও মাছ বের করে দিয়েছিলেন। এতে প্রায় ৬০ বিঘা বনভূমি বেদখল মুক্ত হয়।

বন বিভাগের এ ধরনের অভিযান অব্যাত থাকবে বলে জানান রেঞ্জ অফিসার প্রণব কলিতা।

## কোচবিহারে পথ দুর্ঘটনায় ফের মোহনের মৃত্যু, ক্ষুব্ধ এলাকাবাসী

কোচবিহার, ১৫ অক্টোবর (হি.স.): পথ দুর্ঘটনায় ফের মোহন (কচ্ছপ)-এর মৃত্যু। রবিবার সকালে। কোচবিহারের বানেশ্বরের জল ট্যাংকি সংলগ্ন রাস্তার উপরে গাড়ি চাপা পড়ে কচ্ছপটির মৃত্যু হয়। ঘটনায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে ব্যাপক ক্ষোভ ছড়িয়ে পড়েছে।

পথ দুর্ঘটনায় বারবার কচ্ছপের এভাবে মৃত্যুর ঘটনায় ক্ষুব্ধ বানেশ্বর মোহন রক্ষা কমিটি সহ বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন। এ বিষয়ে বানেশ্বর মোহন রক্ষা কমিটির সাধারণ সম্পাদক রঞ্জন শীল বলেন, 'প্রশাসনিক চরম উদাসীনতার কারণেই কচ্ছপগুলির এভাবে মৃত্যু ঘটছে। প্রশাসনকে তারা একাধিকবার এই নিয়ে ব্যবস্থা গ্রহণের দাবি জানালেও তারা বিষয়টি নিয়ে অনেকটাই উদাসীন। পরিস্থিতি এতটাই ভয়াবহ হয়ে উঠেছে যে চলতি মাসে পথ দুর্ঘটনায় বানেশ্বরে এই নিয়ে ছয়টি মোহনের মৃত্যু হল। চলতি বছরে এই সংখ্যা প্রায় ৩০-এর কাছাকাছি। প্রশাসন অবিলম্বে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ না করলে

# ১২.১২ কোটি টাকার মাদক ট্যাবলেট মেথামফেটামিন সমেত মিজোরামে গ্রেফতার করিমগঞ্জের দুই যুবক

আইজল, ১৫ অক্টোবর (হি.স.) : মিজোরামে আরও ১২.১২ কোটি টাকার নিষিদ্ধ মাদক ট্যাবলেট মেথামফেটামিন উদ্ধার করেছেন আসাম রাইফেলস এবং একসাইজ অ্যান্ড নারকটিক দফতরের আধিকারিকরা। মাদক পাচারের অভিয়োগে গ্রেফতার করা হয়েছে অসমের করিমগঞ্জ জেলার দুই যুবককে। ধৃত দুই যুবককে জনৈক ফকর উদ্দিনের বছর ৩২-এর ছেলে আলতাব উদ্দিন এবং রিয়াজ উদ্দিনের ছেলে আনাম উদ্দিন (৩২) বলে পরিচয় পাওয়া গেছে।

আজ রবিবার আসাম রাইফেলস-এর এক সূত্র এ খবর দিয়ে জানিয়েছে, গোপন তথ্যের ভিত্তিতে শনিবার রাতে মিজোরামের ভারত-মায়ানমার সীমান্তবর্তী চাম্পাই জেলার অন্তর্গত জোতে গ্রামে একসাইজ অ্যান্ড নারকটিক দফতরের আধিকারিকদের নিয়ে যৌথ অভিযান চালিয়ে ৪০,৪০০টি নেশার মেথামফেটামিন ট্যাবলেট বাজেয়াপ্ত করা হয়েছে। বা ে জ য. া প্ত ক, ত মেথামফেটামিনগুলির আন্তর্জাতিক বাজারমূল্য ১২ কোটি ১২ লক্ষ টাকা। উভয়ের বিরুদ্ধে চাম্পাই জেলা বিশেষ নারকোটিক থানায় নারকটিক ড্রাগস অ্যান্ড সাইকোট্রপিক সাবসট্যান্সেস অ্যাক্ট, ১৯৮৫ (এনডিপিএস) আইনের অধীনে ৪৬/২৩ নম্বরে মামলা নথিভুক্ত করে তদন্ত করা হচ্ছে, জানিয়েছে সূত্রটি।

# বানারহাটে হাতির হানায় মৃত্যু বৃদ্ধের

বানারহাট, ১৫ অক্টোবর (হি.স.) : জলপাইগুড়িতে হাতির হানায় মৃত্যু হল এক বৃদ্ধের। রবিবার সকালে বানারহাট ব্লকের মোগলকাটা চা বাগানের লালটিং লাইনে শৌচকর্ম করতে গিয়ে হাতির হানার কবলে পড়েন মোংরা ওরাওঁ(৬০)। আহত হয়েছেন বৃদ্ধের মেয়ে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন এদিন সকাল ৬টা নাগাদ লালটিং লাইনের মোংরা ওরাওঁ নামের এক বৃদ্ধ শৌচকর্ম করতে বাড়ির পাশে জঙ্গলে যান।

ঠিক সেই সময় পাশেই জঙ্গলে দাঁড়িয়ে থাকা হাতি এসে ওই বৃদ্ধকে আক্রমণ করলে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।

বাবার চিৎকার শুনে মেয়ে বাঁচাতে গেলে হাতিটি মেয়েকে তাড়া করে। পালাতে গিয়ে আহত হন বৃদ্ধের বড় মেয়ে। খবর পেয়ে ঘটনাস্থলে যান বিন্নাগুড়ি বন্যপ্রাণ কর্মীরা ও বানারহাট থানার পুলিশ। মৃতদেহ উদ্ধার করে থানায় নিয়ে যাওয়া হয়।

বিন্নাগুড়ি বন্যপ্রাণ দফতর সূত্রে জানানো হয়, হাতিটি পাশে মোরাঘাট জঙ্গল থেকে এসে শ্রমিক লাইনের পাশে জঙ্গলে দাঁড়িয়ে ছিল।

আমরা পুলিশের সহযোগিতায় মৃতদেহ উদ্ধার করে নিয়ে এসেছি। সরকারি নিয়ম মেনে মৃতের পরিবারকে বন দফতরের তরফে ক্ষতিপূরণ দেওয়ার চিন্তা করা হবে।

# রাতভর তল্লাশিতে উদ্ধার তর্পণ করতে গিয়ে গঙ্গায় তলিয়ে যাওয়া ৪ জনের দেহ

হুগলি, ১৫ অক্টোবর (হি.স.): শনিবার মহালয়ার সকালে তর্পণ করতে গিয়ে গঙ্গায় তলিয়ে যাওয়া চারজনের দেহ উদ্ধার। গতকাল হিন্দমোটরের বিবি স্ট্রিট ঘাটে গঙ্গায় তর্পণ করতে গিয়ে তলিয়ে গিয়েছিলেন তাঁরা। রাতভর তল্লাশির পর রবিবার চারজনের দেহ উদ্ধার করা হয়।

শনিবার হুগলির হিন্দমোটরের বিবি স্ট্রিট ঘাটে গঙ্গায় তর্পণ করতে যান ওই চারজন। এদিন গঙ্গায় তলিয়ে নিখোঁজ হন আরও একজন। উদ্ধারকাজে দেরি হচ্ছে বলেই অভিযোগ স্বজনহারাদের। রাস্তা অবরোধ করে, পুলিশকে ঘিরে বিক্ষোভ দেখান স্থানীয়রা। দাবি মেনে রাতে আলোর বন্দোবস্ত করে স্পিড বোট নামিয়ে তল্লাশি চালানো হয়। তাঁদের খোঁজে নামানো হয় বিপর্যয় মোকাবিলা বাহিনীকে। চন্দননগরের পুলিশ কমিশনার অমিত পি জাভালগির উপস্থিতিতে রাতে গিয়ে স্পিডবোটে গঙ্গাবক্ষে তল্লাশি চলে। চন্দননগর পুলিশের আধিকারিকরাও তল্লাশি অভিযানে ছিলেন।

শ্রীরামপুরের ডিসি অরবিন্দ আনন্দ জানান, রবিবার ভোরে তল্লাশি চালানোর সময় বালি ব্রিজের কাছ থেকে তিনটি মৃতদেহ উদ্ধার হয়। পরে আরও একটি দেহ উদ্ধার করা হয়। ওই চারটি দেহ শ্রীরামপুর ওয়ালস হাসপাতালে ময়নাতদন্তে পাঠানো হয়েছে। সেখানে নিখোঁজের পরিবার দেহ শনাক্ত করবে। বাকি আরও একজন এখনও নিখোঁজ। তাঁর খোঁজে তল্লাশি চলছে। বিপর্যয় মোকাবিলা ও পুলিশের মোট পাঁচটি দল তল্লাশি চালাচ্ছে।

# অমৃতসরে ভারত-পাকিস্তান সীমান্ত থেকে দুই কেজি হেরোইন বাজেয়াপ্ত, গ্রেফতার দুই

চণ্ডীগড়, ১৫ অক্টোবর (হি.স.) : পাঞ্জাবের অমৃতসরে ভারত-পাকিস্তান সীমান্ত থেকে মাদকদ্রব্য আনা ও বিক্রি করার সাথে জড়িত থাকায় একটি গ্যাংয়ের দুই সদস্যকে আটক করেছে স্পেশাল টাস্ক ফোর্স। তাদের কাছ থেকে আড়াই কেজি হেরোইন উদ্ধার করা হয়েছে। কিছুদিন আগে ড্রোনের মাধ্যমে এই হেরোইন পাকিস্তান থেকে ফেলা হয়।

রবিবার পুলিশ জানিয়েছে, অটলগড় গ্রামের বাসিন্দা লভজিৎ সিং এবং কাউঙ্কের বাসিন্দা নিশান সিংকে ভান্দে গ্রামের কাছে আটক হয়েছে। তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে তদন্ত শুরু হয়েছে।

# ভূমিকম্পে কেঁপে উঠল রাজধানী দিল্লি

নয়াদিল্লি, ১৫ অক্টোবর (হি. স.) : ভূমিকম্পে কেঁপে উঠল দিল্লি। রবিবার দিল্লি-এনসিআর-এ ভূমিকম্প অনুভূত হয়। রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ৩.১। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি জানিয়েছে, বিকেল ৪টে ৮ মিনিট নাগাদ দিল্লিতে ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পের মাত্রা ৩.১। ফরিদাবাদ অঞ্চলে ১০ কিলোমিটার গভীরে ভূমিকম্পের উৎসস্থল। এর আগে ৩ অক্টোবর জোরালো ভূমিকম্প অনুভূত হল দিল্লি-সহ উত্তর ভারতের একাংশে। রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ছিল ৬.২। জোরালো ভূমিকম্প হিসেবেই বিবেচিত হয় এটি। ভূপৃষ্ঠের পাঁচ কিলোমিটার গভীরে উৎস্থল ছিল ভূমিকম্প। যেখানে ভূমিকম্প হয়, তা উত্তরাখণ্ডের একেবারে কাছে অবস্থিত।

## বাসন্তীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু

বাসন্তী, ১৫ অক্টোবর (হি. স.) বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক ব্যক্তির। মৃতের নাম নির্মল নস্কর(৬২)। রবিবার সকাল সাড়ে ন'টা নাগাদ ঘটনাটি ঘটেছে বাসন্তী থানার সরবেরিয়া এলাকায়।
পরিবারের সদস্যরা তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে স্থানীয় সুন্দরবন শ্রমজীবী হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। ঘটনার খবর পেয়ে বাসন্তী থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। কিভাবে ঘটনা ঘটল সে বিষয়ে তদন্ত শুরু করেছে বাসন্তী থানার পুলিশ।

## অনলাইন প্রতারণা চক্রে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার ১

মালদা, ১৫ অক্টোবর (হি.স.): অনলাইন প্রতারণা চক্রে জড়িত থাকার অভিযোগে কালিয়াচক থেকে এক ব্যক্তিকে গ্রেফতার করল মালদা সাইবার ক্রাইম থানার পুলিশ। ধৃত ব্যক্তির সঙ্গে ঝাড়খণ্ডের জামতারা গ্যাংয়ের যোগ রয়েছে, এমনই তথ্য হাতে এসেছে তদন্তকারীদের। রবিবার ধৃতকে মালদা জেলা আদালতে পেশ করা হয়েছে।
ধৃত ব্যক্তির নাম মহম্মদ আবদুল্লা (৪২)। বাড়ি কালিয়াচকের হাটখোলা এলাকায়। সাইবার ক্রাইম বিভাগ সূত্রে জানা গিয়েছে, এক অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে একটি সিএসপির যোগ সূত্র মেলে। সেখানে জেরা করেই উঠে আসে আবদুল্লার নাম। প্রাথমিক জিজ্ঞাসাবাদে দেওঘরের কুখ্যাত জামতারা গ্যাংয়ের সঙ্গে যোগ থাকার একাধিক তথ্যের হদিশ পেয়েছেন তদন্তকারী আধিকারিকরা।

## করিমগঞ্জের ভারত-বাংলা সীমান্ত থেকে ১৬ লক্ষ টাকার ইয়াবা বাজেয়াপ্ত

করিমগঞ্জ (অসম), ১৫ অক্টোবর (হি.স.) : করিমগঞ্জ জেলাধীন ভারত-বাংলা সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশে পাচারের পথে ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে ১৬ নম্বর ব্যাটালিয়নের বিএসএফ। শনিবার গভীর রাতে ভারত-বাংলা সীমান্তবর্তী ভিতরগুল এলাকা থেকে নেশা সামগ্রীগুলি বাজেয়াপ্ত করেছে বিএসএফ-এর অভিযানকারী দল।
গোপন সূত্রে প্রাপ্ত খবরের ওপর ভিত্তি করে অভিযান চালিয়েছিল ১৬ নম্বর ব্যাটালিয়নের বিএসএফ। সীমান্তে কাঁটা তার সংলগ্ন এলাকা থেকে বাজেয়াপ্ত করা হয়েছে ১,৬০০টি ইয়াবা ট্যাবলেট। বাজেয়াপ্তকৃত ইয়াবা ট্যাবলেটগুলির বাজারমূল্য ১৬ লক্ষ টাকা হবে বলে বিএসএফ সূত্রে জানা গেছে।

## পানাগড়ে বাঘ, মিথিলা ও বালিয়া এক্সপ্রেসের স্টপেজের ব্যাবস্থা করলেন সাংসদ আলুওয়ালিয়া

দুর্গাপুর, ১৬ অক্টোবর (হি. স.) : আসানসোল-বর্ধমান শাখার পানাগড়ে আরও তিনটি এক্সপ্রেস ট্রেনের স্টপেজ করল সাংসদ সুরিন্দর সিং আলুওয়ালিয়া। যাত্রীদের সুবিধার্থে পুর্ব রেল পানাগড়ে ১৩১০৫/১৩১০৬ হাওড়া-বালিয়া এক্সপ্রেস, ১৩০১৯ হাওড়া-কাঠগুদাম বাঘ এক্সপ্রেস, ১৩০২২ রক্সোল-হাওড়া মিথিলা এক্সপ্রেস পানাগড়ে স্টপেজ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।
রেল বিভাগ সূত্রে জানা গেছে, আগামী ১৮ অক্টোবর পানাগড়ে আনুষ্ঠানিক সূচনা করবেন সাংসদ সুরিন্দর সিং আলুওয়ালিয়া। প্রসঙ্গত, গত সেপ্টেম্বর মাসে কলকাতা - গোরখপুর পূর্বাঞ্চল এক্সপ্রেস পানাগড়ে স্টপেজের সূচনা করেন সাংসদ সুরিন্দর সিং আলুওহালিয়া। তার আগে তিনি একাধিক ট্রেনের স্টপেজের ব্যাবস্থা করেন বর্ধমান, পানাগড়, মানকর স্টেশনে। গত মে মাসে হাওড়া ভোপাল এক্সপ্রেস বর্ধমান স্টেশনে স্টপেজ দেওয়া শুরু করে। সিউড়ি-হাওড়া হুল এক্সপ্রেস মানকর স্টেশনে স্টপেজ দেওয়া শুরু করে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## পুজোয় ত্রাণ নয়, কংক্রিটের নদীবাঁধের দাবিতে আন্দোলনে নেমেছেন সুন্দরবনবাসী

গোসাবা, ১৫ অক্টোবর (হি. স.) আরও একবার কংক্রিটের বাঁধের দাবি নিয়ে নদীবাঁধে দাঁড়িয়ে আন্দোলনে নামলেন সুন্দরবনবাসী। সুন্দরবন নদীবাঁধ ও জীবন জীবিকা রক্ষা কমিটির ডাকে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার সাগর থেকে ইচ্ছামতি পর্যন্ত নদীবাঁধের উপর দাঁড়িয়ে প্রতিবাদ, আন্দোলন গড়ে তুললেন এই সংগঠনের মানুষজন।
য়লা, আমপান, ইয়াস, বুলবুলের মত ঘূর্ণিঝড় ফি বছর সুন্দরবনের উপর আছড়ে পড়ে। এতে একদিকে যেমন ঝড়ের দাপটে তছনছ হয়ে যায় একের পর এক বাড়ি, ঘর, তেমনি ঝড়ের দাপটে নদীবাঁধ ভেঙে প্লাবিত হয় একের পর এক গ্রাম। জমির ফসল থেকে শুরু করে পুকুরের মাছ সব ভেসে যায়। বাড়ি ঘর দিনের পর দিন জলমগ্ন পরিস্থিতি হয়। সুন্দরবনবাসীর সমস্ত কিছু তছনছ করে দিয়ে যায় একের পর এক ঘূর্ণিঝড়। মাথা গোঁজার ঘর, চাষের জমি এক লহমায় সবই জলের তলায় চলে যায়। এই পরিস্থিতিতে বারে বারে কংক্রিটের নদী বাঁধের দাবি জানিয়েছেন সুন্দরবনের মানুষজন। বিশেষ করে যে সমস্ত মানুষ নদী তীরবর্তী এলাকায় থাকেন তাঁরা বারে বারে এই নদীবাঁধের জন্য আন্দোলন করেছেন। আমপানের পরও সুন্দরবনের একাধিক জায়গায় মানুষ নদীর বাঁধের উপর দাঁড়িয়ে কংক্রিটের বাঁধের দাবি জানিয়েছিলেন। এবারও তাঁরা রবিবার সকাল থেকে সুন্দরবনের বিভিন্ন প্রান্তে নদীবাঁধের উপর দাঁড়িয়ে কংক্রিটের বাঁধের দাবিতে পোস্টার, প্ল্যাকার্ড নিয়ে আন্দোলন করলেন। হাতে গোনা দু একদিন বাদেই পুজো, বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার তরফ থেকে সুন্দরবনের প্রত্যন্ত এলাকায় পুজোর জন্য নতুন জামাকাপড়, ত্রাণ সামগ্রী নিয়ে মানুষ হাজির হতে শুরু করেছেন। এই পরিস্থিতিতে আরও একবার সুন্দরবন নদীবাঁধ ও জীবন জীবিকা রক্ষা কমিটি ডাক দিয়েছেন, " ত্রাণ নয়, চাই কংক্রিটের নদীবাঁধ।"
সুন্দরবনের বিস্তীর্ণ এলাকার নদীবাঁধ বেহাল। পূর্ণিমা, অমাবস্যার কোটালেই বাঁধ ভেঙে প্লাবিত হয় গ্রাম। সেখানে বুলবুল, আমপানের মত ঝড় কী ভাবে সামলাবে এই নড়বড়ে নদীবাঁধ, তা নিয়েই প্রশ্ন তুলেছেন আন্দোলনকারীরা। আয়লার পরে তৎকালীন বাম সরকার এ নিয়ে দিল্লিতে দরবার করে সুন্দরবনে কক্রিটের নদীবাঁধ তৈরির জন্য প্রথম দফায় ৫০৩২ কোটি টাকা কেন্দ্রীয় সাহায্য নিয়ে এসেছিলেন। কিন্তু মাত্র ১৮৪ কোটি টাকার কাজ হতে না হতেই পতন হয় বাম সরকারের। তৃণমূল ক্ষমতায় আসে। বাঁধ নির্মাণ করতে গিয়ে জমিজটের সমস্যা দেখা দেয় বিভিন্ন এলাকায়। তা মিটিয়ে কিছু কিছু এলাকায় তৈরি হয় আয়লা বাঁধ। কিন্তু বেশির ভাগ এলাকাতেই এই কংক্রিটের বাঁধ তৈরি করা যায়নি। গোসাবা ব্লকের অন্তর্গত ৩৮৪ কিলোমিটার নদীবাঁধের মধ্যে মাত্র ১৮ কিলোমিটার নদীবাঁধ কংক্রিটের হয়েছে। একই রকম হিসাব সুন্দরবনের অন্য ব্লকের নদীবাঁধেরও।
সংগঠনের সদস্য চন্দন মাইতি বলেন, " আমরা সুন্দরবনের মানুষ উদবাস্তু জীবন চাই না, আমরা স্থায়ী বাসস্থান চাই। আর সেটা স্থায়ী নদীবাঁধ না হলে সম্ভব নয়। সেই স্থায়ী নদীবাঁধের দাবিতেই এই আন্দোলন।" সংগঠনের সভাপতি অনাথ কুমার মাইতি বলেন, " সুন্দরবনের মানুষের জীবন, জীবিকাকে সুনিশ্চিত করতে হবে। তাই চাই কংক্রিটের নদী বাঁধ। সেই দাবিতেই আমরা আন্দোলন করছি। যতদিন না আমাদের দাবি পূরণ হবে, ততদিন আমরা এই আন্দোলন চালিয়ে যাবো।"

## করিমগঞ্জে লায়ন্স ক্লাব ও লিও ক্লাব-এর বস্ত্র বিতরণ

করিমগঞ্জ (অসম), ১৫ অক্টোবর (হি.স.) : লায়ন্স ক্লাব অব করিমগঞ্জ এবং লিও ক্লাব অব করিমগঞ্জ ইউথ-এর উদ্যোগে করিমগঞ্জে বস্ত্র বিতরণ করা হয়েছে। আজ রবিবার শিলচর রোডে এক অনুষ্ঠানে বিনামূল্যে দুস্থদের মধ্যে ২৬৭টি শাড়ি বিতরণ করা হয়।
অনুষ্ঠানে লায়ন্স ক্লাবের সার্ভিস চেয়ারপার্সন জগদীশচন্দ্র বণিক বলেন, দুস্থরা যাতে পুজোর সময় নতুন কাপড় পরতে পারেন, সে জন্যই লায়েন্স ক্লাবের এই উদ্যোগ। সভাপতি গৌতম দেবরায় বলেন, সীমিত ক্ষমতার মধ্যে তাঁরা উপস্থিত সবাইকে খুশি করার চেষ্টা করেছেন।
রবিবার আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রজেক্ট চেয়ারপার্সন পঞ্চাতপা দে বণিক, সন্তোষ কুমার জৈন, রঞ্জন চৌধুরী, সজল দাস, বিনোদ গং, জিতেন দে, অশোক দেব, বিশ্বনাথ দেব, অজিত সরকার, অমিতাভ এন্দো, নুপুর বণিক, রুপালি দেব, অদিতি দাস, শিল্পী সরকার, সুচিত্রা ভট্টাচার্য দেব এবং লিও ক্লাবের শ্রীনাথ বণিক, বিশ্বরূপ দেব, রিদ্ধি রায়, সোহন বিশ্বাস, প্রান্ত চৌধুরী প্রমুখ।

## করিমগঞ্জের বারইগ্রামে রাধারমণ আশ্রম কমিটির বস্ত্র বিতরণ

বারইগ্রাম (অসম), ১৫ অক্টোবর (হি.স.) : প্রভুপাদ শ্রীশ্রী রাধারমণ গোস্বামী জিউ নিজে যেমন ধর্ম প্রচারের সঙ্গে সমাজ সেবামূলক কাজ করে গেছেন, তাঁর অবর্তমনে তাঁরই আশীর্বাদে এখন তাঁর শিষ্যরা মানবসেবা অব্যাহত রেখেছেন। প্রতি বছরের মতো এবারও দুর্গাপূজার আগে নতুন কাপড় বণ্টন করে গরিব মানুষের মধ্যে আনন্দ দেওয়ার চেষ্টা করেছে আশ্রম কমিটি। আর এভাবে মানবসেবা চালিয়ে যাওয়ার আহ্বান জানান শ্রীশ্রী গোপাল জিউ শ্রীশ্রী রাধাবিনোদ জিউ ও শ্রীশ্রী রাধারমণ গোস্বামী জিউ আশ্রমের প্রধান সেবাইত প্রণবানন্দ দাস বাবাজি। আজ রবিবার বারইগ্রামে আশ্রম প্রাঙ্গণে এলাকার দেড় শতাধিক পুরুষ ও মহিলাদের পুজো উপলক্ষ্যে নতুন কাপড় তুলে দেওয়া হয়েছে। এদিন আশ্রম কমিটির সম্পাদক তরুণ চৌধুরী বলেন, মূলত গুরুভাই কার্তিক পালের উৎসাহে এবং আমাদের মধ্যে কয়েকজনের পূর্ণ সহযোগিতায় বিগত বছর কয়েক থেকে বস্ত্র বিতরণ করা হচ্ছে। প্রতিবার পূজায় এমন আনন্দময় পরিবেশ ফিরে আসার আহ্বান জানান প্রচার সম্পাদক কার্তিক পাল।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কানাই দাস বাবাজি, আশ্রমের উপ-সভাপতি বাদল পাল, অনিরুদ্ধ ঘোষ, রঞ্জিত দাস, সুপর্ণা পাল, শশাঙ্ক দে, করুণাময় পাল, রঞ্জু দেবনাথ, জন্টু সাহা, বাপ্পি দাস, অভিজিৎ মালাকার, রত্না মালাকার, সঞ্চিতা ভট্টাচার্য, হিমানী দত্ত, মিনাক্ষী দাস, রূপক দাস প্রমুখ।

## শুভেন্দুর জনসভায় যাওয়ার পথে বিজেপি কর্মীদের ওপর হামলা, অভিযুক্ত তৃণমূল

আরামবাগ, ১৫ অক্টোবর (হি.স.): হুগলির আরামবাগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর জনসভায় বিজেপি কর্মীদের আসতে বাধা দেওয়া অভিযোগ তৃণমূল কর্মীদের। শুধু তাই নয়, মারধরের পাশাপাশি বেশ কয়েকটি গাড়িও ভাঙচুর করা হয়েছে বলে খবর। রবিবার এই ঘটনা ঘটে আরামবাগের বোলুন্ডিতে।
জানা গিয়েছে, রবিবার বিকেলে আরামবাগে শুভেন্দু অধিকারীর জনসভা ও র্যালি ছিল। সেই সভায় যোগ দিতে আসছিলেন কয়েকজন বিজেপি কর্মী। মলয়পুর থেকে আরামবাগের বোলুন্ডিতে আসছিলেন তারা। অভিযোগ, সেখানেই তাদের আটকে রেখে মারধর করেন তৃণমূল কর্মীরা। যার জেরে আক্রান্ত হন বিজেপি কর্মী-সমর্থকরা। খবর পেয়ে স্থানীয় বিজেপি নেতৃত্ব ঘটনাস্থলে পৌঁছয়। তাঁদের উদ্ধার করে আরামবাগ মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে আসা হয়। যদিও তৃণমূল নেতৃত্ব এই ঘটনার কথা অস্বীকার করেছেন। বিজেপি বিধায়ক মধুসূদন বাগ বলেন, "আজ বিরোধী দলনেতার আসার কথা। কিন্তু আজ যখন আমাদের লোকজন আসছিল সেই সময় তাদের ছেলেদের বাইক ভাঙচুর করা হয়েছে। জখম করা হয়েছে। আমরা পুলিশকে বলেছি। পুলিশ গিয়েছে।" আহত এক বিজেপি কর্মী বলেন, "আমাদের মোটর সাইকেল ভেঙে দিয়েছে। মারছে। ওরা জিজ্ঞাসা করছে আমরা বিজেপি করি কি না। আমরা হ্যাঁ বলতেই মারতে শুরু করল।"

## প্রতিপদে বর্ধমানের সর্বমঙ্গলা মন্দিরে ঘট স্থাপন দিয়ে শুরু হল রাঢ়বঙ্গের দুর্গাপুজো

বর্ধমান, ১৫ অক্টোবর (হি.স.): রবিবার প্রতিপদের দিন সাবেকি প্রথা মেনে প্রতিপদে সর্বমঙ্গলা মন্দিরে ঘট স্থাপন করা হল। বর্ধমানের রাজাদের খনন করা কৃষ্ণসায়র থেকে জল ভরা হল ঘটে। সেই ঘট স্থাপন করা হল সর্বমঙ্গলা মায়ের মন্দিরে। দেবীকে এদিন পরানো হয় রাজবেশ। আর এরই মধ্য দিয়ে বর্ধমান সহ কার্যত গোটা রাঢ়বঙ্গে এদিন থেকেই দুর্গাপুজো শুরু হয়ে গেল।
বর্ধমানের রাজারা জন্মসূত্রে ছিলেন পাঞ্জাবী।পরে বধূ হিসেবে নানা রাজ্যের মেয়েরা এসেছেন পরিবারে। নানা সংস্কৃতি, লোকাচারের মিশেল হয়েছে এখানে। প্রতিবার প্রতিপদে শুরু হয় রাঢ়-জননী সর্বমঙ্গলার পুজো। কৃষ্ণসায়র থেকে আচার মেনে জল ভরা হয়। এরপর হয় ঘটস্থাপন। পুজো চলবে নবমী অর্থাৎ নবরাত্রি অবধি।
বহু প্রাচীন সর্বমঙ্গলা মন্দিরে অধিষ্ঠাতা দেবীকে অত্যন্ত জাগ্রত দেবী হিসেবেই মানেন গোটা পূর্ব বর্ধমান জেলার বাসিন্দারা। কথিত আছে, রাজা তেজচন্দের আমলে এই মন্দির নির্মাণ হয়েছিল। মন্দির ঘিরে অনেক উপকথা আছে। চুনুরী বাড়ির মেয়েরা নাকি দেবীর পাষাণপ্রতিমায় গুগলি থেতো করতেন। স্বপ্নাদেশ পেয়ে দেবীকে এই প্রাচীন মন্দিরে প্রতিষ্ঠা করা হয়। দেবী দুর্গা এখানে সর্বমঙ্গলা রূপে পুজিতা হন। সারাবছরই তিনি বিরাজ করেন। পুজোর চারদিন যোড়শোপচারে দেবী আরাধনা হয় সর্বমঙ্গলা মন্দিরে। আগে মহিষ ও পাঁঠা বলি হত। এখন বলিপ্রথা বন্ধ হয়েছে। আগে সন্ধিপুজোর মহালগ্নে কামান দাগা হত। কিন্তু ১৯৯৭-এ বিস্ফোরণের পর থেকে সেই প্রথা বন্ধ হয়ে যায়। নবমীতে কয়েক হাজার মানুষকে ভোগ বিলি করা হয়। পুজোর দিনগুলোতে কয়েক হাজার ভক্তদের সমাগম হয়।

## সোমবার হাইলাকান্দিতে মাইক্রো ফিনান্স—এর 'নো ডিউজ সার্টিফিকেট'

হাইলাকান্দি (অসম), ১৫ অক্টোবর (হি.স.) : হাইলাকান্দি জেলার মাইক্রো ফিনান্স-এর ঋণ-গ্রহীতাদের 'নো ডিউজ সার্টিফিকেট' বণ্টন করা হবে আগামীকাল সোমবার।
হাইলাকান্দি শহরে অবস্থিত গভর্নমেন্ট ভিক্টোরিয়া মেমোরিয়াল হায়ার সেকেন্ডারি স্কুলের খেলার মাঠে বেলা আড়াইটায় জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে ঋণ-গ্রহীতাদের হাতে 'নো ডিউজ সার্টিফিকেট' তুলে দেওয়া হবে বলে সরকারি সূত্রে জানানো হয়েছে।

## দুর্গাপূজায় হাইলাকান্দি জেলা প্রশাসনের নির্দেশনা জারি মণ্ডপের আশপাশে মেলা, দোকান, ফুড স্টলে নিষেধাজ্ঞা

হাইলাকান্দি (অসম), ১৫ অক্টোবর (হি.স.) : হাইলাকান্দি জেলার সব পূজা কমিটিকে আসন্ন দুর্গা পূজার অনুমতি, প্রতিমা নিরঞ্জনের জন্য শোভাযাত্রা এবং মাইকের অনুমতির জন্য সংশ্লিষ্ট সার্কল অফিসে আবেদন করতে বলা হয়েছে। পূজা মণ্ডপগুলি প্রশস্ত বিস্তৃত এবং খোলামেলা স্থানে তৈরি করতে হবে। মণ্ডপের আশপাশে আবর্জনা ফেলার জন্য ডাস্টবিন রাখতে হবে। জেলার পূজা কমিটিগুলির সঙ্গে হাইলাকান্দিতে অনুষ্ঠিত জেলা প্রশাসনের এক বৈঠকে এই সব নিয়মাবলি জানিয়ে দেওয়া হয়েছে।
জেলাশাসক নিসর্গ হিভারের পৌরোহিত্যে অনুষ্ঠিত বৈঠকে জানানো হয়েছে, রাস্তার ওপর কোনও প্যান্ডেল নির্মাণ করা যাবে না। পূজা কমিটিগুলিকে মণ্ডপে সিসিটিভি ক্যামেরা বসাতে বলা হয়েছে। আগুন নেভানোর সামগ্রী হিসেবে মাটি, বালু, ফায়ার এক্সটিংগুইজার ইত্যাদি মজুত রাখতে বলা হয়েছে। মণ্ডপে প্রবেশ এবং প্রস্থানের পথ আলাদা রাখতে হবে। কমিটিগুলিকে যথেষ্ট প্রশিক্ষিত মহিলা এবং পুরুষ ভলান্টিয়ার রাখতে বলা হয়েছে।
ভলান্টিয়ারদের বেজ সহ পরিচয়পত্র দিতে বলা হয়েছে। তাঁদের নামের তালিকা নিকটবর্তী থানায় পূজার সাতদিন আগে জমা দিতে হবে। সব পূজা মণ্ডপকে রাত ১০টার পর বন্ধ করতে বলা হয়েছে। মণ্ডপের কাছাকাছি স্থানে মেলা, দোকান, ফুডস্টল তথা রেস্টুরেন্ট ইত্যাদি বসাতে দেওয়া হবে না। রাত ১০টার পর সুপ্রিম কোর্টের নিষেধাজ্ঞা অনুযায়ী মণ্ডপে মাইক বাজানো যাবে না বলে বৈঠকে জানিয়ে দেওয়া হয়েছে।

## হাইলাকান্দির নিত্যানন্দপুর ডিসপেনসারি কমিউনিটি হেলথ সেন্টারে উন্নীত

হাইলাকান্দি (অসম), ১৫ অক্টোবর (হি.স.) : কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ড় মনসুখ মান্ডবিয়া গুয়াহাটি আইটিআই-এ আয়োজিত এক ভার্চুয়াল অনুষ্ঠানের মাধ্যমে আজ রবিবার হাইলাকান্দি জেলার নিত্যানন্দপুর স্টেট ডিসপেনসারিকে কমিউনিটি হেলথ সেন্টারে উন্নীত করেছেন।
এ উপলক্ষ্যে নিত্যানন্দপুর হেল সেন্টারে আয়োজিত এক সভায় বিধায়ক জাকির হোসেন লস্কর, জেলাশাসক নিসর্গ হিভারে, স্বাস্থ্য যুগ্ম-অধিকর্তা অলকানন্দা নাথ সহ কয়েকজন বক্তা হাইলাকান্দি জেলার স্বাস্থ্য পরিষেবা যথেষ্ট উন্নত হয়েছে বলে অভিমত প্রকাশ করেন।

## সুইডেনে গবেষণা করতে গিয়ে রহস্যজনক মৃত্যু দুর্গাপুরের তরুণীর, মৃতদেহ ফিরিয়ে আনার করুন আর্জি মা"য়ের দোষীদের শাস্তি দাবি, খুনের অভিযোগ পরিবারের

দুর্গাপুর, ১৫ অক্টোবর(হি. স.) সুইডেনে গবেষনা করতে গিয়ে দুর্গাপুরের তরুণী গবেষকের রহস্যজনক মৃত্যু। ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে শিল্পশহরজুড়ে। মৃতদেহ ফিরিয়ে আনার ও অপারাধীর শাস্তির কারুন আর্জি পরিবারের। মৃতদেহ ফিরিয়ে আনার উদ্যোগ নিয়েছেন সাংসদ সুরিন্দর সিং আলুওয়ালিয়া।
পরিবার সূত্রে জানা গেছে, মৃতা ওই গবেষকের নাম রেশনি দাস (৩২)। দুর্গাপুরের ডিপিএল টাউনশিপের ইএন টাইপের বাসিন্দা। মেধাবী ছাত্রী রোশনির স্কুল জীবন কেটেছে দুর্গাপুরে। তারপর জুয়োলজিতে অনার্স নিয়ে বর্ধমান রাজ কলেজে পড়াশোনা করে। সেখান থেকে ওডিশার ভুবনেশ্বরে কলিঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে বায়োটেকনোলোজি নিয়ে পড়াশোনা করেন। ২০১৮ সালে সুইডেনের উমিয়া বিশ্ববিদ্যালয় থেকে নিউরো নিয়ে পোস্ট ডক্টরেটের জন্য গিয়েছিলেন রোশনি। সেখানে মেরিকুরী নামে এক ফাউন্ডেশন থেকে স্কালারশিপ পাচ্ছিলেন। কিন্তু, চার বছরের জন্য ছিল ওই স্কলারশিপ। ২০২২ সালে স্কলারশিপ বন্ধ হয়ে যাওয়ায় আর্থিক সঙ্কটে পড়েন রোশনি। তাই মা"য়ের কাছে মাঝে মধ্যে টাকা পাঠানোর জন্য বলতেন। রোশনির বাবা নারয়নচন্দ্র দাস ডিপিএলের অবসরপ্রাপ্তকর্মী ছিলেন। ২০১৯ সালে রোশনির বাবার মৃত্যুর পর তার মা" সঙ্কটে পড়েন।
মমতাদেবী জানান,' তবুও মেয়েকে মাঝে মধ্যে টাকা পাঠিয়েছি। এবছর গত এপ্রিল- মে মাস থেকে কিছু টাকা পাঠানোর জন্য বলছিল মেয়ে। গত ২৯ সেপ্টেম্বর শেষ কথা হয়। সেই মতো ৬ অক্টোবর ১ লাখ টাকা পাঠানো হয়। কিন্তু তার কোন উত্তর না পাওয়ায় উদ্বিগ্ন হয়ে পড়ি। এবং কোন যোগাযোগ না পাওয়ায় উৎকণ্ঠায় ছিলাম।'

## তেলিয়ামুড়ায় অবৈধ পার্কিং বন্ধ করতে পুলিশের তৎপরতা

● আটের পাতার পর
যানজট মুক্ত রাখতে এই প্রয়াস। তেলিয়ামুড়া শহর এলাকার যানজট সমস্যাটি দীর্ঘদিনের বহু পরিকল্পনা করা হলেও যানজট লেগেই রয়েছে আর যত্রতত্র পার্কিংয়ের ফলে বাড়ছে দুর্ঘটনা। তাই সর্বসাধারণের সুবিধার্থে এবং শহরকে যানজটমুক্ত রাখতে এই ব্যবস্থা পুলিশের।

## মহালয়া উপলক্ষ্যে আরতি ও পরিক্রমা

● আটের পাতার পর
ধামাইল প্রতিযোগিতার ও আয়োজন করাহয়। এতে ক্লাব এলাকার ৬ টি দল অংশ গ্রহন করে। এদের কে রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ মানীক সাহা মহোদয় দ্বারা পুজো মন্ডম উদ্ভোদন অনুষ্ঠানে পুরস্কৃত করার কথা জানান ক্লাব কর্তৃপক্ষ। এদিনের এই গংগা আরতি এবং পরিক্রমা নিয়ে শাস্ত্র বিষয়ে পুরোহিত নিহার পন্ডিত জানান।

## রক্ষা পেল ব্লক ও স্কুল

● প্রথম পাতার পর
এই ধরনের আগুন বলে প্রত্যক্ষদর্শীরা অনুমান করছেন। যাইহোক এদিন আগুন দেখতে পেয়ে স্থানীয়রা ছুটে এসে আগুন নিয়ন্ত্রণে আনতে খবর দেয় দমকল কর্মীদের। দমকল কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণে আনে। এলাকাবাসীর দাবি পরিত্যক্ত ঘরটি বেরিকেট দেওয়া হোক।

## গ্রেপ্তার বৈরী

● প্রথম পাতার পর
এবং সাত রাউন্ড সক্রিয় গুলি ভরতি একটি ম্যাগাজিন, একটি মোবাইল ফোনের হ্যান্ডসেট এবং নগদ ৬০ হাজার টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। এই টাকাগুলি তোলাবাজির টাকা বলে দাবি করেছে পুলিশ।

## জোট বেধে লড়াই


● প্রথম পাতার পর
চুক্তি অনুয়ায়ী, এমএনএফ সরকার সিনলুং হিলস কাউন্সিলের উন্নয়নের জন্য একটি বিশেষ প্যাকেজও দেবে এবং দুই দল আগামী বছর অনুষ্ঠেয় স্থানীয় নির্বাচনেও জোটবদ্ধ হয়ে প্রতিদ্বন্দ্বিতা করবে।
এখানে উল্লেখ করা যেতে পারে, চলতি বছরের আগস্টের শুরুতে রোহরিঙ্গার নেতৃত্বে আরেকটি এইচপিসি উপদল আসন্ন বিধানসভা নির্বাচনে একসঙ্গে কাজ করার জন্য মিজোরামে প্রধান বিরোধী দল 'জোরাম পিপলস মুভমেন্ট' (জেডপিএম)-এর সাথে একটি নির্বাচনী জোট গঠন করেছিল।
মণিপুর সংলগ্ন মিজোরামের মার জনগোষ্ঠী অধ্যুষিত অঞ্চলগুলিকে নিয়ে স্বশাসিত জেলা পরিষদ গঠনের দাবিতে এইচপিসি-র একটি অংশ ১৯৮৯ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত, পাঁচ বছর হাতে অস্ত্র তুলেছিল। উগ্রপন্থী সংগঠনটি ১৯৯৪ সালে তৎকালীন কংগ্রেস সরকারের সাথে একটি শান্তি চুক্তিতে স্বাক্ষর করেছিল। ওই চুক্তি অনুযায়ী মার জনগোষ্ঠীর জন্য একটি উন্নয়ন পরিষদ গঠন হয়েছিল।
উন্নয়ন পরিষদের প্রতি অসন্তুষ্ট এইচপিসি (ডি), এইচপিসি-র একটি বিভক্ত গোষ্ঠী ২০১৮ সালের এপ্রিল মাসে মিজোরাম সরকারের সাথে চুক্তি স্বাক্ষর না হওয়া পর্যন্ত জঙ্গি আন্দোলন চালিয়ে যাচ্ছিল। ২০১৮ সালে শান্তি চুক্তি অনুযায়ী মার জনগোষ্ঠীর জন্য পৃথক পার্বত্য পরিষদ গঠন হওয়া কথা ছিল।

## অগ্রাধিকার ঃ মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর
জনজাতিদের কল্যাণ ও সার্বিক বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। কামান চৌমুহনি সংলগ জিরো পয়েন্টে মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্যের মূর্তি বসানো হয়েছে। সরকারের উদ্যোগে আজ জনজাতিদের রিসা জাতীয় ও আন্তর্জাতিকস্তরে পরিচিতি লাভ করেছে। লেম্বছড়াতে ট্রাইবেল রিসার্চ অ্যাণ্ড কালচারেল ইনস্টিটিউট কাম মিউজিয়ামের নতুন কার্যালয় নির্মাণের কাজ শুরু হয়েছে। ব (রিয়াং) শরণার্থীদের দীর্ঘ ২৩ বছরের সমস্যা সমাধানের জন্য ঐতিহাসিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং ব পুনর্বাসন প্রক্রিয়া প্রায় শেষ পর্যায়ে রয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, জনজাতিদের কর্মসংস্থানের সৃষ্টি ও গুণগত রাবার উৎপাদন বৃদ্ধি করতে চিফ মিনিস্টার রাবার মিশন চালু করা হয়েছে। জনজাতি ছাত্রছাত্রীদের প্রাকমাধ্যমিক ও মাধ্যমিকোত্তর বৃত্তি প্রদান করা হচ্ছে। তাছাড়াও ছাত্রাবাস বৃত্তিও দেওয়া হচ্ছে। ১৭টি একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল নির্মাণের কাজ চলছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে সর্বাধিক গুরুত্ব দিয়ে সরকার কাজ করছে। কোনও ভাষা যাতে বিলুপ্ত না হয় সেই লক্ষ্যে সরকার সমস্ত ভাষার উন্নয়নে সমান গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, আগরতলা মহিলা কলেজ, ফটিকরায়ের আম্বেদকর কলেজ ও গণ্ডাছড়া সরকারি ডিগ্রি কলেজের হোস্টেল ভবন নির্মাণ করা হয়েছে। জনজাতিদের আরও বেশি সুযোগ সুবিধা প্রদানের জন্য এবারের বাজেটেও সংস্থান রাখা হয়েছে। জনজাতি এলাকার যোগাযোগ, অর্থনৈতিক ও সার্বিক বিকাশে বিশ্ব ব্যাঙ্ক ত্রিপুরা রুরাল ইকোনমিক গ্রোথ অব সাস্টেনেবেল সার্ভিস ডেলিভারি প্রজেক্টে সম্পতি ১৪০০ কোটি টাকার একটি প্রকল্পের অনুমোদন দিয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজমদার। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক মাইলাফ্রু মগ, ধম্মদীপা ফাউণ্ডেশনের ভাইস চেয়ারম্যান খেমাছড়া, মগ সোসিও কালচারেল অর্গানাইজেশনের সভাপতি কংজারি মগ চৌধুরী প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন সোসাইটি ফর ওয়েলফেয়ার অব মগ সোসাইটি স্টুডেন্টসের সাধারণ সম্পাদক রাকেশ মগ। অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে উত্তীর্ণ মগ সম্পদায়ের ১০ জন ক'তী মেধাবী ছাত্রছাত্রীকে পুরস্কৃত করা হয়। মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ ছাত্রছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন।

## তৈরি হচ্ছে পূজা মন্ডপ

● প্রথম পাতার পর
সকলকে সচেতন করা। শুধু তাই নয় এই পুজোর যারা প্যান্ডেল তৈরি করছে তারাও একসময় নেশার কবলে জর্জরিত ছিলেন। তারা এখন নেশা কে ত্যাগ করে মূল স্রোতে ফিরে এসেছেন। তাদের হাতেই তৈরি হচ্ছে এবারের পূজা মন্ডপ যা একটু ব্যতিক্রমী বলা যেতেই পারে। তবে এই ব্যতিক্রমী চিন্তাধারার মূল কারিগর শিল্পীর রূপা নন্দী। আর্ট কলেজ থেকে শিক্ষা লাভ করার পর তিনি বিভিন্নভাবে সমাজের বহু মানুষকে শিল্প সত্তার মাধ্যমে মূল স্রোতে ফিরিয়ে আনার চেষ্টা করেছেন। তার এই চিন্তা ধারা সমাজের জন্য শুভ কর। তাই শিল্পী নিজেই যারা একসময় নেশা সেবন করতো তাদের নিয়েই মন্ডপ তৈরির কাজে হাত লাগিয়েছেন। এখানেও একটা বার্তা সমাজের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তারা আজ নেশাকে ঘৃণার চোখে দেখে। কারণ ধ্বংসের হাত থেকে নিজেকে বাঁচিয়ে আজ শিল্প সত্তা নিয়ে বড় হতে চাইছে তারা। তাদের এই পথ চলাকে সমাজ কুর্নিশ জানায়।
ইতিহাসে প্রথমবার। জীবনের অনেকগুলো বছর নেশার কবলে জর্জরিত থেকে এখন সমাজের মূল স্রোতে যারা, তাদের হাতেই বর্ণিল সাজে সেজে উঠবে উজান অভয়নগরের নিউ স্টার ক্লাবের পূজা মন্ডপ। নেশার আঁধারে নিমজ্জিত যারা,তাদেরকে সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনার লক্ষ্যে- এবছর পূজার ভাবনা অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো'রাজ্যের বিশিষ্ট শিল্পী রূপা নন্দীর পরিচালায় বেশ কয়েকজন শিল্পীদের সাথে রঙ, তুলিতে হাত লাগাবেন নেশা ছেড়ে মূল স্রোতে আসা কয়েকজন তরুণ।পূজোর বাজেট ৫ লক্ষ টাকা প্রতিমা ও মন্দপ শিল্পি রাজ্যের বলে জানান ক্লাবের কোষাধ্যক্ষ তিনি আরোবলেন সমাজে যেই সব যুবকরা এখনো নেশার সাথে জড়িত তারা যেন মূল শ্রোতে ফিরে আসে। পূজা মন্ডপের সামনে থাকবে এই ধরনের সচেতন বার্তা যেখানে নেশা মানুষকে কতটা অন্ধকারের দিকে ঠেলে দিতে পারে তা থেকে মুক্তির পথ একটাই আসুন সবাই মিলে হাতে হাত মিলিয়ে নেশার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করি। এবারের পুজো অভয়নগরের নিউজটার ক্লাবের এটাই হবে মূল বার্তা।



# রাজ্যভিত্তিক ব্যাডমিন্টন প্রতিযোগিতায় পশ্চিম জেলার শাটলারদের জয়জয়কার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।। ত্রিপুরা ব্যাডমিন্টন এসোসিয়েশন আয়োজিত অনূর্ধ ১১ এবং অনূর্ধ ১৩ বছর বয়সের বালক বালিকাদের মধ্যে রাজ্যভিত্তিক ব্যাডমিন্টন প্রতিযোগিতায় পশ্চিম জেলার খেলোয়াড়দের সাফল্য বেশ নজর কেড়েছে। অনূর্ধ ১৩ বছরের বালক দের মধ্যে বিজয়ী ধলাই জেলার ইমন দেববর্মা। সে পরাজিত করেছে গোমতী জেলার প্রীত দীপ দাস কে। খেলার ফল ২১-১০, ২৩-২১। অনূর্ধ ১১ বছরের বালিকা দের মধ্যে বিজয়ী পশ্চিম জেলার ঈপ্সিতা চক্রবর্তী, সে পরাজিত করেছে পশ্চিম জেলার অঙ্কিতা শর্মা কে। খেলার ফল ২১-১৮, ২১-১৭। অনূর্ধ ১৩ বৎসরের বালিকা দের মধ্যে বিজয়ী পশ্চিম জেলার অদৃজা দে। সে পরাজিত করেছে দক্ষিণ জেলার কথিকা সাহা কে। খেলার ফল ২১-১০, ২১-৮। অনূর্ধ ১৩ বৎসর বালিকা দের ডাবলস এ বিজয়ী হয়েছে পশ্চিম জেলার অদ্রিজা দে এবং ঈশা ইয়াসমিতা। ওরা পরাজিত করেছে ধলাই জেলার সাইনা চক্রবর্তী এবং ঈপ্সিতা চক্রবর্তী (পশ্চিম জেলা) জুটি কে। তিন সেটের লড়াই খেলার ফল ২১-১৪, ১৯-২১ এবং ২১-১৪। অনূর্ধ ১৩ বালক দের ডাবলস এ বিজয়ী হয় ধলাই জেলার ইমন দেববর্মা ও পার্থ শর্মা জুটি। ওরা পরাজিত করে গোমতী জেলার প্রীতদীপ দাস ও রাতুল দাস জুটি কে। খেলার ফল ২১-১২,২১-১৪। অনূর্ধ ১১ বৎসর বয়সী বালক দের মধ্যে বিজয়ী হয়েছে পশ্চিম জেলার হংসিত রাপেলি। সে পরাজিত করেছে পশ্চিম জেলার সৌরভ সাহা কে। খেলার ফল ২১-৪, ২১-৪।

*সন্তোষ ট্রফি ফুটবল, এফ-গ্রুপ*

| দল | ম্যা: | জ: | ড্র: | প: | গোল | প: |
|---|---|---|---|---|---|---|
| মহারাষ্ট্র | ২ | ২ | ০ | ০ | ১২-০ | ৬ |
| ত্রিপুরা | ২ | ১ | ১ | ০ | ১-০ | ৪ |
| তেলেঙ্গানা | ২ | ০ | ২ | ০ | ০-০ | ২ |
| অন্ধ্রপ্রদেশ | ২ | ০ | ১ | ১ | ০-১ | ১ |
| লাক্ষাদ্বীপ | ২ | ০ | ১ | ১ | ০-৪ | ১ |
| আন্দামান | ২ | ০ | ১ | ১ | ০-৮ | ১ |

# ভিনু মানকড় ট্রফি ক্রিকেটে ত্রিপুরা আজ ইউ.পি-র মুখোমুখি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।। শক্তিশালী উত্তর প্রদেশের মুখোমুখি আগামীকাল ত্রিপুরা। অনূর্ধ-১৯ ভিনু মানকড় ট্রফি ক্রিকেটে। দিল্লির এয়ারফোর্স মাঠে হবে ম্যাচটি। আপাতত দুই দলই দুটি করে ম্যাচ খেলে নিয়েছে। উত্তর প্রদেশ দুই ম্যাচ খেলে দুটি ম্যাচে জয় পেলেও ত্রিপুরা জয় পেয়েছে ১ টি ম্যাচে। ফলে শক্তির বিচারে আগামীকাল এগিয়ে থেকেই মাঠে নামবে উত্তর প্রদেশ। ত্রিপুরার বোলাররা অনেকটা ভালো বল করলেও দুশ্চিন্তায় রেখেছেন ব্যাটসম্যান-রা।দুর্বল মিজোরামের বিরুদ্ধে দুই ওপেনার দেবাংশু দত্ত এবং দ্বীপজয় দেব কিছুটা সাফল্য পেলেও দলের অন্যদের চূড়ান্ত ব্যর্থতায় চাপে পড়ে গিয়েছিলো ত্রিপুরা। প্রথম ৩ ম্যাচের জন্য গঠিত হয়েছিলো ত্রিপুরা দল। ফলে দীপঙ্কর ভাটনাগরদের সামনে হয়তোবা শেষ সুযোগ। আজ ব্যাট হাতে রান না পেলে সম্ভবত ছাটাই হতে পারে। ফলে আগামীকাল দায়িত্ব নিয়ে ব্যাট করতে হবে প্রথম দুই ম্যাচে সাফল্য না পাওয়া ব্যাটসম্যানদের। দুদলই রবিবার শেষ প্রস্তুতি সেরে নেয়। ত্রিপুরা দলে দু-একটি পরিবর্তন হতে পারে বলে টিম ম্যানেজমেন্ট সূত্রে জানা গেছে। তবে কাদের পরিবর্তন করা হবে তা নিয়ে মুখ খুলতে নারাজ।

# সন্তোষ ট্রফি : টানা জয়ের লক্ষ্যে ত্রিপুরা আজ আন্দামানের মুখোমুখি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।। ত্রিপুরা দলের ফুটবলাররা যেন কালো ঘোড়া। উদ্বোধনী ম্যাচে অন্ধ্রপ্রদেশকে হারিয়ে তাঁদের মনোবল এখন যথেষ্ট তুঙ্গে। মহারাষ্ট্রের কোলাপুরে শুক্রবার থেকে শুরু হয়েছে সন্তোষ ট্রফি ফুটবল টুর্নামেন্টের এফ-গ্রুপের খেলা। ইতোমধ্যে ৮ অক্টোবর থেকে টুর্নামেন্ট শুরু হয়েছে। সারাদেশের ৩৬ টি দলের মধ্যে এই টুর্নামেন্ট। ছটি গ্রুপে খেলা। প্রতিটি গ্রুপে ছয়টি করে দল। গ্রুপ পর্যায়ে খেলার পর প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ দুটো দলকে নিয়ে হবে মূল পর্বের খেলা। শুক্রবারে এফ গ্রুপের প্রথম খেলায় মহারাষ্ট্র ৮-০ গোলের ব্যবধানে আন্দামানকে পরাজিত করেছিল। দ্বিতীয় ম্যাচে ত্রিপুরা ন্যূনতম গোলে জয় পায় অন্ধ্রপ্রদেশকে হারিয়ে। বিকেলে তৃতীয় খেলায় তেলেঙ্গানা ও লাক্ষা দ্বীপের মধ্যে ম্যাচটি গোলশূন্য অবস্থায় ড্র তে শেষ হয়েছে। আগামী কাল সকাল সাড়ে আটটায় মহারাষ্ট্র ও লাক্ষাদ্বীপ পরস্পরের মুখোমুখি হবে।

বেলা ১১ঃ৩০ টায় তেলেঙ্গানা খেলবে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে। বিকেল সাড়ে তিনটায় দিনের তৃতীয় খেলায় আন্দামান ও নিকোবরের বিরুদ্ধে ত্রিপুরার ছেলেরা মাঠে নামবে। উল্লেখ্য, ইতোমধ্যে গ্রুপ-এ থেকে কেরালা, গ্রুপ-বি থেকে দিল্লী, গ্রুপ-সি থেকে মনিপুর এবং গ্রুপ-ডি থেকে আসাম মূল পর্বের লক্ষ্যে এগিয়ে রয়েছে।

# সন্তোষ ট্রফিতে অপরাজেয় ত্রিপুরা মূল পর্বের লক্ষ্যে গ্রুপ রানার্স বহাল

## ত্রিপুরা: ০ আন্দামান: ০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।। সন্তোষ ট্রফিতে অপরাজেয় ত্রিপুরা। প্রথম ম্যাচে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে ন্যূনতম গোলে জয় পাওয়ার পর দ্বিতীয় ম্যাচে আজ অনেকটাই প্রত্যাশা ছিল অন্ততপক্ষে আন্দামানকেও হারাবে ত্রিপুরা। কেননা আন্দামান তাঁদের প্রথম ম্যাচে আয়োজক মহারাষ্ট্রের কাছে শুন্য-আট গোলে হেরে তালিকায় একেবারে নিচে অবস্থান করে মনের দিক থেকে অনেকটা ভেঙ্গে পড়েছিল। তবে এটা সত্যি, ত্রিপুরার ভাগ্য অনেকটাই সুপ্রসন্ন, কেননা গ্রুপ-এফ এ তেলেঙ্গানা এবং অন্ধ্রপ্রদেশের ম্যাচটিও গোলশূন্য ড্র তে নিষ্পত্তি হয়েছে। সকাল সাড়ে আটটায় প্রথম ম্যাচে অবশ্য মহারাষ্ট্র ৪-০ গোলে লাক্ষাদ্বীপকে পরাজিত করে টানা জয়ের ধারা অব্যাহত রেখেছে। স্বাভাবিক কারণে দ্বিতীয় রাউন্ডের খেলা শেষে এফ-গ্রুপে ত্রিপুরা এখনও দ্বিতীয় শীর্ষে অবস্থান করছে।

উল্লেখ্য, এই স্থানটি অটুট রাখতে পারলে মুল পর্বে খেলার ছাড়পত্র হাতে আসতে পারে। মহারাষ্ট্রের কোলাপুরে ছত্রপতি সাউ স্টেডিয়ামে ৭৭ তম সন্তোষ ট্রফি জাতীয় ফুটবল আসরে ত্রিপুরা ও আন্দামান-নিকোবরের খেলাটি গোলশূন্য অবস্থায় ড্র তে নিষ্পত্তি হয়েছে। দু-দল এক-এক করে পয়েন্ট ভাগ করে নিয়েছে। একই অবস্থা তেলেঙ্গানা ও অন্ধ্রপ্রদেশের মধ্যে। গোলশূন্য ড্র-এর সুবাদে দু-দল এক-এক করে পয়েন্ট ভাগাভাগি করে পেয়েছে। ত্রিপুরা দলের পরবর্তী ম্যাচ তেলেঙ্গানার বিরুদ্ধে, আগামী ১৭ অক্টোবর বেলা ১১ঃ৩০ টায়।

# অনূর্ধ-১৯ জাতীয় মহিলা ক্রিকেটে শেষ ম্যাচে আজ ত্রিপুরা - ছত্তিশগড়ের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।। আসরের শেষ ম্যাচ খেলতে মাঠে নামবে আগামীকাল ত্রিপুরা। প্রতিপক্ষ ছত্তিশগড়। অনূর্ধ-১৯ বালিকাদের একদিবসীয় ক্রিকেটে। দেরাদুনের ইমেরাল্ড হাইট ইন্টারম্যাশনাল স্কুল মাঠে হবে ম্যাচটি। আপাতত দুদলই ৪ টি করে ম্যাচ খেলে নিয়েছে। দু-দলই জয় পেয়েছে ১ টি করে ম্যাচ। ৪ পয়েন্ট পেয়ে রান রেটে আপাতত চতুর্থ স্থান রয়েছে ছত্তিশগড়।

সোমবার যে দলই জয় পাবে সেই দলই গ্রুপে চতুর্থ স্থান পেয়ে যাবে। রবিবার দু-দলই শেষ প্রস্তুতি সেরে নেয়। আসরে ত্রিপুরাকে ভুগিয়েছে ব্যাটসম্যান-রা। শেষ ম্যাচে কী জ্বলে উঠতে পারবেন ত্রিপুরার ওই নবাগত মেয়েরা? রবিবার প্রায় আড়াই ঘন্টা অনুশীলন করেন রিফু দেববর্মা-রা। অনুশীলনে ব্যাটসম্যানদের উপরই বেশী জোড় দেন কোচ শ্রাবণী দেবনাথ। আসরের শেষ ম্যাচে জয় পাওয়া নিয়ে আশাবাদী ত্রিপুরার শিবির। অন্তত ক্রিকেটারদের শারীরিক ভাষা তাই বলছে। কোচ শ্রাবণী দেবনাথের গলায়ও অনেকটা আত্মবিশ্বাসের সুর। তবে জয় পেতে ব্যাটসম্যানদের গুরু দায়িত্ব নিতে হবে, তা স্পষ্টভাবে জানিয়ে দেন।

# দিল্লিতে সুব্রত মুখার্জি কাপ ফুটবলে গোয়ার কাছে হেরে পিছিয়ে ত্রিপুরা

## গোয়া: ১ ত্রিপুরা: ০

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।। জয়ের ধারা অব্যাহত রাখতে পারেনি ত্রিপুরার জুনিয়র ফুটবলাররা। খেলা চলছে দিল্লিতে ৬২ তম জুনিয়র বালক অনূর্ধ ১৭ সুব্রত মুখার্জি কাপ ফুটবল টুর্নামেন্ট। শনিবার প্রথম ম্যাচে ত্রিপুরা মিজোরামের সৈনিক স্কুল কে দুর্দান্তভাবে ৪-১ গোলে পরাজিত করে দ্বিতীয় ম্যাচের জন্য মনোবল বাড়িয়ে নিয়েছিল। কিন্তু আজ, রবিবার দ্বিতীয় ম্যাচে গোয়ার স্কুল দলের কাছে ০-১ গোলে হেরে অনেকটাই নিরাশ হয়েছে। কেননা আগামীকাল ও পরশু আরও দুটো গ্রুপ লীগের ম্যাচ রয়েছে যথাক্রমে আসাম ও হরিয়ানার বিরুদ্ধে। দুটো দল-ই আপাতত জয়ের মধ্যে রয়েছে এবং গ্রুপ লীগে তালিকার উপরে স্থান করে নিয়েছে। উল্লেখ্য, প্রতিটি গ্রুপ থেকে শীর্ষ দল একটি কোয়ার্টার ফাইনালে খেলার ছাড়পত্র পাবে। বলাবাহুল্য, সদ্য সমাপ্ত সাব জুনিয়র বালক বিভাগে অনূর্ধ ১৪ ফুটবল টুর্নামেন্টে ত্রিপুরা দল কোয়ার্টার ফাইনাল পর্যন্ত খেলেছে। লীগ পর্যায়ের খেলায় পরপর তিন ম্যাচে জয়ী হয়ে চ্যাম্পিয়নের স্বীকৃতি পেয়ে কোয়ার্টার ফাইনালে খেলার ছাড়পত্র পেয়েছিল। শেষ আটের লড়াইয়ে ঝাড়খণ্ডের কাছে ন্যূনতম গোলে হেরে বিদায় নিতে হয়েছে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021-2023


# রাজ্যে ২৪ ঘন্টায় ৪ কোটি ২০ লাখ টাকার নেশা সামগ্রী উদ্ধার, আটক নেশাকারবাসী

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৫ অক্টোবর।।** উত্তর জেলা পুলিশের হাতে সাড়ে চার কোটি টাকার ওপর ইয়াবা ট্যাবলেট সহ চালক গ্রেপ্তার। ঘটনার বিবরণে জানা যায়, গোপন সূত্রের ভিত্তিতে বাগবাসা থানার পুলিশ উৎপেতে বসেছিল। চলছিল একের পর এক তল্লাশি।পরে এন এল ০১ এল ৭১০৯ নম্বরের একটি লরি সিমেন্ট বোঝাই করে যাওয়ার সময় পুলিশ গাড়িটিতে তল্লাশি চালায়। লরির গোপন চেম্বার থেকে সাড়ে নয় হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার হয়েছে এদিন। যার মূল্য প্রায় সাড়ে চার কোটি টাকার অধিক বলে জানিয়েছেন উত্তর জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী। ঘটনায় লরি চালক দেবব্রত দে -কে পুলিশ গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ চালাচ্ছে। তার বাড়ি গোমতী জেলার উদয়পুরে। এনডিপিএস ধারা অনুযায়ী মামলা নিয়ে উত্তর জেলা পুলিশ জোড় তল্লাশি শুরু করেছে। ধারণা করা হচ্ছে বাঙালির মহোৎসব দুর্গাপূজা যত এগিয়ে আসছে এই সুযোগকে কাজে লাগিয়ে নেশা কারবারীরা রাজ্যে নেশার জাল ছড়িয়ে একটা বিশাল অংক কামাই করার পরিকল্পনা নিয়ে রেখেছে। পুলিশ সেই পরিকল্পনার বিরুদ্ধে কতটা কঠোর হতে পারে সেটাই দেখার এখন।

এদিকে, নেশা বিরোধী অভিযানে চুড়াইবাড়ি থানা এবং ধর্মনগর মহকুমা পুলিশ আধিকারিকের যৌথ অভিযানে সাফল্য মিলেছে। ২০ লক্ষ টাকার হেরোইন সহ গ্রেপ্তার এক। উল্লেখ্য উত্তর জেলায় তৎপরতার সাথে নেশা বিরোধী অভিযান অব্যাহত রেখেছে পুলিশ। তাই প্রতিদিন উত্তর জেলার কোন না কোন জায়গা থেকে নেশা কারবারীরা পুলিশের জালে ধরা পড়ছে। শনিবার রাতে গোপন সূত্রে ভিত্তিতে চুরাইবাড়ি থানার ওসি সমরেশ দাসের নেতৃত্বে এবং ধর্মনগর পুলিশ আধিকারিক দেবাশীষ সাহার যৌথ অভিযানে একটি স্কুটিকে আটক করে পুলিশ। স্কুটিটি আসাম থেকে ত্রিপুরায় আসছিল বলে জানা গেছে। এর নাম্বার টিআর০৫-বি-৮২২৩। চুড়াইবাড়ি থানার সামনে আসতেই স্কুটিটিকে আটক করে তল্লাশিতে পাঁচটি সাবানের কেইসে ১০৫ কৌটা হেরোইন পাওয়া যায় যার মধ্যে ১৯২ গ্রাম হেরোইন ছিল। উত্তর জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী জানিয়েছেন এই হেরোইনের কালোবাজার মূল্য ২০ লক্ষ টাকা।এদিকে স্কুটি চালক বাহার উদ্দিন(৩২) কে আটক করা হয়েছে। তার বাড়ি চুড়াইবাড়ি থানাধীন শনিছড়া গ্রাম পঞ্চায়েত এলাকায়। এনডিপিএস ধারায় মামলা নিয়ে জিজ্ঞাসাবাদ চলছে।

অপরদিকে, আসন্ন দুর্গাপূজা কে সামনে রেখে ধর্মনগর থানার পুলিশ প্রতিদিন নেশা বিরোধী অভিযান অব্যাহত রেখেছে। রবিবার সকালে ধর্মনগরের আনন্দবাজার রাজনগর এলাকায় নেশা বিরোধী অভিযান চালায় ধর্মনগর থানার পুলিশ।

এদিকে ধর্মনগর থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ নাড়ু গোপাল দে জানিয়েছেন যে দুর্গাপূজাকে সুন্দর এবং সুষ্ঠু করে তুলতে এই নেশা বিরোধী অভিযান। যাতে কেউ নেশাদ্রব্য পান করে বিশৃঙ্খলা সৃষ্টি না করে পূজার আনন্দে, সেদিকে লক্ষ্য রেখে এই নেশা বিরোধী অভিযান বলে তিনি জানিয়েছেন। এই নেশা বিরোধী অভিযানে নেমে ধর্মনগর থানার পুলিশ রাজনগর এলাকায় ৪০ থেকে ৫০ টি বাড়িতে অভিযান চালায়। অভিযানে বিভিন্ন বাড়ির ঘরের ভিতর থেকে এবং জঙ্গল থেকে দেশীয় চোলাই মদ,মদ বানানোর যে সমগ্রী সেগুলো ধ্বংস করে। এদিকে ধর্মনগর থানার অফিসার ইনচার্জ নাড়ু গোপাল দে জানান এই নেশা বিরুদ্ধে অভিযান করায় যে জিনিস ধ্বংস করা হয়েছে তার বাজার মূল্য আনুমানিক ৫ লক্ষ টাকা হবে। তবে উল্লেখ্য এদিনের অভিযানে একজনও নেশা কারবারিকে আটক করতে পারেনি ধর্মনগর থানার পুলিশ।

# সেবার মানসিকতা নিয়ে রাজ্য সরকার কাজ করছে ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।।** মানুষের সেবা করাই বর্তমান সরকারের মূল মন্ত্র। রাজ্য সরকার সেবার মানসিকতা নিয়েই কাজ করছে। আজ আইজিএম চৌমুহনিস্থিত যক্ষা অ্যাসোসিয়েশন হলে লিগ্যাল সেল আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রক্তদান হচ্ছে মহৎ দান। একজন রক্তদাতা একজন মুমূর্ষু মানুষের জীবন বাঁচাতে পারেন। তাছাড়াও তার দান করা রক্ত পৃথকীকরণের মাধ্যমে আরও তিন চারজন মানুষের জীবনও বাঁচানো যায়। বিধানসভা নির্বাচনের সময় রাজ্যে রক্তের কিছুটা ঘাটতি দেখা দিলেও বর্তমানে স্বেচ্ছা রক্তদানের ক্ষেত্রে মানুষ সচেতন হয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন, রক্তের কোনও ধর্ম নেই। নিজের পরিবারের মানুষের মধ্যে অনেক সময় রক্তের মিল থাকে না। কিন্তু অপরিচিতের সাথে রক্তের মিল খুঁজে পাওয়া যায়। এথেকেই প্রমাণিত হয় আমরা সবাই এক।

রক্তদানের মাধ্যমে অন্যের জীবন বাঁচানো যেমন সম্ভব পাশাপাশি রক্তদান করলে নিজের মধ্যে এক আত্মিক অনুভূতির জন্ম হয়। মুখ্যমন্ত্রী বলেন, জনসংখ্যার নিরিখে কোনও রাজ্যে ১ শতাংশ রক্তের ইউনিট মজত রাখতে হয়। সেই অনুযায়ী রাজ্যে বছরে প্রায় ৪০ হাজার ইউনিট রক্তের প্রয়োজন। প্রয়োজনীয় রক্ত এখন রক্তদানের মাধ্যমেই পূরণ করা যাচ্ছে। রাজ্যে ব্লাডব্যাঙ্ক রয়েছে ১৪টি। সরকারিভাবে ১২টি এবং বেসরকারিভাবে ২টি। ব্লাড কম্পোনেন্ট সেপারেশন ইউনিট রয়েছে ৬টি। মুখ্যমন্ত্রী উপস্থিত আইনজীবীদের উদ্দেশ্যে বলেন, আইনজীবীদের নিজেদের পেশার মাধ্যমে সমাজের সেবা করার বিরাট সুযোগ রয়েছে। স্বচ্ছ কর্মসূচির মাধ্যমেই মানুষের বিশ্বাস অর্জন করা সম্ভব। সমাজে সবাই নিজ পেশার মধ্যে থেকেও মানুষের জন্য সেবামূলক কর্মসূচি চালিয়ে যাওয়া প্রয়োজন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও বলেছেন, মানুষের কাছে পৌঁছাতে পারলেই মানব জীবনের স্বার্থকতা আসে।

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডা. অশোক সিনহা। তাছাড়াও বক্তব্য রাখেন সমাজসেবী রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন আইনজীবী বিশ্বজিৎ দেব।

# রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ কেন্দ্রীয় রসায়ন প্রতিমন্ত্রীর



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।।** রাজভবনে রাজ্যপাল সত্যদেও নারাইন আর্যের সাথে আজ কেন্দ্রীয় রসায়ন ও সার প্রতিমন্ত্রী ভগবন্ত খুবা এক সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন।

রাজভবন থেকে এ সংবাদ জানানো হয়েছে।

এদিকে, কেন্দ্রীয় রসায়ন ও সার, নতুন এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী ভগবন্ত খুবা* আজ সকালে ঊনকোটি জেলা সদর কৈলাশহর সফর করেন। তিনি প্রত্নভূমি ঊনকোটি পর্যটনস্থলটি পরিদর্শন করেন। এখানকার পাহাড়ের গায়ে খোদিত মুর্তি ও স্থাপত্য-ভাস্কর্য তিনি ঘুরে ঘুরে দেখেন।

তিনি শৈবতীর্থ ঊনকোটির ইতিহাস- কিংবদন্তি, ভারতীয় প্রত্নতত্ব বিভাগের দ্বারা গৃহীত উন্নয়ন কর্মধারা সম্পর্কে অবহিত হন।

পরিদর্শনকালে তাঁর সাথে ছিলেন, ঊনকোটি জেলা প্রশাসনের বরিষ্ঠ উপ-সমাহর্তা কমলেশ ধর, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জমাতিয়া প্রমুখ আধিকারিকরা।

পরিদর্শন শেষে সংবাদমাধ্যমকে দেওয়াএক একান্ত সাক্ষাৎকারে কেন্দ্রীয় মন্ত্রী ভগবন্ত খুবা বলেন, ঊনকোটির মুর্তি,প্রত্নতাত্বিক নিদর্শন ও এখানকার পরিবেশ খুব-ই মনোমুগ্ধকর।

ভারতীয় প্রাচীন ঐতিহ্যের সাক্ষ্য বহন করে প্রত্ন ও পর্যটনের রম্যভূমি ঊনকোটি বলে তিনি মন্তব্য করেন।

# রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের পথ সঞ্চালন র‍্যালি অনুষ্ঠিত ধর্মনগরে

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৫ অক্টোবর।।** ধর্মনগরের বিবিআই মাঠ থেকে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের পথ সঞ্চালন শুরু হয়েছে। এই পথ সঞ্চালনকে কেন্দ্র করে ধর্মনগরে এদিন ছিল সকাল থেকেই উন্মাদনা। রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সদস্যরা দলে দলে তাদের লাঠি এবং নির্দিষ্ট পোশাকে বিবিআই মাঠে তিনটা ১৫ মিনিটে জমা হয়েছেন এদিন। চারটায় শুরু হয় বিশাল পথ সঞ্চালনের র‍্যালি। এই র‍্যালিকে অভ্যর্থনা জানাতে রাস্তার দুধারে দলে দলে লোক কাশি ঘন্টা উলুধ্বনি দিয়ে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের বীরদের অভ্যর্থনা জানিয়েছেন এদিন। তাদেরকে অভ্যর্থনা জানাতে অঙ্গনওয়াড়ি কর্মচারী সংঘ, রাষ্ট্রীয় স্বয়ংসেবিকা সংঘ, দুর্গা বাহিনী, একল অভিযান, মাতৃ শক্তি, মহিলা মোর্চা এবং মহিলা সমন্বয় সংস্থার লোকেরা দলে দলে ভিড় জমায়। এই পথ সঞ্চালন বি বি আই মাঠ থেকে শুরু হয় থানা রোড, ডি এন ভি রোড, পূর্ব বাজার, এগিয়ে চলো ক্লাব, মোটর স্ট্যান্ড, জেল রোড, মিশন রোড, ডি ডব্লিউ এস অফিস এবং সেন্ট্রাল রোড হয়ে পুনরায় বিবিআই মাঠে মিলিত হয়েছে। এক সাড়া জাগানো র‍্যালির মাধ্যমে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের এই পথ সঞ্চালনের সমাপ্তি ঘটে এদিন।

# দুর্গোৎসবের প্রাককালে আটক দুই অবৈধ বাংলাদেশী অনুপ্রবেশকারী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।।** দুর্গোৎসবের প্রাককালে আটক দুই অবৈধ বাংলাদেশী অনুপ্রবেশকারী। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে শনিবার গভীররাতে তাদের আটক করেছে পুলিশ। মিজানুর রহমান ও মোহাম্মদ আসিফ নামে দুই বাংলাদেশি অনুপ্রবেশকারী যুবককে এদিন আটক করেছে পূর্ব থানার পুলিশ। রাজধানীর চন্দ্রপুর এলাকা থেকে তাদের আটক করা হয়েছে বলে জানা গেছে। কি কারনে তারা এদেশে এসেছে তার তদন্তে নেমেছে পুলিশ। রবিবারই তাদের পুলিশ রিমান্ডের আবেদন জানিয়ে আদালতে তোলা হয়েছে বলে জানিয়েছেন পূর্ব থানার ওসি রানা চ্যাটার্জী। তাদের জিজ্ঞাসাবাদে বাকি তথ্যও বেরিয়ে আসতে পারে বলে ধারণা করা হচ্ছে।

# করিমগঞ্জের গিরিশগঞ্জে বাজেয়াপ্ত অবৈধ মদ সহ অটোরিকশা

**করিমগঞ্জ (অসম), ১৫ অক্টোবর (হি.স.) :** দুর্গাপূজার প্রাক্কালে ভারত-বাংলাদেশ সীমান্ত এলাকা গিরিশগঞ্জ থেকে বিপুল পরিমাণের বিদেশি মদ সহ দুই পাচারকারীকে আটক করেছে পুলিশ। এর সঙ্গে বাজেয়াপ্ত করা হয়েছে মদ পাচারে ব্যবহৃত এএস ১০ এসি ০২০১ নম্বরের একটি অটো রিকশা।

গোপন খবরের ভিত্তিতে গতকাল শনিবার রাতে অভিযানে নেমে সাফল্য লাভ করেছে গিরিশগঞ্জ পুলিশ। পুলিশের হাতে ধৃত দুই মদ পাচারকারীকে জাকির হুসেন ও আলতাফ হুসেন বলে পরিচয় পাওয়া গেছে। জানা গেছে, দুই পাচারকারী করিমগঞ্জ থেকে একটি অটো রিকশায় মদের কার্টুনগুলি সীমান্তবর্তী গ্রামে নিয়ে যাওয়ার পথে পুলিশ তাদের আটক করে। আজ রবিবার পুলিশের জনৈক আধিকারিক জানান, দুই পাচারকারীকে আটক করে তাদের বিরুদ্ধে আবগারি আইনের অধীনে মদ পাচারের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে গ্রেফতার করা হয়েছে।

## এপিজে আবদুল কালামের ৯৩ তম জন্ম দিবস

# বৃদ্ধাশ্রমে, অনাথ আশ্রমে খাদ্য সামগ্রী বিতরণ



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ অক্টোবর।।** ১৫ অক্টোবর ভারতরত্ন ,প্রাক্তন রাষ্ট্রপতি ডক্টর এপিজে আব্দুল কালামের ৯৩ তম জন্মদিন। এই জন্মদিন উপলক্ষে গোটা রাজ্যের বিভিন্ন প্রান্তে অনাথ আশ্রম , বৃদ্ধাশ্রম ও মাদ্রাসায় খাদ্য সামগ্রী , বস্ত্র সহ বিভিন্ন ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়। জালাল খেদমত আল ইনসান ফাউন্ডেশন এই আয়োজন করেছে। আগরতলা , বিশালগড় ও কৈলাশহরে এই কর্মসূচি পালন করা হয়। আগরতলা বড়জলা আপনা ঘর বৃদ্ধাশ্রমে ৬০ জন বৃদ্ধা মায়েদের জন্য নিত্য প্রয়োজনীয় বিভিন্ন খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয় আশ্রম কতৃপক্ষের হাতে। সেখানে উপস্থিত ছিলেন ওএনজিসি ফাস্ট লেডি হার্শিনি কানহেকার, বিশিষ্ট সমাজ সেবি অসীম ভট্টাচার্য ও জালাল খেদমত আল ইনসান ফাউন্ডেশনের চেয়ারম্যান আলী আশ্রব মিয়া ওরফে জালাল মিয়া সহ আরো অনেকে। সেখানে প্রত্যেক বৃদ্ধা মাকে ফুলের তোরা দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এরপর আগরতলা আমতলী স্থিত অনাথ আশ্রমে অনাথ শিশুদের মধ্যে মিষ্টি বিতরণ এবং কয়েজন বৃদ্ধা মায়ের হাতে বস্ত্র তুলে দেওয়া হয়। বিশালগড় মাদ্রাসা ছাত্রদের হাতে তুলে দেওয়া হয় টুপি এবং বস্ত্র। কৈলাশহর টিলা বাজার এলাকায় দরিদ্র অংশের পুরুষ ও মহিলাদের হাতে তুলে দেওয়া হয় শাড়ি এবং লঙ্গী। এই ভাবে দিনভর নানা সামাজিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে মিসাইলম্যানের জন্ম দিনটি উৎযাপিত হয়। আগামি দিনে এই ধরনের কর্মকাণ্ড আরো বৃহৎ আকারে নিয়ে যাওয়ার ইচ্ছা রয়েছে বলে জানান ফাউন্ডেশন এর চেয়ারম্যান আলী আস্রব মিয়া ওরফে জালাল মিয়া।

# তেলিয়ামুড়ায় অবৈধ পার্কিং বন্ধ করতে পুলিশের তৎপরতা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৫ অক্টোবর।।** তেলিয়ামুড়া শহরের উপর জাতীয় সড়কে অবৈধ পার্কিং বন্ধ করতে এবং শহরকে যানজট মুক্ত রাখতে পুলিশ ও ট্রাফিক দপ্তর যৌথভাবে অভিযান সংঘঠিত করে রবিবার। তেলিয়ামুড়া থানার ওসি আধিকারিক সুব্রত চক্রবর্তীর নেতৃত্বে পুলিশ ও ট্রাফিক পুলিশের বিশাল বাহিনী রবিবার সকালে অভিযানে নামে। অভিযানের সময় গাড়ি, বাইক,টমটম চালকদের সাথে কথা বলে জাতীয় সড়ককে যেন সম্পূর্ন যানজট মুক্ত করা যায় এই কাজে পুলিশ প্রশাসনকে সাহায্য করতে আহ্বান জানান। এখন থেকে তেলিয়ামুড়া মূল বাজার এলাকায় কোন ধরনের অটো, টমটম দাড় করানো যাবেনা। তাদেরকে অস্থায়ীভাবে পুরাতন তেলিয়ামুড়া হাসপাতাল এর মাঠে গাড়ি পার্কিং করার নির্দেশ দেওয়া হয়েছে অন্যথায় আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে। এই বিষয়ে বলতে গিয়ে ওসি সুব্রত চক্রবর্তী জানান যে শহর কে

☞ ৬ এর পাতায় দেখুন

# কৈলাশহর ভেনাস ক্লাবের উদ্যোগে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ১৫ অক্টোবর।।** শহরের ঐতিহ্যবাহী ভেনাস ক্লাবের উদ্যোগে রবিবার কৈলাশহর টাউন কালীবাড়ি প্রাঙ্গনে এক স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয় রবিবার। আসন্ন দুর্গাপূজাকে সামনে রেখেই আজকের এই স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করে ভেনাস ক্লাব। এ বছর ৫১ বছরে পা দিয়েছে কৈলাশহরের ভেনাস ক্লাব। প্রতিবছরের ন্যায় এ বছরও ভেনাস ক্লাব দুর্গাপূজার আয়োজন করেছে। প্রতি বছরই বড় মাপের পূজা করে থাকে ভেনাস ক্লাব। প্রদীপ প্রজ্জলন করে আজকের এই স্বেচ্ছায় রক্তদান শিবিরের উদ্বোধন করেছেন কৈলাশহর পুরপরিষদের চেয়ারপার্সন চপলা রানী দেব রায়। এছাড়াও এদিন উপস্থিত ছিলেন কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, অতিরিক্ত মহকুমা শাসক নবকুমার জামাতিয়া, কৈলাশহর পুরপরিষদের ভাইস চেয়ারপারসন নীতিশ দে, কৈলাশহর পুরপরিষদের ১৭ নং ওয়ার্ডের কাউন্সিলর সিকিম সিনহা, কৈলাশহর ব্লাড ডোনার্স এসোসিয়েশনের সদস্য অনুপম পাল, কৈলাশহর বিজেপি মন্ডলের মন্ডল সভাপতি সিদ্ধার্থ দত্ত, বিশিষ্ট সমাজসেবী উত্তম দে থেকে শুরু করে আরো অনেকে। আজকের এই স্বেচ্ছায় রক্তদান শিবিরে পুরুষ এবং মহিলা মিলে মোট ২১ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেছেন।

# মহালয়া উপলক্ষ্যে আরতি ও পরিক্রমা

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১৫ অক্টোবর।।** দেবীপক্ষের শুচনায় শুভ মহালয়ার সন্ধ্যায় তেলিয়ামুড়া প্রোগ্রেসিভ ইউথ ক্লাবের গংগা আরতি ও পরিক্রমা। শারদীয়া দুর্গোৎসব এর অংগ হিসেবে তেলিয়ামুড়া প্রাচীন ও বনেদি ক্লাব প্রোগ্রেসিভ ইউথ ক্লাব বিভিন্ন কর্মশুচী গ্রহন করে। এরই অংগ হিসেবে মহালয়ার সন্ধ্যায় ক্লাবের পুজো আয়োজন প্রাংগনে এলাকার মহিলাদের দ্বারা গংগা আরতি এবং পরিক্রমা করা হয়। এদিন এলাকার মহিলারা সন্ধ্যায় শাস্ত্রীয় বিধি অনুসারে গংগা আরতি ও জল সংগ্রহ করে। আরতি শেষে মহিলারা ক্লাব এলাকার হাতে প্রদ্বীপ নিয়ে পরিক্রমা করেন। এই পরিক্রমায় তাদের সাথে ক্লাবের সম্পাদক, সভাপতি সহ অন্যান্য সদস্য এবং এলাকাবাসীরাও পা মেলান। পরিক্রমা শেষে পুজো প্রাংগনে মহিলাদের মধ্যে এক

☞ ৬ এর পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।